উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বীমা শিল্পে অধিকতর স্বচ্ছতা আনয়ন, পলিসিহোল্ডার ও শেয়ারহোল্ডারদের সুবিধার্থে লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী/ কর্পোরেশনের বার্ষিক প্রতিবেদনে Key Financial Indicators শিরোনামে তথ্যাদি সন্নিবেশনের বিষয়ে আলোচনার জন্য বিগত ৫ ও ৬ই জুন ২০১৬ ইং তারিখে কর্তৃপক্ষের সম্মেলনকক্ষে লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী/ কর্পোরেশন সমূহের মুখ্য নির্বাহী কর্মকর্তা/ ব্যবস্থাপনা পরিচালক, সিএফও ও কোম্পানী/ কর্পোরেশনের অডিটরদের সাথে ০২ (দুই) টি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভাসমূহে বার্ষিক প্রতিবেদনে Financial Indicators সম্পর্কিত তথ্য সন্নিবেশন বিষয়ে বিস্তারিত আলোচনার পর উক্ত বিষয়ে প্রয়োজনীয় সুপারিশমালা প্রদানের জন্য দেশের বীমা বিশেষজ্ঞ ও সাধারণ বীমা কর্পোরেশনের চেয়ারম্যান জনাব ড. মোহাম্মদ সোহরাব উদ্দিন একচ্যুয়ারিকে আহ্বায়ক করে পাঁচটি লাইফ ইন্স্যুরেন্স কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তার সমন্বয়ে ০৬ (ছয়) সদস্যবিশিষ্ট একটি কমিটি সর্বসম্মতিক্রমে গঠন করা হয় (কমিটি গঠন সংক্রান্ত পত্র সংযুক্ত)। পরবর্তীতে গঠিত কমিটি তাদের সুপারিশমালা কর্তৃপক্ষ বরাবর দাখিল করে।

২। গঠিত কমিটির সুপারিশমালা অনুযায়ী Key Financial Indicators এর তালিকা, বিভিন্ন Items এর সংজ্ঞা ও বিভিন্ন Ratio এর Formula অত্র পত্রের সাথে সংযুক্ত করে প্রেরণ করা হল। উক্ত সংজ্ঞা ও Formula যথাযথভাবে অনুসরণপূর্বক Financial Indicators সমূহ নির্ধারণ করতে হবে।

৩। জীবন বীমা শিল্পে অধিকতর স্বচ্ছতা আনয়ন, বিভিন্ন তথ্যাদির অভিন্নতা বজায় রাখা, সর্বোপরি পলিসিহোল্ডার ও শেয়ারহোল্ডারদের সুবিধার্থে Key Financial Indicators শিরোনামে উল্লিখিত তথ্যাদি লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী/ কর্পোরেশনের বার্ষিক হিসাব প্রতিবেদনে প্রতিবছর সন্নিবেশন করার জন্য নির্দেশ প্রদান করা যাচ্ছে।

৪। উল্লেখ্য যে, ইতোমধ্যে কোন লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী ২০১৫ সালের বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করে থাকলে Key Financial Indicators সমূহ আলাদাভাবে ছাপিয়ে বার্ষিক হিসাব প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

**জুবের আহমেদ খাঁন**
সদস্য

## Annexure 1
## Key Financial Indicators

(Amount in million BDT unless otherwise stated)

| SR No | Particulars | Year | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | 2011 | 2012 | 2013 | 2014 | 2015 |
| 01 | First Year Premium Income | | | | | |
| 02 | Renewal Premium Income | | | | | |
| 03 | Group & Health Insurance Premium | | | | | |
| 04 | Gross Premium | | | | | |
| 05 | Re-insurance Premium | | | | | |
| 06 | Net Premium (4-5) | | | | | |
| 07 | Retention Ratio (6/4) (%) | | | | | |
| 08 | First Year Premium Income growth (%) | | | | | |
| 09 | Renewal Premium Income growth (%) | | | | | |
| 10 | Gross Premium Income growth (%) | | | | | |
| 11 | First year commissions paid for acquisition of life insurance business | | | | | |
| 12 | Second year commission paid for acquisition of life insurance business | | | | | |
| 13 | Third and Later Year Commissions paid for acquisition of life insurance business | | | | | |
| 14 | Total commissions paid for acquisition of life insurance business (11+12+13) | | | | | |
| 15 | First year Commissions/First Year Premium (%) | | | | | |
| 16 | Second Year Commissions/Second year Renewal Premium (%) | | | | | |
| 17 | Third year and Later Years Commissions /Third and Later year Premium (%) | | | | | |
| 18 | Management Expenses | | | | | |
| 19 | Allowable Management Expenses | | | | | |
| 20 | Excess Management Expenses (18-19) | | | | | |
| 21 | Excess Management Expense Ratio (%) | | | | | |
| 22 | Overall Management Expenses Ratio (%) | | | | | |
| 23 | Renewal Expenses Ratio (%) | | | | | |
| 24 | Claims Paid | | | | | |
| 25 | Claims/Gross Premium (%) | | | | | |
| 26 | Total Commission Expenses/Gross Premium (%) | | | | | |
| 27 | Investment Income | | | | | |
| 28 | Investment Income/ Gross Premium (%) | | | | | |
| 29 | Yield on Life Fund (%) | | | | | |
| 30 | Conservation Ratio (%) | | | | | |
| 31 | Second Policy year Lapse Ratio (%) by number of Policies | | | | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| 32 | Third Policy Year Lapse Ratio (%) by number of policies | | | | | |
| 33 | Fourth Policy Year Lapse Ratio (%) by number of policies | | | | | |
| 34 | Fifth policy Year Lapse Ratio (%) by number of policies | | | | | |
| 35 | Sixth policy Year Lapse Ratio (%) by number of policies | | | | | |
| 36 | Second policy Year Lapse Ratio (%) by premium amount | | | | | |
| 37 | Third Policy Year Lapse Ratio (%) by Premium amount | | | | | |
| 38 | Fourth Policy Year Lapse Ratio (%) by Premium amount | | | | | |
| 39 | Fifth Policy Year Lapse Ratio (%) by premium amount | | | | | |
| 40 | Sixth Policy Year Lapse Ratio (%) by premium amount | | | | | |
| 41 | Market Price Per Share (in BDT) at year end | | | | | |
| 42 | Dividend yield (%) | | | | | |
| 43 | Outstanding Premium as at 31st December | | | | | |
| 44 | Total Investment as at 31st December | | | | | |
| 45 | Life Fund as at 31st December | | | | | |
| 46 | Total Assets as at 31st December | | | | | |
| 47 | Paid Up Capital as at 31st December | | | | | |
| 48 | Paid Up Capital/Total Asset (%) | | | | | |
| 49 | Net cash flow from operating activities | | | | | |
| 50 | Net cash flow investing activities | | | | | |
| 51 | Net cash flow financing activities | | | | | |
| 52 | Net change in cash and cash equivalent | | | | | |

53. First Year and Renewal Premium Income

| Year | 2011 | 2012 | 2013 | 2014 | 2015 | Description |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | First Year Premium Income |
| 2011 | N.A | | | | | Renewal premium put of the policies issued in 2011 |
| 2012 | N.A | N.A | | | | Renewal premium put of the pol icies issued in 2012 |
| 2013 | N.A | N.A | N.A | | | Renewal premium put of the policies issued in 2013 |
| 2014 | N.A | N.A | N.A | N.A | | Renewal premium put of the policies issued in 2014 |

N.A= Not Applicable

54. Number of First Year and Renewal Policies

| Year | 2011 | 2012 | 2013 | 2014 | 2015 | Description |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | Number of new policies issued |
| 2011 | N.A | | | | | Number of policies renewed out of the policies issued in 2011 |
| 2012 | N.A | N.A | | | | Number of policies renewed out of the policies issued in 2012 |
| 2013 | N.A | N.A | N.A | | | Number of policies renewed out of the policies issued in 2013 |
| 2014 | N.A | N.A | N.A | N.A | | Number of policies renewed out of the policies issued in 2014 |

N.A = Not Applicable

Bar diagrams relating to the following, but not limited to, may also be included:

- Total Assets
- Life Fund
- Management Expenses
- Claims
- Gross Premium Income
- Investment Income
- Execss Expenses

## Definitions of Various Items

1. Management Expenses:

In section 40B of Insurance Act, 1938 management expenses have been defined as all charges wherever incurred whether directly or indirectly, and includes:

(i) Commission payable of all kinds,

(ii) A proper share of expenses capitalized, and

(iii) In the case of an insurer having his principal place of business outside Bangladesh a proper share of such percentage of the total net premiums, that is to say, gross premium written direct in Bangladesh plus reinsurances accepted minus reinsurances ceded during the year in respect of life insurance business transacted by him in Bangladesh as may be prescribed but does not in the case of an insurer having his principal place of Business in Bangladesh include any share of head office expenses in respect of life insurance business transacted by him outside Bangladesh.

Section 62 of Insurance Act, 2010 provides the same definition of management expenses as above.

Management expenses should include, but not limited to, the following

Commissions to insurance agents (Less that on reinsurance)
Allowances and commissions (other than commission included above)
Salaries
Gratuity
Festival bonus
Incentive bonus
Travel and conveyance
Directors' fees
Other Meeting Fees
Meeting expenses (Board, Shariah etc.)
Auditor's fees
Actuarial Fees
Surveyor's Fees
Legal and professional fees
Credit rating fees
Medical fees
Medical and Hospitalization
Policy stamps
Revenue stamps
Advertisement and publicity
Printing and stationary

Office rent
Car and maintenance (Fuel, Oil and Lubricant)
Repair and maintenance
Paper and periodicals
Telephones, telex and fax
Electricity, Gas and Water
Postage and telegram
Training and recruitment
Conference and seminars
Fees, subscription
Donation
Company registration and renewals fees
Entertainment
Canteen expenses & staff welfare
Group insurance
Insurance premium- General
Uniform and leverage/ Cleaning and Washing
Transport expenses (Staffs)
AGM & EGM expenses
Freight and carriage
Bank Charges
Rates, Taxes and VAT
Premium expenses (bond)
Software expenses
CDBL related charges
Depreciations
Provision for doubtful debt
Bad debts
Impairment of Assets
Other management expenses not included above

(Note: In the annual report under the revenue account major items of expenses should be shown separately and all other expenses may be shown as an aggregate under other management expenses. A minimum of 35 major, items of expenses may be shown separately and all other expenses may be lumped together under other management expenses)

2. Allowable Management Expenses:

Allowable management expense are to be computed as per Rule 39 of Insurance Rules 58 read with section 160 of the Insurance Act 1938 until new regulation under section 62 of the Insurance Act 2010 is specified.

3.Excess Management Expense:

Excess management expenses are to be computed as the difference between total management expenses (TME) less allowable management expenses.

4. Overall Management Expense Ratio:

Overall management expense ratio is a ratio of total management expenses to gross premium income, expressed in percentage.

5. Excess Management Expense Ratio:

Excess management expense is a ratio excess management expense to allowable expense, expressed in percentage

6. Renewal Expense Ratio (RER):

$$RER = \frac{\text{TME-Allowable expenses for first year premium income}}{\text{Renewal premium income}} * 100$$

7. Lapse Ratio by Number of Policies:

Lapse Ratio may be calculated as the ratio of number of policies that have lapsed in the second policy year, third policy year etc out of the new policies issued one year, two year ago respectively, lapse ratio for this purpose is defined as follows:

Second Policy year Lapse Ratio= $(L_{t,t-1}/N_{t-1})*100$

$L_{t,t-1}$ is the number of policies lapsed in policy year (t) out of the new policies issued in year (t-1) and $N_{t-1}$ is the number of new policies issued in year (t-1)

Third Policy Year Lapse Ratio = $(L_{t,t-2}/N_{t-2})*100$

$L_{t,t-2}$ is the number of policies lapsed in policy year (t) out of the new policies issued in year (t-2)and $N_{t-2}$ is the number of new policies issued in year (t -2)

Fourth Policy Year lapse Ratio = $(L_{t,t-3}/N_{t-3})*100$

$L_{t,t-3}$ is the number of policies lapsed in policy year (t) out of the new policies issued in year (t-3) and $N_{t-3}$ is the number of new policies issued in year (t-3)

Fifth policy Year Lapse Ratio = $(L_{t,t-4}/N_{t-4})*100$

$L_{t,t-4}$ is the number of policies lapsed in policy year (t) out of the new policies issued in year

(t-4) and $N_{t-4}$ is the number of new policies issued in year (t-4)

Sixth policy Year Lapse Ratio = $(L_{t,t-5}/N_{t-5})*100$

$L_{t,t-5}$) is the number of policies lapsed in policy year (t) out of the new policies issued in year (t-5) and $N_{t-5}$ is the number of new policies issued in year (t-5)

8. Lapse Ratio by Premium Amount

Lapse ratio may also be calculated as the ratio of premium amount actually received in the second policy year, third policy year etc to the premium amount received out of the new policies issued one year, two year ago respectively. Lapse ratio for this purpose is defined as follows:

Second Policy Year Lapse Ratio= $(P_{t,t-1}/P_{t-1})*100$

($P_{t,t-1}$) is the amount of premium actually received in policy year (t) out of the new policies issued in year (t-1) and $P_{t-1}$ is the amount of premium received out of the new policies issued in year (t-1)

Third Policy Year Lapse Ratio= $(P_{t,t-2}/P_{t-2})*100$

$P_{t,t-2}$ is the amount of premium actually received in policy year (t) out of the new policies issued in year (t-2) and $P_{t-2}$ is the amount of premium received out of the new policies issued in year (t-2)

Fourth Policy Year Lapse Ratio= $(P_{t,t-3}/P_{t-3})*100$

$P_{t,t-3}$ is the amount of premium actually received in policy year (t) out of the new policies issued in year (t-3) and $P_{t-3}$ is the amount of premium received out of the new policies issued in year (t-3)

Fifth Policy Year Lapse Ratio= $(P_{t,t-4}/P_{t-4})*100$

$P_{t,t-4}$ is the amount of premium actually received in policy year (t) out of the new policies issued in year (t-4) and $P_{t-4}$ is the amount of premium received out of the new policies issued in year (t-4)

Sixth Policy Year Lapse Ratio=$(P_{t,t-5}/P_{t-5})*100$

$P_{t,t-5}$ is the amount of premium actually received in policy year (t) out of the new policies issued in year (t-5) and $P_{t-5}$ is the amount of premium received out of the new policies issued in year (t-5)

9. Retention Ratio= (Net premium /Gross premium)*100

10. Conservation Ratio= (Renewal premium income of current year/total premium income of previous year)*100

11. Growth Rate of X = (X of current year-X of previous year)*100

12. Yield on Life Fund (%)

$$\text{Yield on Life Fund (\%)} = \frac{2I}{A+B-I}$$

I = Investment Income, normally it is the interest, dividend and rent if gains/losses arising out of the sales proceeds of investment of assets are adjusted under the item interest, dividend and income. Proceeds from sales of fixed assets or any other income should not be included. If gains/losses from sales of assets other than fixed assets are shown separately such gains/losses are also to be taken into account.

A=Life Fund at the beginning of the year,

B=Life Fund at the end of the year.

13. Dividend Yield (%)

    Dividend Yield=(dividend per share/current market price of share)*100

স্মারক নং- বী:উ:নি:ক:/**লাইফ/৪১৬৯/২০১২-২১৯৫**

তারিখ ঃ ১১ শ্রবণ, ১৪২৩ বং
২৬ জুলাই,২০১৬ খ্রিঃ

মুখ্য নির্বাহী কর্মকর্তা

**বিষয়: মাননীয় প্রধানমন্ত্রীর প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন প্রসঙ্গে।**

সূত্র-১ ঃ অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং- ৫৩.০০.০০০০.২১১.৯৯.১৬.৩৩০,
তারিখ ঃ ২৭-০৬-২০১৬ ইং
সূত্র-২ ঃ প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং-০৩.০৭৬.০৪৬.৪৯.০০.০০১.২০১৫.১৩১,
তারিখ ঃ ১৪-০৬-২০১৬ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের (অনুলিপি সংযুক্ত) প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেছেন:

**"সৌদিআরবে প্রেরিত বাংলাদেশী শ্রমিকদের পূর্ণ বীমা সুবিধা প্রদান করা হবে।"**

উপরোক্ত নির্দেশনা বাস্তবায়নে বিধি মোতাবেক প্রয়োজনীয় বীমা সুবিধা প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য আপনার কোম্পানীকেও মনোনীত করা হয়েছে। এ বিষয়ে আপনাদের কোম্পানী ইতোমধ্যে কোনও কার্যক্রম গ্রহণ করে থাকলে তার অগ্রগতিসহ এ বিষয়ে ভবিষ্যতের কর্মপরিকল্পনা (টার্গেটসহ) আগামী ১৫ (পনের) কার্যাদিবসের মধ্যে কর্তৃপক্ষকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি ও গুরুত্বপূর্ণ

**মো: শামসুল আলম খান**
অফিসার

নথি নম্বর- ৫৩.০০.০০০০.২১১.৯৯.০০৯.১৬-৩৩০ তারিখ ঃ ২৭.০৬.২০১৬

**বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন প্রসঙ্গে।**

সূত্রঃ প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র নম্বরঃ ০৩.০৭৬.০৪৬.৪৯.০০.০০১.২০১৫-১৩১, তারিখ ১৪.০৬.২০১৬।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সূত্রোক্ত পত্রের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। পত্রে উল্লিখিত মাননীয় প্রধানমন্ত্রীর ১ ও ৩ নং নির্দেশনার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক গৃহীত কার্যক্রম সম্বন্ধে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনামতে।

**মোহাম্মদ নজরুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব

স্মারক নং- ০৩.০৭৬.০৪৬.৪৯.০০.০০১.২০১৫-১৩১ তারিখঃ ১৪ জুন ২০১৬ খ্রিঃ

পত্র সংখ্যা -----------------------------------

**বিষয়ঃ সৌদি আরব সফরকালে মাননীয় প্রধানমন্ত্রীপ্রদত্ত সদয় নির্দেশনা**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী বিগত ০৩-০৭ জুন ২০১৬ সৌদি আরব সফর করেন। সৌদি আরবের মদিনায় অবস্থানকালে মদিনায় বসবাসকারী বাংলাদেশীদের একটি প্রতিনিধিদল মাননীয় প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাৎ করেন এবং বিভিন্ন সমস্যা মাননীয় প্রধানমন্ত্রীর নিকট তুলে ধরেন। মাননীয় প্রধানমন্ত্রী সমস্যাসমূহ সমাধানে নিম্নোক্ত সদয় নির্দেশনা প্রদান করেনঃ

| ক্রমিক নং | সমস্যাসমূহ | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১. | সৌদি আরবে প্রেরিত বাংলাদেশী শ্রমিকদের পূর্ণ বীমা সুবিধা প্রদান | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ২. | সৌদি আরবে স্থাপিত বাংলা স্কুলসমূহের জন্য নিজস্ব জমির ব্যবস্থাকরণ | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয় |
| ৩. | প্রবাসীরা তাদের অর্জিত অর্থ সৌদি আরব থেকে বাংলাদেশে যাতে সহজে পাঠাতে পারে সে ব্যবস্থাকরণ | ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ৪. | প্রবাসীদের যাতায়াত সুবিধার্থে মদিনা থেকে বাংলাদেশে বিমানের ফ্লাইট চালুকরণ | বেসামরিক বিমান, পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় |

এমতাবস্থায়, যথাযথ কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক অত্র কার্যালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**নিরুপম দেবনাথ**
পরিচালক-৯

স্মারক নং- বীঃউঃনিঃকঃ/লাইফ/৪৪৩২/২০১৬-(৩০৩৮) তারিখ ঃ ১৮ কার্তিক, ১৪২৩ বং / ০২ নভেম্বর, ২০১৬ খ্রিঃ

মুখ্য নির্বাহী কর্মকর্তা/ ব্যবস্থাপনা পরিচালক
সকল লাইফ ইন্স্যুরেন্স/ জীবন বীমা কর্পোরেশন

**বিষয় ঃ মূল্য সংযোজন কর (মূসক)/ উৎসে মূসক কর্তন প্রসঙ্গে।**

সূত্র ঃ এনবিআর এর স্মারক নঃ ৪/ভ্যাট/মতিঃ/উৎসে/০৮/২০১২-১৩/১৫, তারিখ ২৪/০২/২০১৬ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিগত ২৪/০২/২০১৬ ইং তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কাস্টমস, এক্সসাইজ ও ভ্যাট মতিঝিল, সার্কেল, ঢাকা হতে মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-১৮ ঙ অনুযায়ী কর্তৃপক্ষ হতে ২০১০ খ্রিঃ সালের জুলাই হতে অদ্যাবধি যেসব লাইসেন্স বা রেজিস্ট্রেশন প্রদান করা হয়েছে বা যেসব লাইসেন্স বা রেজিস্ট্রেশন নবায়ন করা হয়েছে উক্তরূপ লাইসেন্স/ রেজিস্ট্রেশন প্রদান ও নবায়ন বাবদ গৃহীত ফি/চার্জ এর উপর ১৫% হারে মূসক কর্তন করে তা উক্ত দপ্তরের অর্থনৈতিক কোড নং-১.১১৩৩.০০১০.০৩১১ তে জমা প্রদান করার জন্য কর্তৃপক্ষকে বিশেষভাবে অনুরোধ করা হয়েছে (সংযোজিত)।

২. এমতাবস্থায়, সংযোজিত পত্রটির উপর কার্যকর ব্যবস্থা গ্রহণ করে ২০১০ খ্রিঃ হতে অদ্যাবধি কর্তৃপক্ষকে লাইসেন্স/ রেজিস্ট্রেশন প্রদান ও নবায়ন বাবদ প্রদানকৃত ফি এর উপর ১৫% হারে মূসক "বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ" বরাবর পে-অর্ডার/ডিডি এর মাধ্যমে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, মূসক কর্তনের বিষয়টি ২০১০ ইং সালের জুলাই মাস থেকে কার্যকর রয়েছে। এছাড়া উল্লেখ থাকে যে, মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ মোতাবেক ভবিষ্যতে কোম্পানী হতে কর্তৃপক্ষ বরাবর বিধি মোতাবেক প্রদত্ত ফি/চার্জ এর সাথে ১৫% ভ্যাট অবশ্যই কর্তৃপক্ষ বরাবর জমা করতে হবে।

**মোঃ আবুল হাসনাত**
অফিসার

স্মারক নং- বী:উ:নি:ক:/লাইফ/৪৩৫০/২০১৪-৩৫৩১

তারিখ : ২২ অগ্রাহায়ণ, ১৪২৩ বং / ০৬ ডিসেম্বর, ২০১৬ খ্রিঃ

**বিষয়: জীবন বীমা কোম্পানী/ কর্পোরেশনের ৩১শে ডিসেম্বর, ২০১৬ইং তারিখ পর্যন্ত বীমা ব্যবসায় হিসাব সমাপ্ত করে নির্ধারিত ছক (Form A, B ও C) মোতাবেক কর্তৃপক্ষের নিকট তথ্যাদি দাখিল এবং এ বিষয়ে সভা প্রসঙ্গে।**

জীবন বীমা কোম্পানীসমূহ এবং কর্পোরেশনের ৩১শে ডিসেম্বর, ২০১৬ইং তারিখ পর্যন্ত ব্যবসার হিসাব সমাপ্ত করে সংযুক্ত ছক (বীমা ব্যবসার সমাপনী প্রতিবেদন, পত্রের সাথে সংযুক্ত ফরম A, B ও C) অনুযায়ী উপাত্ত দ্বারা প্রতিবেদন তৈরী করে আগামী ০৮ জানুয়ারি, ২০১৭ইং তারিখের মধ্যে বীমা আইন ২০১০ এর ৪৯ ধারার ক্ষমতাবলে নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে। উক্ত নির্ধারিত তারিখে প্রতিবেদন দাখিলে ব্যর্থ হলে বীমা আইন অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২। তাছাড়া ২০১৬ সালে প্রদর্শিত ১ম বর্ষ বীমা ব্যবসার বিপরীতে ব্যাংক জমা অবশ্যই ১লা জানুয়ারী ২০১৭ইং তারিখের মধ্যে হতে হবে এবং ১লা জানুয়ারি ২০১৭ ইং তারিখের পর প্রদর্শিত ব্যাংক জমা ২০১৭ সালের ব্যবসা হিসেবে গণ্য হবে। তাছাড়া প্রথম বর্ষ প্রিমিয়াম আয়ের বিপরীতে কালেকশন ইন হ্যান্ড/ ক্যাশ ইন ট্রানজিট/কালেকশন কন্ট্রোল এ্যাকাউন্ট/ব্রাঞ্চ কন্ট্রোল এ্যাকাউন্ট শিরোনামে কোন অর্থ প্রদর্শন করা যাবে না। উপরন্তু, ব্যবসায় সমাপনী বিবরণীতে আউটস্ট্যান্ডিং প্রিমিয়াম শিরোনামে (নবায়ন প্রিমিয়ামের বিপরীতে প্রদর্শন করা হয়) প্রদর্শিত অর্থের যে অংশ উক্ত বিবরণী দাখিলের পর হতে ৩১ জানুয়ারি, ২০১৭ইং তারিখের মধ্যে আদায় হবে তা উল্লেখপূর্বক বিস্তারিত বিবরণী আগামী ৫ ফেব্রুয়ারি ২০১৭ইং তারিখে মধ্যে কর্তৃপক্ষ বরাবর দাখিল করতে হবে।

৩। কর্তৃপক্ষের নির্ধারিত ছকে কোম্পানী/ কর্পোরেশন কর্তৃক দাখিলকৃত তথ্যের উপর ভিত্তি করে সার্বিক অবস্থা পর্যালোচনার জন্য অত্র পত্রের সাথে সংযুক্ত সিডিউল (কোম্পানী/ কর্পোরেশনের সাথে অনুষ্ঠিতব্য সভার তারিখ ও সময়) অনুযায়ী প্রতিটি কোম্পানী/ কর্পোরেশনের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের (ব্যবস্থাপনা পরিচালক/ মুখ্য নির্বাহী কর্মকর্তা এবং মুখ্য নির্বাহীর অব্যবহিত নিম্নপদে দায়িত্বরত সংশ্লিষ্ট কর্মকর্তাদের যেমনঃ কোম্পানী সচিব, সিএফও ও প্রধান উন্নয়ন কর্মকর্তাসহ) সাথে জরুরি সভা অনুষ্ঠিত হবে।

৪। এমতাবস্থায়, উক্ত সভায় অংশগ্রহণের লক্ষ্যে কোম্পানী/ কর্পোরেশন কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে উল্লিখিত তথ্যাদির সকল সাপোর্টিং ডকুমেন্টসহ কর্তৃপক্ষের কার্যালয়ে নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

**মোঃ আবু মাহমুদ**
অফিসার

# Form-A

বীমাকারীর নামঃ . . . . . . . . . . . . . . . . . . . . . . .

৩১শে ডিসেম্বর ২০১৯ তারিখে সমাপ্ত হিসাব বছরের বীমা ব্যবসা সংক্রান্ত তথ্যাদি

(কোটি টাকায়)

| ১ম বর্ষ ব্যবসা (১) | | | | | | কমিশন প্রদান (২) | | | | | | | | | | উন্নয়ন কর্মকর্তাদের বেতন (৩) | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| নতুন | | ডেফার্ড | | মোট | | এজেন্ট* | | | | এমপ্লয়ার অব এজেন্ট* | | | | মোট কমিশন | শতকরা (%) | সংখ্যা | বেতন/ রিলিজ | অগ্রিম | অগ্রিম সমন্বয় | ট্যাক্স কর্তন | মোট বেতন/ রিলিজ | শতকরা (%) |
| পরিকল্পের নাম ও সংখ্যা* | প্রিমিয়াম | পরিকল্পের নাম ও সংখ্যা | প্রিমিয়াম | পরিকল্পের নাম ও সংখ্যা | প্রিমিয়াম | সংখ্যা | ট্যাক্স কর্তন | নিট কমিশন প্রদান | শতকরা (%) | সংখ্যা | ট্যাক্স কর্তন | নিট কমিশন প্রদান | শতকরা (%) | | | | | | | | (১৮+২০) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ |

| | (০৪) | | (০৫) | | | | | | | | | | (০৬) | | | | | (০৭) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| সচল পলিসির সংখ্যা* | নবায়ন প্রিমিয়াম | | নবায়ন কমিশন | | | | | | | | | | প্রশাসনিক ও অন্যান্য খরচ | | | | | মোট ব্যবস্থাপনা খরচ | শতকরা (%) |
| | প্রিমিয়াম | | ২য় বর্ষ | | | | ৩য় বর্ষ ও তদূর্ধ্ব | | | | মোট কমিশন | শতকরা (%) | কর্মকর্তা ও কর্মচারীদের বেতন | অফিস ভাড়া | অন্যান্য ব্যবস্থাপনা ব্যয় | মোট | শতকরা (%) | (২)+(৩)+(৫)+(৬) | |
| | ২য় বর্ষ | ৩য় বর্ষ ও তদূর্ধ্ব | এজেন্টদের সংখ্যা | ট্যাক্স কর্তন | নীট কমিশন প্রদান | শতকরা (%) | এজেন্টদের সংখ্যা | ট্যাক্স কর্তন | নীট কমিশন প্রদান | শতকরা (%) | | | | | | | | | |
| ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ | ৩১ | ৩২ | ৩৩ | ৩৪ | ৩৫ | ৩৬ | ৩৭ | ৩৮ | ৩৯ | ৪০ | ৪১ | ৪২ | ৪৩ |

| (০৮) | | | | (০৯) | | | (১০) | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৩১ ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত ব্যাংক জমা | | | | জীবন বীমা তহবিল | | | বিনিয়োগ | | | | | | |
| নতুন ব্যবসা | ডেফার্ড | নবায়ন | মোট | প্রারম্ভিক তহবিল | নতুন তহবিল | সমাপনী তহবিল | সরকারী | | | অন্যান্য | | | |
| | | | | | | | প্রারম্ভিক | নতুন | মোট | প্রারম্ভিক | নতুন | নগদায়ন | মোট |
| ৪৪ | ৪৫ | ৪৬ | ৪৭ | ৪৮ | ৪৯ | ৫০ | ৫১ | ৫২ | ৫৩ | ৫৪ | ৫৫ | ৫৬ | ৫৭ |

| (১১) | (১২) | (১৩) | (১৪) | | | | (১৫) | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ব্যাংক ব্যালেন্স ৩১ ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত | ক্যাশ ব্যালেন্স ৩১ ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত | এজেন্ট বালেন্স ৩১ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত | অগ্রিম | | | | আউটস্ট্যান্ডিং প্রিমিয়াম** | আউটস্ট্যান্ডিং প্রিমিয়াম এর জন্য কমিশন প্রবিশন এবং এ সংক্রান্ত অন্যান্য খরচ। |
| | | | প্রারম্ভিক জের | সমন্বয় | নতুন | সমাপনী জের | | |
| ৫৮ | ৫৯ | ৬০ | ৬১ | ৬২ | ৬৩ | ৬৪ | ৬৫ | ৬৬ |

# কলাম- (১),(৩),(৪),(৬),(৮),(১০), (১৩)এবং (১৪) এর বিস্তারিত বিবরণ আলাদাভাবে সংযুক্ত করতে হবে।

* লাইসেন্স প্রাপ্ত ও লাইসেন্স বিহীন এজেন্টদের এবং সার্টিফিকেট প্রাপ্ত ও সার্টিফিকেট বিহীন এমপ্লয়ার অব এজেন্টদের তালিকা আলাদাভাবে সংযুক্ত করতে হবে।

**আউটস্ট্যান্ডিং প্রিমিয়াম বলতে বুঝায়, রিনিউয়াল প্রিমিয়াম আয়ের যে অংশ ৩১ ডিসেম্বর, ২০১৯ইং তারিখের মধ্যে জমা হয়নি পরবর্তীতে ৩১ জানুয়ারি, ২০২০ ইং তারিখের বা গ্রেস পিরিয়ড এর মধ্যে জমা হবে।

বিদ্রঃ উপরোক্ত বিবরণীটি অবশ্যই একপাতার মধ্যে পূরণ করে দাখিল করতে হবে এক্ষেত্রে লিগ্যাল পেইজ ব্যবহার করা যেতে পারে। প্রয়োজনীয় ক্ষেত্রে সংযুক্তি ব্যবহার করা যেতে পারে।

## Form- B

বীমাকারীর নামঃ .....................................

প্রকৃত ব্যবস্থাপনা ব্যয়ের বিবরণ

৩১ শে ডিসেম্বর, ২০১৯ইং তারিখে সমাপ্ত হিসাব বছর

---

(কোটি টাকায়)

| নং | বিবরণ | ৩১ ডিসেম্বর, ২০১৯ | | ৩১ ডিসেম্বর, ২০১৮ | |
|---|---|---|---|---|---|
| | | পরিমান | শতকরা(%) | পরিমান | শতকরা(%) |
| **প্রিমিয়াম আয়ঃ ১ম বর্ষ** | | | | | |
| ০১ | নতুন | | | | |
| ০২ | ডেফার্ড | | | | |
| মোট১ম বর্ষ প্রিমিয়াম | | | | | |
| **ব্যবস্থাপনা ব্যয়সমূহ** | | | | | |
| **ক)** | **প্রত্যক্ষ ব্যয়ঃ** | | | | |
| কমিশনঃ | | | | | |
| ০১ | নতুন | | | | |
| ০২ | ডেফার্ড | | | | |
| মোট কমিশন | | | | | |
| উন্নয়ন কর্মকর্তাদের বেতন ও ভাতাদিঃ | | | | | |
| অন্যান্য প্রত্যক্ষ ব্যয়(বিবরণ সংযুক্ত করতে হবে) | | | | | |
| মোট প্রত্যক্ষ ব্যয়ঃ | | | | | |
| শতকরা (%) | | | | | |
| **খ)** | **পরোক্ষ ব্যয়ঃ** | | | | |
| অফিস ভাড়া | | | | | |
| কর্মকর্তা ও কর্মচারীদের বেতন | | | | | |
| গাড়ির জ্বালানী ও অবচয় | | | | | |
| মনিহারী ব্যয় | | | | | |
| অন্যান্য পরোক্ষ (বিবরণ সংযুক্ত করতে হবে) | | | | | |
| মোট পরোক্ষ ব্যয়ঃ | | | | | |
| শতকরা (%) | | | | | |
| **সর্বমোট ব্যয়ঃ(প্রত্যক্ষ ও পরোক্ষ)** | | | | | |
| শতকরা (%) | | | | | |
| **প্রথম বর্ষ প্রিমিয়ামের উপর শতকরা (%)ঃ** | | | | | |
| **গ)** | **নবায়ন প্রিমিয়াম** | | | | |
| | ২য় বর্ষ: | | | | |
| | ৩য় ও তদুর্ধ্ব: | | | | |
| **মোট নবায়ন প্রিমিয়াম** | | | | | |
| **ঘ)** | **নবায়ন প্রিমিয়াম সংগ্রহের ব্যয়ঃ** | | | | |
| কমিশনঃ | | | | | |
| | ২য় বর্ষ কমিশন | | | | |
| | ৩য় বর্ষ ও তদুর্ধ্ব কমিশন | | | | |
| মোট কমিশনঃ | | | | | |
| ইনসেনটিভ | | | | | |
| পুরস্কার | | | | | |
| অন্যান্য | | | | | |
| **মোট নবায়ন প্রিমিয়াম সংগ্রহের ব্যয়ঃ** | | | | | |
| নবায়ন প্রিমিয়ামের উপর শতকরা (%)ঃ | | | | | |

| নং | বিবরণ | ৩১ ডিসেম্বর, ২০১৯ | | ৩১ ডিসেম্বর, ২০১৮ | |
|---|---|---|---|---|---|
| | | পরিমাণ | শতকরা(%) | পরিমাণ | শতকরা(%) |
| ব্যবসাঃ | | | | | |
| | প্রিমিয়াম-১ম বর্ষ | | | | |
| | নবায়ন প্রিমিয়াম(গ) | | | | |
| | গ্রুপ ব্যবসা | | | | |
| **সর্বমোট প্রিমিয়াম (১ম বর্ষ+নবায়ন+ গ্রুপ)** | | | | | |
| সর্বমোট ব্যবস্থাপনা খরচ (১ম বর্ষ +নবায়ন+গ্রুপ) | | | | | |
| প্রিমিয়ামের উপর শতকরা (%)ঃ | | | | | |

| ব্যবসা অনুযায়ী অনুমোদিত ব্যবস্থাপনা ব্যয়ের সীমা (৩১ ডিসেম্বর, ২০১৬ইং) | | | | |
|---|---|---|---|---|
| নং | বিবরণ | ব্যবসা | শতকরা | ব্যবস্থাপনা ব্যয় |
| | প্রথম বর্ষ | | | |
| | ২য় বর্ষ | | | |
| | ৩য় বর্ষ | | | |
| | ৪র্থ বর্ষ | | | |
| | ৫ম বর্ষ | | | |
| | ৬ষ্ঠ বর্ষ | | | |
| | ৭ম বর্ষ | | | |
| | ৮ম বর্ষ | | | |
| | ৯ম বর্ষ | | | |
| | ১০ম বর্ষ | | | |
| | ১১তম বর্ষ বা তদুর্ধ্ব | | | |
| | **মোট** | | | |
| | নবায়ন | | | |
| | গ্রুপ | | | |
| | **সর্বমোট** | | | |
| | প্রকৃত ব্যবস্থাপনা ব্যয়ঃ | | | |
| | **অতিরিক্ত ব্যবস্থাপনা ব্যয়ঃ** | | | |
| | অতিরিক্ত ব্যবস্থাপনা ব্যয়ের শতকরা হার | | | |

Form-C

| | কোম্পানির নাম: | (কোটি টাকায়) | | | | |
|---|---|---|---|---|---|---|
| নং | আয়, ব্যয় ও তহবিলের বিভিন্ন খাতসমূহ | ২০১৯ | | ২০১৮ | | হ্রাস/বৃদ্ধির |
| | | কোটি টাকা | শতকরা হার | কোটি টাকা | শতকরা হার | শতকরা হার |
| ১ | **প্রথম বর্ষ প্রিমিয়াম আয়:** | | | | | |
| ২ | নতুন | | | | | |
| ৩ | ডিফার্ড | | | | | |
| ৪ | মোট প্রথম বর্ষ প্রিমিয়াম আয়(একক ও গ্রুপ ব্যতিত) (২+৩) | | | | | |
| ৫ | একক বীমা | | | | | |
| ৬ | গ্রুপ ও হেল্থ | | | | | |
| ৭ | **সর্বমোট প্রথম বর্ষ প্রিমিয়াম আয় (৪+৫+৬)** | | | | | |
| ৮ | রিনিউয়াল প্রিমিয়াম আয়: | | | | | |
| ৯ | ২য় বর্ষ | | | | | |
| ১০ | ৩য় বর্ষ বা তদুর্ধ্ব | | | | | |
| ১১ | **মোট রিনিউয়াল প্রিমিয়াম আয় (৯+১০)** | | | | | |
| ১২ | *প্রথম বর্ষ প্রিমিয়াম আয়ের ২য় বর্ষ নবায়নের শতকরা হার* | | | | | |
| ১৩ | **মোট প্রিমিয়াম আয় (প্রথম বর্ষ+ রিনিউয়াল) (৭+১১)** | | | | | |
| ১৪ | আউটস্ট্যান্ডিং প্রিমিয়াম | | | | | |
| ১৫ | *মোট রিনিউয়াল প্রিমিয়াম আয়ের উপর আউটস্ট্যান্ডিং প্রিমিয়াম এর শতকরা হার* | | | | | |
| ১৬ | আউটস্ট্যান্ডিং প্রিমিয়ামের কমিশন সংক্রান্ত প্রবিশন | | | | | |
| ১৭ | **ব্যবস্থাপনা ব্যয়:** | | | | | |
| ১৮ | **A. কমিশন ব্যয়: (ট্যাক্সসহ)** | | | | | |
| ১৯ | i) প্রথম বর্ষ প্রিমিয়াম আয়ের জন্য কমিশন | | | | | |
| ২০ | *প্রথম বর্ষ প্রিমিয়াম আয়ের উপর প্রদেয় প্রথম বর্ষ কমিশনের শতকরা হার* | | | | | |
| ২১ | ii) ২য় বর্ষ প্রিমিয়াম আয়ের জন্য কমিশন | | | | | |
| ২২ | iii) ৩য় বর্ষ বা তদুর্ধ্ব বছরের প্রিমিয়াম আয়ের জন্য কমিশন | | | | | |
| ২৩ | **মোট নবায়ন কমিশন ব্যয় (২১+২২)** | | | | | |
| ২৪ | *রিনিউয়াল প্রিমিয়াম আয়ের উপর নবায়ন কমিশনের শতকরা হার* | | | | | |
| ২৫ | **মোট কমিশন ব্যয় (১৯+২৩)** | | | | | |
| ২৬ | **B. উন্নয়ন কর্মকর্তাদেরর বেতন** | | | | | |
| ২৭ | মোট ব্যবস্থাপনা ব্যয়ের উপর উন্নয়ন কর্মকর্তাদের বেতনের শতকরা হার | | | | | |
| ২৮ | **C. প্রশাসনিক ও অন্যান্য ব্যয়:** | | | | | |
| ২৯ | i) অফিস কর্মকর্তা কর্মচারীদেরর বেতন | | | | | |
| ৩০ | ii) অফিস ভাড়া | | | | | |
| ৩১ | iii) অন্যান্য ব্যবস্থাপনা ব্যয় | | | | | |
| ৩২ | **মোট প্রশাসনিক ও অন্যান্য ব্যয়(২৯+৩০+৩১)** | | | | | |
| ৩৩ | *মোট ব্যবস্থাপনা ব্যয়ের উপর মোট প্রশাসনিক ও অন্যান্য ব্যয়ের শতকরা হার* | | | | | |
| ৩৪ | **মোট ব্যবস্থাপনা ব্যয় (২৫+২৬+৩২)** | | | | | |
| ৩৫ | মোট প্রিমিয়াম আয়ের উপর মোট ব্যবস্থাপনা ব্যয়ের শতকরা হার | | | | | |
| ৩৬ | অনুমোদিত ব্যবস্থাপনা ব্যয় | | | | | |
| ৩৭ | **অতিরিক্ত ব্যবস্থাপনা ব্যয় (৩৪-৩৬)** | | | | | |
| ৩৮ | অনুমোদিত ব্যবস্থাপনা ব্যয়ের উপর অতিরিক্ত ব্যবস্থাপনা ব্যয়ের শতকরা হার | | | | | |
| ৩৯ | **জীবন বীমা তহবিল:** | | | | | |
| ৪০ | প্রারম্ভিক তহবিল | | | | | |
| ৪১ | নতুন তহবিল | | | | | |
| ৪২ | **সমাপনী তহবিল (৪০+৪১)** | | | | | |
| ৪৩ | **বিনিয়োগ:** | | | | | |
| ৪৪ | সরকারী খাতে বিনিয়োগ | | | | | |
| ৪৫ | *মোট তহবিলের উপর সরকারী খাতে বিনিয়োগের শতকরা হার* | | | | | |
| ৪৬ | অন্যান্য খাত | | | | | |
| ৪৭ | **মোট বিনিয়োগ (৪৪+৪৬)** | | | | | |
| ৪৮ | **পেইড আপ মূলধন** | | | | | |

স্মারক নং- বী:উ:নি:ক:/জিএডি/১৪১৫/২০১৪-২৮

তারিখ ঃ ১৯ পৌষ, ১৪২৩ বং
০২ জানুয়ারী, ২০১৭ খ্রিঃ

১। ব্যবস্থাপনা পরিচালক

জীবন বীমা কর্পোরেশন/ সাধারণ বীমা কর্পোরেশন

২। মুখ্য নির্বাহী কর্মকর্তা (সকল লাইফ/ নন লাইফ) ইন্স্যুরেন্স কোম্পানী

**বিষয়: জঙ্গিবাদ বিরোধী প্রচারণা ও বিভিন্ন সভা-সমাবেশ প্রসঙ্গে।**

সূত্রঃ (ক) অর্থ মন্ত্রণালয়ের পত্র নং- ৫৩.০০.০০০০.২১১.৯৯.০০৩.১৬-৬৪৬, তাং-২২/১১/২০১৬

(খ) অর্থ মন্ত্রণালয়ের পত্র নং- ৪৪.০০.০০০০.০৭৫.১০.০০২.১৫ (অংশ-১)-৮২৫ তাং-৩১/১০/১৬

(খ) অর্থ মন্ত্রণালয়ের পত্র নং- ৪৪.০০.০০০০.০৭৫.১০.০০২.১৫ (অংশ-১)-৭৭৬ তাং-১৬/১০/১৬

উপর্যুক্ত বিষয়ের সূত্রের প্রেক্ষিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক আপনার প্রতিষ্ঠান কর্তৃক জঙ্গিবাদ বিরোধী প্রচারণা ও বিভিন্ন সভা-সমাবেশ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এ বিষয়ে গৃহীত পদক্ষেপ প্রতি মাসের প্রথম সপ্তাহের মধ্যে কর্তৃপক্ষকে প্রতিবেদন আকারে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি ও গুরুত্বপূর্ণ।

**মোঃ রশিদুল আহসান হাবিব**
অফিসার, প্রশাসন

---

স্মারক নং- ৫৩.০০.০০০০.২১১.৯৯.০০৩.১৬-৬৪৬

তারিখ : ২২.১১.২০১৬

**বিষয় ঃ জঙ্গিবাদ বিরোধী প্রচারণা ও বিভিন্ন সভা-সমাবেশ প্রসঙ্গে।**

সূত্রঃ ক. স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পত্র ৪৪.০০.০০০০.০৭৫.১০.০০২.১৫ (অংশ-১), ৭৭৬, তারিখ ১৬ অক্টোবর ২০১৬।

খ. স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পত্র নম্বর ৪৪.০০.০০০০.০৭৫.১০.০০২.১৫ (অংশ-১) ৮২৫, তারিখ ৩১ অক্টোবর ২০১৬।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোক্ত পত্রের ছায়ালিপি প্রেরণপূর্বক জানানো যাচ্ছে যে, সাম্প্রতি বিভিন্ন বিচ্ছিন্ন ঘটনার পরিপ্রেক্ষিতে সকল সরকারি সংস্থায় জঙ্গিবাদ বিরোধী প্রচারণা ও বিভিন্ন সভা-সমাবেশ করার জন্য স্বরাষ্ট মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে। এ প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে আগামী ১৫ দিনের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

**মোহাম্মদ নজরুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব

স্মারক নং- বী:উ:নি:ক:/জিএডি/১৭০৩/২০১৭-৯৩৮

তারিখ ঃ ০৭ চৈত্র, ১৪২৩ বং / ২১ মার্চ, ২০১৭ খ্রিঃ

১। ব্যবস্থাপনা পরিচালক
জীবন বীমা কর্পোরেশন/ সাধারণ বীমা কর্পোরেশন
২। মুখ্য নির্বাহী কর্মকর্তা (সকল লাইফ/ নন লাইফ) ইন্স্যুরেন্স কোম্পানী

**বিষয়: বীমা খাতে প্রো-একটিভ মনিটরিং ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক ২৬ ফেব্রুয়ারী, ২০১৭ ইং তারিখে প্রেরিত পত্রের (কপি সংযুক্ত) নির্দেশনা মোতাবেক বীমা খাতে প্রো-একটিভ মনিটরিং ব্যবস্থা গ্রহণের নিমিত্ত কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্ত মোতাবেক সকল বীমা কর্পোরেশন/ কোম্পানীকে নিম্নোক্ত বিষয়গুলো পরিপালনের জন্য অনুরোধ করা হলোঃ

ক) কোম্পানী কর্তৃক সকল লেনদেন করার ক্ষেত্রে ৫,০০০/- বা তদুর্ধ্ব অর্থ ক্রসড চেকের মাধ্যমে পরিশোধ;
গ) কোম্পানীসমূহ কর্তৃক স্থাবর সম্পত্তি ক্রয়ের ক্ষেত্রে জরিপকারীর মাধ্যমে বাজারমূল্য যাচাই করতঃ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ;
ঘ) গ্রাহক পলিসির মেয়াদ পূর্ণ হলে পলিসির টাকা ব্যাংক একাউন্টের মাধ্যমে গ্রাহকের একাউন্টে ট্রান্সফার করা;
ঙ) বাকীতে বীমা ব্যবসা বন্ধ করা;
চ) লাইফ কোম্পানীসমূহ নির্ধারিত কমিশনের হার অনুসরণ করা;
ছ) বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এবং বাংলাদেশ ব্যাংকের Bangladesh Financial Intelligence Unit (BFIU) কর্তৃক সমন্বিতভাবে বীমা কোম্পানীসমূহের গ্রাহক পরিচিতি ও অন্যান্য তথ্য সম্বলিত KYC (Know Your Customer ) Form অনুসরণ করে Policy খোলা।
ঝ) সকল বীমা কোম্পানীর যাবতীয় কার্যক্রম অটোমেটেড করা।
ঞ) এছাড়া অন্যান্য সকল কার্যক্রমের মাধ্যমে দুর্নীতি প্রতিরোধ করা।

বিষয়টি অতীব জরুরি ও গুরত্বপূর্ণ।

**গকুল চাঁদ দাস**
সদস্য

ডি ও নম্বর- ৫৩.০০.০০০০.২১১.৯৯.০১৯.১৭-১৩৬

তারিখ ঃ ১৪ ফাল্গুন, ১৪২৩ বং
২৬ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিঃ

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ দেশের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ন ভূমিকা পালন করে থাকে। এ কারণে আর্থিক প্রতিষ্ঠানসমূহে স্বচ্ছতা আনয়ন এবং দক্ষতা বৃদ্ধি অত্যন্ত জরুরি। দেশের আর্থিক প্রতিষ্ঠানের একটি বড় অংশ রাষ্ট্রমালিকানাধীন। অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ দেশের সকল রাষ্ট্রমালিকানাধীন ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানসমূহে আর্থিক শৃঙ্খলা এবং ব্যবস্থাপনায় স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে।

০২। আপনি আরও অবহিত আছেন যে, দুর্নীতি একটি সামাজিক ব্যাধি এবং জাতীয় উন্নয়ন ও অগ্রগতির অন্যতম প্রতিবন্ধক। দুর্নীতি রোধ করা গেলে বৈদেশিক বিনিয়োগ ও কর্মসংস্থানে গতিশীলতা আসবে। দুর্নীতি দমনের দায়িত্বপ্রাপ্ত সংস্থা হিসেবে দুর্নীতি দমন কমিশন (দুদক) এ লক্ষ্যে অনুসন্ধান ও তদন্ত কার্যক্রম পরিচালনাসহ দুর্নীতি প্রতিরোধমূলক বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছে।

০৩। দুর্নীতি দমনে আপনার প্রতিষ্ঠানের যে কোন পদক্ষেপে সহযোগিতা করতে দুর্নীতি দমন কমিশনের পাশাপাশি এ বিভাগও সদা প্রস্তুত রয়েছে। চেয়ারম্যান, দুর্নীতি দমন কমিশন এবং মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের এ সংক্রান্ত আধা-সরকারি পত্রের চিত্রপ্রতিলিপি এসাথে প্রেরণ করা হলো।

০৪। এমতাবস্থায়, দুর্নীতি প্রতিরোধে সম্ভাব্য এলাকা/ ক্ষেত্র চিহ্নিত করে প্রো-একটিভ মনিটরিং ব্যবস্থা গ্রহণের জন্য আপনার ব্যক্তিগত উদ্যোগ কামনা করছি।

**মোঃ ইউনুসুর রহমান**
সচিব
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়

স্মারক নং- বী:উ:নি:ক:/লাইফ/২৬৪২/২০১৭-১০৮৬ তারিখ ঃ ২০ চৈত্র,১৪২৩ বং / ০৩ এপ্রিল,২০১৭ খ্রিঃ

**বিষয়: জীবন বীমা কর্পোরেশন ও লাইফ ইন্স্যুরেন্স কোম্পানীসমূহের Actuarial Valuation এর জন্য Supplementary Guideline প্রদান প্রসঙ্গে।**

বীমা আইন ২০১০ এর ৩০ ধারা অনুযায়ী প্রতিবছর জীবন বীমা কর্পোরেশন ও লাইফ ইন্স্যুরেন্স কোম্পানীসমূহের দায় মূল্যায়নের জন্য বর্তমানে যে বিধিবিধান অনুসরণ করা হচ্ছে প্রচলিত উক্ত বিধিবিধানের পাশাপাশি দায় মূল্যায়নের ক্ষেত্রে অত্র পত্রের সাথে সংযুক্ত নির্দেশনা অনুসরণ করে দায় মূল্যায়নের জন্য নির্দেশ প্রদান করা যাচেছ।

**এম শেফাক আহমেদ, একচ্যুয়ারি**
চেয়ারম্যান

**Supplementary Guidlines for Actuarial Valuation**

1. Actuarial valuation shall continue to be carried out using Net Premium Method of Valuation as per the valuation regulations currently in force. The actuary shall value the policy liabilities of life insurer on a basis which is not less stringent than the minimum basis as described below.

2. Where premium is payable for a whole life or endowment policy the net premium is the annual premium that would be charged according to be valuation rates of interest and mortality to provide for the policy benefits without provision for bonuses, expenses or any other charges.

3. An actuary may, in case of in force policy, allow the net premium so obtained in paragraph 2 to include a Zillmer adjustment. The maximum amount of initial expenses which can be incorporated into the Zillmer is 4.0% of the sum assured, or actual initial expenses, if lower, provided that the adjusted value of the premium shall not be more than eighty five percent of the office premium payable under the policy.

4. The actuary may make any adjustments to the net premium so obtained as referred to in paragraph 2 to amortize high initial expense other than that as referred to in paragraph 3 provided that the adjusted premium after such adjustment shall not be more than the adjusted premium obtained as referred to in paragraph 3.

5. In determining the value of policy liabilities an actuary shall use a rate of interest as specified below:
(a) For participating life insurance policies, a rate of interest not exceeding the lowest of the following:

(i)Three point seventy five (3.75) percent per annum;

(ii)Seventy five percent of the average of after tax rate of return on the life insurance fund during the preceding three years from the date of valuation; or

(iii)Sixty five percent of the gross rate of return on the lie insurance fund during the preceding three years from the date of valuation;

Provided that where an insurer has commenced operations within the last three years preceding the date of valuation, the rate of interest to be used shall be the rate as approved by Insurance Development and Regulatory Authority (IDRA) on a case by case basis.

(b) For non-participating life insurance policies including paid up policies which do not participate in future bonuses and for reversionary bonuses already vested, a rate of interest not exceeding the lowest of the following:

(i) Seven percent per annum;

(ii) Eighty five percent of the average of after tax rate of return on the life insurance fund during the preceding three years from the date of valuation; or

(iii) Seventy five of the gross rate of return on the life insurance fund during the preceding three years from the date of valuation;

Provided that where an insurer has commenced operations whithin the last three years preceding the date of valuation, the rate of interest to be used shall be the rate as approved by Insurance Development and Regulatory Authority (IDRA) on a case by case basis;

6. An actuary shall determine the value of policy liabilities of a life insurer using mortality table A (49-52) Ultimate or A (67-70) Ultimate. However, an actuary may use any other mortality tables provided that the reasons for use of such tables will have to be provided to IDRA.

7. As per the current practice all life insurers will have to get approval of the mortality tables (s) and rates of interest to be used for valuation of liabilities.

These guidelines are supplementary to the existing valuations regulations and will be effective for valuation of liabilities as at 31st December 2016 and thereafter, and will remain in in-force until new guidelines are circulated or new regulations are specified in future.

**(M. Shefaque Ahmed, Actuary)**
Chairman, IDRA

স্মারক নং- বী:উ:নি:ক:/ডিএডি/১২৭১/২০১২-(অংশ-৬)-১৩০৩ তারিখ ঃ ১০ বৈশাখ, ১৪২৪ বং / ২৩ এপ্রিল, ২০১৭ খ্রিঃ

ব্যবস্থাপনা পরিচালক/ মুখ্য নির্বাহী কর্মকর্তা
সকল লাইফ বীমা কোম্পানী/ কর্পোরেশন

**বিষয়ঃ বিনিয়োগকারীগণকে ওয়ান স্টপ সার্ভিস প্রদানের লক্ষ্যে একটি সময়বদ্ধ সাধারণ কার্যপ্রণালী প্রস্তুতকরণ।**

প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা ০৩.০৬৮.০২২.০৯০০.০৩১.২০১৬-১৬৮, তারিখ ১৯ মার্চ ২০১৭
বিএফআইডিঃ ৫৩.০০.০০০০.২১১.৯৯.০৫৫.১৭-২১৬ তারিখ ৩০ মার্চ, ২০১৭
আইডিএরএঃ বীঃউঃনিঃ/জিএডি/১২৭১/২০১২-(অংশ-৬) তারিখ ০৬ এপ্রিল, ২০১৭ (কপি সংযুক্ত)

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের মাধ্যমে বিভিন্ন সেবা প্রদানকরী সংস্থা কর্তৃক বিনিয়োগকারীগণকে সেবা প্রদানের বেলায় ওয়ান স্টপ সার্ভিস কার্যকর করার বিষয়ে নির্দেশনা রয়েছে।

এমতাবস্থায়, সরকারি নিদের্শানুসারে নিয়োগাকারীদেরকে ওয়ান স্টপ সার্ভিস প্রদানের কার্যপ্রণালীসহ মতামত পত্রপ্রাপ্তির ৭ (সাত) কর্মদিবসের মধ্যে কর্তৃপক্ষের নিকট পুনরায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এর পরবর্তীতে প্রাপ্ত কোন মতামতের ক্ষেত্রে কোন ব্যবস্থা নেয়া সম্ভব হবে না।

বিষয়টি গুরুত্বপূর্ণ ও জরুরি।

**মোঃ রশিদুল আহসান হাবিব**
অফিসার

স্মারক নং- বী:উ:নি:ক:/লাইফ/২৬৪২/২০১৭-১৬৬৩ তারিখ : ০৫ আষাঢ়, ১৪২৪ বং / ১৯ জুন, ২০১৭ খ্রিঃ

ব্যবস্থাপনা পরিচালক ও মুখ্য নির্বাহী কর্মকর্তা
জীবন বীমা কর্পোরেশন ও সকল লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী

**বিষয়ঃ জীবন বীমা কর্পোরেশন ও জীবন বীমা কোম্পানীসমূহের Actuarial Valuation এর ক্ষেত্রে Supplementary Guideline পরিপালন সংক্রান্ত।**

জারীকৃত গাইডলাইনের সূত্র নং বী:উ:নি:ক:/লাইফ/২৬৪২/২০১৭-১০৮৬, তারিখঃ ৩ এপ্রিল, ২০১৭ ইং

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বিগত ০৩ এপ্রিল ২০১৭ইং তারিখে কর্তৃপক্ষ কর্তৃক Actuarial Valuation বিষয়ে Supplementrary Guideline জারি করা হয়। উক্ত Supplementrary Guideline টি জারির পর তা যথাযথভাবে অনুসরণ করা হলে কোম্পানীর Surplus এ নেতিবাচক প্রভাব পড়বে এ বিষয়টি উল্লেখপূর্বক কিছু কোম্পানী Guideline টি পুনঃর্বিবেচনার জন্য কর্তৃপক্ষের নিকট আবেদন করে। কোম্পানীসমূহের উদ্বিগ্নতার প্রেক্ষিতে কর্তৃপক্ষ এ বিষয়টি পুঙ্খানুপুঙ্খ বিশ্লেষণের জন্য কর্তৃপক্ষ কোম্পানীসমূহ হতে বিভিন্ন আর্থিক তথ্যাদি সংগ্রহ করে। উক্ত তথ্যাদি বিশ্লেষণ করে দেখা যায়, যে সকল কোম্পানির Investment Return কম মূলত তারাই উক্ত Guideline টি দ্বারা প্রভাবিত হতে পারে। বিশ্লেষণ করে আরও প্রতীয়মান হয় যে, যাদের বিনিয়োগ ব্যবস্থাপনা অত্যন্ত দূর্বল অর্থাৎ যারা নিয়মিত Return এর বিষয়টি বিবেচনা না নিয়ে Life Fund এর উল্লেখযোগ্য অংশ জমিতে বিনিয়োগ করেছে তাদের Return অনেক কম।

০২। সার্বিক বিষয় আলোচনা করার জন্য এ বিষয়ে বিগত ০৪ জুন, ২০১৭ইং তারিখে জীবন বীমা সংশ্লিষ্ট কোম্পানী/ কর্পোরেশনের মুখ্য নির্বাহী কর্মকর্তা/ ব্যবস্থাপনা পরিচালকদের উপস্থিতিতে কর্তৃপক্ষের কার্যালয়ে একটি সভার আয়োজন করা হলে সভাতে Investment Portfolio, Inestment Return ও Zillmer Adjustment সহ অন্যান্য প্রাসঙ্গিক বিষয়ে আলোচনা করা হয়। উক্ত সভায় জারীকৃত Guideline টি পরিপালন করার জন্য আরও কিছুদিন সময় প্রদান করতে কোম্পানীসমূহ কর্তৃক আবেদনও জানানো হয় (সভার কার্যবিবরণী সংযুক্ত) । উক্ত সভায় কোম্পানীসমূহের বিনিয়োগ ব্যবস্থাপনা নিয়ে বিশ্লেষণ করা হয় এবং বিচক্ষণতার সাথে বিনিয়োগ, রিটার্ন ইত্যাদির ক্ষেত্রে অদক্ষতা, ক্ষতির কারণ, গ্রাহক ভোগান্তি ইত্যাদি নিয়ে আলোচনা করা হয়।

০৩। কোম্পানীসমূহের বর্তমান বিনিয়োগ পরিস্থিতিসহ সার্বিক অবস্থা বিবেচনায় নিয়ে দক্ষ বিনিয়োগ ব্যবস্থাপনার মাধ্যমে কোম্পানীসমূহের Investment Return কাঙ্খিত মাত্রায় নিয়ে আসার জন্য কোম্পানীসমূহের আবেদনের প্রেক্ষিতে বিষয়োক্ত Supplementary Guideline এর কার্যকারিতা ২০১৮ সালের নভেম্বর মাস পর্যন্ত স্থগিত করা হল যা ১লা ডিসেম্বর ২০১৮ সাল হতে আবশ্যিকভাবে পরিপালন করতে হবে।

**গকুল চাঁদ দাস**
চেয়ারম্যান (চলতি দায়িত্ব)

**জীবন বীমা কর্পোরেশন ও লাইফ ইন্স্যুরেন্স কোম্পানীসমূহের Actuarial Valuation এর ক্ষেত্রে Supplementary Guideline পরিপালন করার বিষয়ে বিগত ০৪/০৬/২০১৭ইং তারিখ কর্পোরেশন/ কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ও মুখ্য নির্বাহী কর্মকর্তাগণের সাথে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

জীবন বীমা কর্পোরেশন ও লাইফ ইন্স্যুরেন্স কোম্পানীসমূহের Actuarial Valuation এর ক্ষেত্রে জারীকৃত Supplementary Guideline বিষয় সর্ম্পকে কোম্পানীসমূহের উদ্বিগ্নতার প্রেক্ষিতে উক্ত বিষয়টি স্পষ্টীকরণের লক্ষ্যে বিগত ০৪/০৬/২০১৭ইং তারিখে সকল লাইফ ইন্স্যুরেন্স কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তা ও ব্যবস্থাপনা পরিচালকদের নিয়ে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান (চলতি দায়িত্ব) জনাব গকুল চাঁদ দাসের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সদস্য জনাব মোঃ মুরশিদ আলম ছাড়াও একচ্যুয়ারিয়াল বিষয়ে বিশেষজ্ঞ হিসেবে জনাব ড. মোহাম্মদ সোহরাব উদ্দিন ও কর্তৃপক্ষের অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

সভার সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং উপস্থিত সবার সাথে পরিচিত হওয়ার আহ্বান জানান। অতঃপর বিগত ০৩ এপ্রিল, ২০১৭ইং তারিখে কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত Supplementary Guideline'র বিষয়ে মতামত প্রদানের জন্য তিনি সবাইকে আহ্বান জানালে ন্যাশনাল লাইফ ইন্স্যুরেন্স কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তা জনাব জামাল মোঃ আবু নাসের, সন্ধানী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তা জনাব আহসানুল ইসলাম ও জীবন বীমা কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ ফরহাদ হোসেন ধারাবাহিকভাবে মতামত প্রদান করেন।

জনাব মোঃ আবু নাসের তার সূচনা বক্তব্যে এটি একটি টেকনিক্যাল ইস্যু হিসেববে উল্লেখ করে এ ব্যাপারে তিনি তার বক্তব্যে দুটি বিষয়ে আলোকপাত করেন। প্রথমত, তিনি

বলেন আলোচ্য Supplementary Guideline এ সুদের হারকে Filtering করা হয়েছে। বর্তমানে ফিল্টারিং প্রযোজ্য কিনা তা আপনারা দেখবেন। দ্বিতীয়ত, বর্তমানে তাদের বিক্রিত পলিসির ৮০ ভাগই Anticipated Policy. উক্ত পলিসিগুলোতে প্রাথমিক ব্যয় পরিকল্পে যুক্ত করা থাকে এক্ষেত্রে সর্বোচ্চে সীমা দেয়া হলে প্রাথমিক ব্যয় বেশি হওয়ার সম্ভাবনা থাকে। তাছাড়াও Zillmer Adjustment সম্পর্কে তিনি বলেন এটি একটি পুরনো পদ্ধতি, বর্তমানে এর ব্যবহার নেই বললেই চলে। তিনি তার বক্তব্যে Supplementary Guideline এর সার্বিক বিষয়ে একচ্যুয়ারি জনাব মোঃ সোহরাব উদ্দীনকে আলোচনা করার জন্যও অনুরোধ করেন।

এ পর্যায়ে জনাব আহসানুল ইসলাম তার বক্তব্যে বলেন, কোম্পানীর তথ্যের উপর ভিত্তি করে প্রতি বছর কোম্পানীর একচ্যুয়ারি কোম্পানীর ভ্যালুয়েশনের জন্য যে বেসিস দিয়ে থাকে যা অনুমোদনের জন্য কর্তৃপক্ষ বরাবর দাখিল করলে কর্তৃপক্ষ অনুমোদন দিয়ে থাকে। তিনি বলেন, এ সংক্রান্ত গাইডলাইন স্টেকহোল্ডারদের সাথে আলোচনা করে করা হলে উক্ত বিষয়ে তারা তাদের মতামত দিতে পারত কিন্তু তারা হঠাৎ এ সংক্রান্ত একটি গাইডলাইন পেয়েছে। আলোচ্য গাইডলাইনটি সম্পর্কে তিনি আরও বলেন এটি বিগত ০৩ এপ্রিল ২০১৭ইং তারিখে জারি করা হয়েছে। কিন্তু তারা ভ্যালুয়েশনের বেসিস অনুমোদনের জন্য তার আগেই আবেদন করেছে এক্ষেত্রে উক্ত গাইডলাইনটি তাদের ক্ষেত্রে প্রযোজ্য নয় মর্মে তিনি মনে করেন। বর্তমান বছরে জটিলতা পরিহারের জন্য ২০১৬ সালে গাইডলাইনটি প্রয়োগ না করে ২০১৭ সালের ডিসেম্বর হতে উক্ত গাইডলাইনটির প্রয়োগ যুক্তিযুক্ত মর্মে তিনি মত প্রকাশ করেন।

জনাব মোঃ ফরহাদ হোসেন তার বক্তব্যে বলেন, বীমা আইন, ২০১০ এর ৩০ ও ৬৭ ধারায় একচ্যুয়ারিয়াল ভ্যালুয়েশন বিষয়ে প্রবিধানমালার বিষয়টি বর্ণিত রয়েছে। কিন্তু উক্ত বিষয়ে প্রবিধানমালা জারি হয়নি বিধায় বীমা বিধি ১৯৫৮ অনুসরণ করতে হবে। এক্ষেত্রে প্রবিধানমালা প্রণীত না করে এবং বীমা বিধিমালা ১৯৫৮ এর সংশ্লিষ্ট বিধি অনুসরণ না করে কেন Supplementary Guideline প্রদান করা হয়েছে তা বোধগম্য নয়। উক্ত বিষয়টি সম্পর্কে আরও বিস্তারিত আলোচনা করার জন্য জনাব মোঃ সোহরাব উদ্দিন একচ্যুয়ারিকে তিনি অনুরোধ জানান।

জারীকৃত গাইডলাইন সম্পর্কে উপস্থিত অন্য কোন মুখ্য নির্বাহী কর্মকর্তা বক্তব্য প্রদান না করায় এ পর্যায়ে জনাব মোঃ সোহরাব উদ্দীনকে এ বিষয়ে বিস্তারিত আলোচনা করার জন্য সভার সভাপতি অনুরোধ জানালে জনাব ডঃ মোঃ সোহরাব উদ্দীন তার বক্তব্যে বলেন যে Net Premium Method এর মাধ্যমে Actuarial Reserve

নির্ণয়ের জন্য Net Premium এ Zillmer Adjustment সাধারণত করা হয়ে থাকে। তবে একচ্যুয়ারিভেদে Adjustment এর তারতম্য লক্ষ্য করা হয়। তিনি বলেন Actuarial Valuation এর জন্য Supplementary Guidelines সম্ভবত Standardization এর লক্ষ্যে জারি করা হয়েছে। Valuation Rate of Interest সম্পর্কে তিনি বলেন, জীবন বীমা কোম্পানীসমূহ বিনিয়োগ থেকে দীর্ঘ মেয়াদে যে Rate of Return পেতে পারে তা বিবেচনায় নিয়ে সাধারনত Valuation Rate of Interest করা হয়ে থাকে। তিনি সুনির্দিষ্টভাবে উল্লেখ না করে বলেন, বর্তমানে বেশ কয়েকটি কোম্পানীর Rate of Return অত্যন্ত কম। এক্ষেত্রে আলোচ্য গাইড লাইনে Policy Liabilities নির্ণয়ের জন্য Interest Rate ব্যবহারের যে নির্দেশনা দেয়া আছে তা অনুসরণ করলে কয়েকটি কোম্পানীর ক্ষেত্রে অনেক বেশি Reserve রাখতে হবে। ফলে Surplus এর পরিমাণ অনেক কমে যাবে। মূলত তিনি উক্ত কোম্পানীসমূহের অত্যন্ত খারাপ ও অদূরদর্শী বিনিয়োগ ব্যবস্থাপনাকেই এর জন্য দায়ী করেন। তিনি মনে করেন, যেসব কোম্পানীর Rate of Return on Investment অনেক কম সেসব কোম্পানী যদি অদূর ভবিষ্যতে Investment Yield ব্যাপক উন্নতি না করতে পারে তাহলে দায় মূল্যায়নের ক্ষেত্রে যে Interest Rate ব্যবহার করা হয় তা ভবিষ্যতে কমাতে হতে পারে।

Actuarial Valuation সংক্রান্ত আইন সম্পর্কে তিনি বলেন, ১৯৫৮ সালের বিধিমালায় Valuation সংক্রান্ত কোন বিধি অন্তর্ভুক্ত নেই। বীমা আইন, ১৯৩৮ এর ৪র্থ সিডিউলে Valuation Regulation অন্তর্ভুক্ত আছে। বীমা আইন, ২০১০ এর ধারা ১৬০, উপধারা (২) এর দফা (ছ) অনুযায়ী নতুন কোন প্রবিধান প্রণীত না হওয়া পর্যন্ত বীমা আইন, ১৯৩৮ এর ৪র্থ সিডিউলে Regulations করা হয়। উক্ত সিডিউল কেবলমাত্র সরকারই সংশোধন করতে পারে। সভায় কোম্পানীসমূহের প্রকাশিত উদ্বিগ্নতা ও তাদের সুপারিশসমূহের আলোকে Regulations এর জন্য নতুন প্রবিধানমালা প্রণীত না হওয়া পর্যন্ত অথবা পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত এতদসংক্রান্ত বিদ্যমান নিয়ম অনুসরণ করার বিষয়টি বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বিবেচনা করতে পারে মর্মে তিনি মত প্রকাশ করেন। তবে কোম্পানীসমূহের বিনিয়োগের Rate of Return বৃদ্ধির জন্য সর্বোচ্চ প্রচেষ্টা গ্রহণ করতে হবে। অন্যথায় ভবিষ্যতে Valuation Rate of Interest/Return কমাতে হতে পারে।

কোম্পানীসমূহের মুখ্য নির্বাহী কর্মকর্তাগণ ও ডা. মোহাম্মদ সোহরাবউদ্দীন, একচ্যুয়ারি এর বক্তব্য শেষে সভাপতি তার সমাপনী বক্তব্যে বলেন, আপনাদের বক্তব্য থেকে প্রতীয়মান হয় যে, Supplementary guideline এ উল্লিখিত দুটি

বিষয় যথাঃ Zillmer Adjustment ও Actuary Valuation এর জন্য Interest Rate of Return দ্বারা কোম্পানীর ভ্যালুয়েশন প্রক্রিয়াটি প্রভাবিত হতে পারে। ড. মোঃ সোহরাব উদ্দিন এর বক্তব্য হতে উক্ত দুটি বিষয়ে অবগত হওয়া গেছে।

কর্পোরেশন ও কোম্পানীসমূহের Average rate of Return on life fund সম্পর্কে বলেন, যে সকল কোম্পানী এ বছর ভ্যালুয়েশনের জন্য আবেদন করেছে তাদের মধ্য হতে ০৭ থেকে ০৮ টি কোম্পানীর Return অনেক ভাল এবং তারা উক্ত গাইডলাইনটি দ্বারা মোটেও প্রভাবিত হবেনা। তিনি বলেন বিদ্যমান একই বাজারে অনেক কোম্পানী ১০%-১১% হারে Interest rate earn করছে, আবার ৩%-৪% হারে earn করছে এমন কোম্পানীও আছে। ভাল রিটার্ন আসে এমন ধরনের Instrument সবার জন্যই উন্মুক্ত এক্ষেত্রে সবার রিটার্নই ভাল আসার কথা। মূলত লাভজনক খাতে বিনিয়োগ না করে জমিসহ অলাভজনক খাতে বিনিয়োগ করার কারণেই তাদের Investment return কম হয়েছে। তিনি আরও বলেন, যাদের Investment return অনেক ভাল এবং যাদের Investment return অনেক কম তাদের মধ্যকার একটি পার্থক্য থাকাটা জরুরি বিষয়। তাছাড়া Investment return এর চেয়ে Discounting rate বেশি হতে পারেনা। কোম্পানীভেদে Fair treatment নিশ্চিত করার জন্যই বিদ্যমান Supplementary Guideline টি জারি করা হয়েছে মর্মে তিনি সভায় মত দেন। Actuarial Valuation এর জন্য Supplementary guideline এর বিষয়ে সভায় যে সকল প্রস্তাব উপস্থাপন করা হয়েছে তা বিবেচনায় নিয়ে কর্তৃপক্ষ এ বিষয়ে দ্রুত একটি সিদ্ধান্ত নিবেন মর্মে সভাপতি জানান। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

**গকুল চাঁদ দাস**
চেয়ারম্যান (চলতি দায়িত্ব)
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

বিএফআইইউ **সার্কুলার লেটার নং-০৪/২০১৭**

তারিখ : ০৫ আশ্বিন, ১৪২৪ বং / ২০ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিঃ

মুখ্য নির্বাহী কর্মকর্তা/ ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল বীমাকারী

বীমা কোম্পানী/ কর্পোরেশনসমূহের জন্য Uniform KYC Profile Form জারিকরণ প্রসঙ্গে।

মানিলন্ডারিং প্রতিরোধ আইন ২০১২ এর ২৩(১)(ঘ) এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৫(১)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন ঝুঁকি মোকাবেলায় বীমা কোম্পানী/ কর্পোরেশনসমূহে Uniform KYC Profile Form জারির সিদ্ধান্তের প্রেক্ষিতে উক্ত Uniform KYC Profile Form সমূহ (লাইফ/ নন-লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী/ কর্পোরেশনসমূহের জন্য প্রযোজ্য) জারি করা হলো।

২. জারীকৃত Uniform KYC Profile Form সমূহ বাংলা অথবা ইংরেজি উভয় ভাষায় মুদ্রণ করা যাবে।
৩.মানিলন্ডারিং প্রতিরোধ আইন-২০১২ এর ২৫(১)(ক) ধারা মোতাবেক গ্রাহকের সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য গ্রহণ এবং সংরক্ষণের দায়িত্ব বীমা কোম্পানী/ কর্পোরেশনসমূহকে যথাযথভাবে পালন করতে হবে।
৪. জারীকৃত Uniform KYC Profile Form সমূহ ১লা জানুয়ারি ২০১৮ এর মধ্যে অবশ্যই প্রচলন করতে হবে।

**দেবপ্রসাদ দেবনাথ**
মহাব্যবস্থাপক

# গ্রাহক পরিচিতি সম্পর্কিত ফরম (KYC Profile Form)

(ব্যক্তির জীবন বীমা পলিসির ক্ষেত্রে প্রযোজ্য) (লাইফ)

বীমা গ্রাহকের ছবি

১. বীমা পলিসির নাম /শ্রেণী :

পলিসি রেফারেন্স নং/পলিসি নং : তারিখ:

২. বীমা গ্রাহকের পরিচিতি :

| | | |
|---|---|---|
| গ্রাহকের নাম | : | জন্ম তারিখ : |
| পিতার নাম | : | |
| মাতার নাম | : | |
| স্বামী/ স্ত্রীর নাম | : | |
| জাতীয়তা | : | |
| টেলিফোন (বাসা) | : | টেলিফোন (অফিস): |
| মোবাইল | : | ফ্যাক্স: |
| ইমেইল | : | |

৩. পরিচিতিপত্র :

| | কপি গৃহীত | |
|---|---|---|
| ক) জাতীয় পরিচয়পত্র নং : ------------------------------------------------------- | হ্যাঁ ☐ | না ☐ |
| খ) পাসপোর্ট নং : ------------------------- মেয়াদ : ------------------ | হ্যাঁ ☐ | না ☐ |
| গ) জন্ম নিবন্ধন সনদ নং : ------------------------------------------------------- | হ্যাঁ ☐ | না ☐ |
| ঘ) ই-টিন আই এন (E-TIN) (যদি থাকে) : ------------------------------------------ | হ্যাঁ ☐ | না ☐ |
| ঙ) ড্রাইভিং লাইসেন্স নং : ---------------------- মেয়াদ : ------------------ | হ্যাঁ ☐ | না ☐ |
| চ) অন্যান্য (নির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে) : ------------------------------------ | হ্যাঁ ☐ | না ☐ |

[ক হতে গ নম্বর ক্রমিকে বর্ণিত দলিলাদি হতে আবশ্যিকভাবে যে কোনো একটি দলিল প্রদান করতে হবে। তবে জন্ম নিবন্ধন সনদ প্রদানপূর্বক পলিসি খোলার ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদপত্রের অতিরিক্ত পলিসি হোল্ডারের আলোকচিত্রসহ অন্য যে কোনো পরিচিতি পত্র প্রদান করতে হবে। আলোকচিত্রসহ পরিচিতি পত্র না থাকলে সে বিষয়ে বীমাকারীর সন্তুষ্টি সাপেক্ষে তাদের নিকট গ্রহণযোগ্য সমাজের গণ্যমান্য ব্যক্তি[১] কর্তৃক প্রদত্ত পরিচয়ের প্রত্যয়নপত্র প্রদান করতে হবে। উক্ত পরিচিতি পত্র বা প্রত্যয়নপত্র পলিসি হোল্ডারের আলোকচিত্রসহ (আলোকচিত্রের উপরের পৃষ্ঠায় সত্যায়নসহ) হতে হবে। এছাড়া, প্রত্যেক বীমা প্রতিষ্ঠান যথাযথভাবে গ্রাহকের পরিচিতির বিষয়ে নিশ্চিত হওয়ার লক্ষ্যে প্রতিষ্ঠানের সন্তুষ্টি সাপেক্ষে উপরের ঘ হতে চ নম্বর ক্রমিকে বর্ণিত দলিলাদিসহ অতিরিক্ত আরো কোনো দলিলাদি এবং এই ফরমে উল্লিখিত তথ্যাদির অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবে।]

৪. স্থায়ী ঠিকানা :

৫. আবাসিক/ বর্তমান ঠিকানা :

৬. গ্রাহকের পেশা (বিস্তারিত) :

[১] গণ্যমান্য ব্যক্তি বলতে সংসদ সদস্য, সিটি কর্পোরেশনের মেয়র, ডেপুটি মেয়র ও কাউন্সিলরগণ, জাতীয় বেতন স্কেলের ৯ম ও তদূর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা, পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, পৌরসভার মেয়র ও পৌর কাউন্সিলরগণ, বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, বেসরকারি কলেজের অধ্যক্ষ, বেসরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক, জাতীয় দৈনিক পত্রিকার সম্পাদক, নোটারি পাবলিক, আধাসরকারি/স্বায়ত্তশাসিত/রাষ্ট্রায়ত্ব সংস্থার জাতীয় বেতন স্কেলের ৭ম বা তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণ এবং বাংলাদেশ ব্যাংকের জাতীয় বেতন স্কেলের ৯ম ও তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণকে বুঝাবে।

পেশাগত ঠিকানা (নাম/পদবী/ঠিকানা) :

৭. গ্রাহকের অর্থের উৎস :

৮. অর্থের উৎস যাচাইয়ের পদ্ধতি :

৯. প্রিমিয়াম প্রদান পদ্ধতি : মাসিক ☐ ত্রৈমাসিক ☐ ষান্মাসিক ☐ বার্ষিক ☐ এককালীন ☐

১০. প্রিমিয়ামের পরিমাণ :

১১. প্রিমিয়াম পরিশোধের মাধ্যম :

(ক) ব্যাংক (তথ্যাদিসহ)

(খ) নগদ

১২. মনোনীত ব্যক্তি সম্পর্কিত তথ্য :

| | | | |
|---|---|---|---|
| মনোনীত ব্যক্তির নাম | : | সম্পর্ক : | |
| পিতার নাম | : | | |
| মাতার নাম | : | | |
| স্বামী/ স্ত্রীর নাম | : | | |
| পেশা | : | জন্ম তারিখ : | |
| বর্তমান ঠিকানা | : | | |
| স্থায়ী ঠিকানা | : | | |
| জাতীয় পরিচয়পত্র নং (কপি সহ) : | | | |
| টেলিফোন (বাসা) | : | টেলিফোন (অফিস) : | |
| মোবাইল | : | ফ্যাক্স : | |
| ই-মেইল | : | | |

বীমা গ্রাহক কর্তৃক সত্যায়িত মনোনীত ব্যক্তির ছবি

(মনোনীত ব্যক্তি একাধিক হলে ছবিসহ সকলের তথ্য ও শতকরা হার উল্লেখ করতে হবে)

১৩. বীমা গ্রাহকের ঝুঁকি নির্ধারণ : ☐ নিম্ন ☐ উচ্চ

[ মন্তব্য অংশে বিষয়ীকেন্দ্রিক (Subjective) বিবেচনায় গ্রাহকের ঝুঁকি সম্পর্কে আবশ্যিকভাবে মন্তব্য করতে হবে। গ্রাহকের ঝুঁকি নিরূপণের ক্ষেত্রে গ্রাহকের পেশার বিস্তারিত ধারণা বিশ্লেষণ করতঃ ব্যবসায়ের ক্ষেত্রে ব্যবসায়ের প্রকৃতি, অর্থের মাত্রা, ব্যবসায়ের এলাকা, ব্যবসায়ের আকার, হিসাবের প্রকৃত সুবিধাভোগী ইত্যাদিসহ অন্যান্য বিশেষ দিক বিবেচনায় নিয়ে গ্রাহককে উচ্চ বা নিম্ন ঝুঁকি সম্পন্ন হিসেবে শ্রেণীকরণ করতে হবে। চাকুরীর ক্ষেত্রেও অনুরূপভাবে বিস্তারিত ধারণা লাভ করতঃ বিশেষ করে চাকুরীর প্রকৃতি ও দায়-দায়িত্বের নিরিখে ঝুঁকি নিরূপণ করতে হবে। গ্রাহক উচ্চ ঝুঁকিপূর্ণ হলে নিয়মিত তদারকি করতে হবে। ]

১৪. মন্তব্য :

---------------------------------------------
পলিসি সংশ্লিষ্ট কর্মকর্তা/ রিলেশনশীপ ম্যানেজারের স্বাক্ষর
(সিল ও তারিখ)

---------------------------------------------
অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষর
(সিল ও তারিখ)

# গ্রাহক পরিচিতি সম্পর্কিত ফরম (KYC Profile Form)

(গ্রুপ বীমা পলিসির ক্ষেত্রে প্রযোজ্য) (লাইফ)

১. বীমা পলিসির নাম/শ্রেণী :

পলিসির রেফারেন্স নং/পলিসি নং : তারিখ:

২. প্রস্তাবিত বীমা পলিসির প্রতিষ্ঠানের নাম :

৩. প্রতিষ্ঠানের ঠিকানা :

৪. যোগাযোগের ঠিকানা :

৫. ব্যবসার প্রকৃতি :

৬. নিবন্ধন সনদ এর অনুলিপি গৃহীত হয়েছে কিনা : হ্যাঁ ☐ না ☐

৭. নিবন্ধন প্রদানকারী কর্তৃপক্ষ :

প্রদানের তারিখ ও স্থান :

৮. ট্রেড লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে) এর অনুলিপি গৃহীত হয়েছে কিনা? হ্যাঁ ☐ না ☐

৯. ই-টি আই এন (E-TIN) (যদি থাকে) এর অনুলিপি গৃহিত হয়েছে কিনা? হ্যাঁ ☐ না ☐

১০. প্রস্তাবিত বীমা প্রস্তাবকের নাম :

১১. প্রিমিয়ামের পরিমাণ :

১২. অর্থের উৎস :

অর্থের উৎস যাচাইয়ের পদ্ধতি :

১৩. প্রিমিয়াম প্রদান পদ্ধতিঃ মাসিক ☐ ত্রৈমাসিক ☐ ষান্মাসিক ☐ বার্ষিক ☐ এককালীন ☐

১৪. গ্রুপ বীমা পলিসি সংশ্লিষ্ট কর্মকর্তাদের তথ্যাদিঃ (প্রয়োজনে নিম্নোক্ত তথ্যাদি পৃথক সংযুক্তিতে উল্লেখ করুন)

| | |
|---|---|
| নাম : | |
| পিতার নাম : | |
| মাতার নাম : | |
| স্বামী/স্ত্রীর নাম : | |
| পেশা : | জন্ম তারিখ: |
| বর্তমান ঠিকানা : | |
| স্থায়ী ঠিকানা : | |
| জাতীয়তা : | জাতীয় পরিচয়পত্র নম্বর : |
| টেলিফোন (বাসা) : | টেলিফোন (অফিস) : |
| মোবাইল : | ই-মেইল : |

১৫. পলিসির প্রকৃত সুবিধাভোগী :

১৬. বীমা চুক্তির সময়কাল:

১৭. এজেন্টের নাম ও ঠিকানা (প্রযোজ্য ক্ষেত্রে) :

১৮. প্রিমিয়াম পরিশোধের মাধ্যম :

(ক) ব্যাংক (তথ্যাদিসহ)

(খ) নগদ

১৯. পলিসি গ্রহীতা প্রতিষ্ঠানের ঝুঁকি নির্ধারণ : ☐ নিম্ন ☐ উচ্চ

[ মন্তব্য অংশে বিষয়ীকেন্দ্রিক (Subjective) বিবেচনায় পলিসি গ্রহীতা প্রতিষ্ঠানের ঝুঁকি সম্পর্কে আবশ্যিকভাবে মন্তব্য করতে হবে। প্রতিষ্ঠানের ঝুঁকি নিরূপণের ক্ষেত্রে ব্যবসায়ের প্রকৃতি, অর্থের মাত্রা, ব্যবসায়ের এলাকা, ব্যবসায়ের আকার, হিসাবের প্রকৃত সুবিধাভোগী ইত্যাদিসহ অন্যান্য বিশেষ দিক বিবেচনায় নিয়ে উচ্চ বা নিম্ন ঝুঁকি সম্পন্ন হিসেবে শ্রেণীকরণ করতে হবে। উচ্চ ঝুঁকিপূর্ণ হলে নিয়মিত তদারকি করতে হবে। ]

২০. মন্তব্য :

---------------------------------------------- ------------------------------

পলিসি সংশ্লিষ্ট কমকর্তা/ রিলেশনশীপ ম্যানেজারের স্বাক্ষর (সিল ও তারিখ)

অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষর (সিল ও তারিখ)

নথি নং- ৫৩.০২.০০০০.০১৭.১৬.০০৩.১৭.২৩৪৫ তারিখ ঃ ২৫ সেপ্টেম্বর, ২০১৭

**বিষয়ঃ ২০১৬-১৭ অর্থবছরের মোট দেশজ উৎপাদন (জিডিপি) নিরুপনের জন্য তথ্য সরবরাহ প্রসঙ্গে।**

সূত্র নংঃ ৫২.০১.০০.০০.৭০৬.১১.০০১.১২-১০৮৮

উপর্যুক্ত বিষয় এবং সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় প্রয়োজনে এবং দেশের অর্থনীতিতে ইন্স্যুরেন্স খাতের অবদান নিরূপণে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক চাহিত ২০১৬-১৭ আর্থিক বছরের (জুলাই'১৬-জুন'১৭) Profit-Loss Account/Income statement এর কয়েকটি তথ্য নিম্নোক্ত ছক অনুযায়ী পূরণপূর্বক আগামী ২৯ সেপ্টেম্বর, ২০১৭ তারিখের মধ্যে হার্ডকপি এবং এর সফট্কপি idra.pr.bd@gmail.com ই-মেইল অ্যাড্রেস এ প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মিলিয়ন টাকা)

| Corporation/Company's Name: | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | Salaries & Allowance | Operating Expenditure | Total Claims Paid | Total Premium received | Premium Supplements | Other Income |
| 2016-17 | | | | | | |
| July'16-Dec'16 | | | | | | |
| Jan'17-Jun'17 | | | | | | |
| Total | | | | | | |

স্মারক নং- ৫৩.০২.০০০০.০১৭.৬৫.০০৭.১৭.০৮ তারিখ ঃ ০৩ অক্টোবর ২০১৭

**বিষয়ঃ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির অগ্রগতি মূল্যায়ন এর মাসিক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র ঃ অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের বীমা অধিশাখার স্মারক নং-৫৩.০০.০০০০.৪১১.৯৯.০১০.১৫-৩১১ তারিখ ঃ ১৮-১০-২০১৫;
(২) কর্তৃপক্ষের স্মারক নংঃ বীঃউঃনিঃকঃ/জিএডি/১৬২৮/২০১২-৩৮৭১;
তারিখঃ ১৭ নভেম্বর, ২০১৫;
(৩) কর্তৃপক্ষের স্মারক নংঃ বীঃউঃনিঃকঃ/জিএডি/১৬২৮/২০১৫-৩৮৫২;
তারিখঃ ১৫ নভেম্বর, ২০১৫;
(৪) কর্তৃপক্ষের স্মারক নংঃ বীঃউঃনিঃকঃ/জিএডি/১৬২৮/২০১৫-৯৮১;
তারিখঃ ০৭ এপ্রিল, ২০১৫;

উপর্যুক্ত বিষয় ও সূত্রক্ত পত্রসমূহের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

(২) পত্রে সংযুক্ত ছক-১, ছক-৩, ছক-৪ এবং ছক-৫ মোতাবেক পূর্ববর্তী মাসের তথ্য পূরণপূর্বক পরবর্তী মাসের ০৩ তারিখের মধ্যে হার্ডকপি ও সফটকপি (idra.pr.bd@gmail.com) বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। প্রতিবেদন প্রেরণের সময় নিম্নোক্ত বিষয়ে লক্ষ্য রাখার জন্যও অনুরোধ করা হলোঃ

(৩) **লক্ষ্যণীয় বিষয় সমূহঃ**

(ক) তথ্য নিয়মিতভাবে অর্থাৎ প্রতিমাসের ০৩ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের তথ্য প্রেরণ করতে হবে। সাপ্তাহিক/সরকারি ছুটি থাকলে তার পরদিন প্রতিবেদন প্রেরণ করতে হবে।

(খ) অনিয়মিতভাবে তথ্য প্রেরণ করা যাবে না। বিশেষ করে ২/৩ মাসের তথ্য একসাথে প্রেরণ করা যাবে না।

(গ) দুই পাতার মধ্যে প্রতিবেদন দিতে হবে। একটিতে থাকবে অগ্রায়ন পত্র অন্যটিতে থাকবে ৪টি ছকের প্রতিবেদন।

(ঘ) প্রতিবেদন লক্ষ টাকায় উল্লেখ করা হলেও দেখা যায় যে, দশমিক ব্যবহার না করে সম্পূর্ণ টাকা উল্লেখ করে দেওয়া হয়। যেমন: কোন বীমা কোম্পানীর প্রিমিয়াম আয় ২৩,৫০,৭৯৯/- (তেইশ লক্ষ পঞ্চাশ হাজার সাতশত নিরানব্বই) টাকা হলে ছকে ২৩.৫১ লক্ষ টাকা উল্লেখ করতে হবে।

(ঙ) ২০১৪ সালের জুলাই মাস হতে তথ্য প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে। অদ্যাবধি যে সকল বীমা প্রতিষ্ঠান সকল তথ্য দেয়নি/ভুল তথ্য দিয়েছেন তারা প্রয়োজনে পূর্ববর্তী মাসসমূহের সংশোধনী প্রেরণ করতে পারবেন।

(চ) ছক-৫ এ প্রিমিয়াম বলতে আপনার বীমা প্রতিষ্ঠানের প্রতিবেদন দাখিলের মাসের সর্বমোট প্রিমিয়াম আয় বুঝাবে।

(ছ) সম্পদের পরিবৃদ্ধির তথ্য অনেকেই ত্রৈমাসিকভাবে করে থাকেন। সেক্ষেত্রে ত্রৈমাসিকভাবে তথ্য দেওয়া যাবে। অন্তর্বতী ২ মাসের তথ্য প্রদানের সময় নির্ধারিত ছকের স্থানে শূন্য দিতে হবে। যদি সম্পদের পরিবৃদ্ধি (-) হয় তবে তাও উল্লেখ করতে হবে।

(জ) এ বিষয়ে সকল লাইফ ও নন-লাইফ বীমা কোম্পানীর কোম্পানী সেক্রেটারিদের কর্তৃপক্ষ হতে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তথাপি যদি কারও ছক পূরণে কোন প্রকার সমস্যা হয় তাহলে কর্তৃপক্ষের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বেগম তানিয়া আফরিন (idra.pr.bd@gmail.com মোবাইল নং-০১৯১৫-৮১৫০০৫) এর সঙ্গে প্রয়োজনে যোগাযোগ করতে পারবেন।

**কামরুল হক মারুফ**
পরিচালক (প্রসাশন)

## ছক-১
## লাইফ ইন্স্যুরেন্স পলিসির গ্রাহক সংখ্যা বৃদ্ধি

বিবেচ্য মাস/সনঃ অক্টোবর,২০১৭

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | আগস্ট, ২০১৭ শেষে (মোট গ্রাহক সংখ্যা) | বিবেচ্য মাসে (সেপ্টেম্বর) নতুন অর্ন্তভুক্ত গ্রাহক সংখ্যা | বিবেচ্য মাস (সেপ্টেম্বর) পর্যন্ত (মোট গ্রাহক সংখ্যা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ |
| | | | | | |

- ০৪ এ বিবেচ্য মাস বলতে সেপ্টেম্বর, ২০১৭ মাসে নতুন গ্রাহক সংখ্যা বুঝাবে। ০৫ এ মোট গ্রাহক সংখ্যা বলতে সর্বমোট চলমান পলিসির সংখ্যা বুঝাবে (বীমাদাবি নিষ্পত্তি/সারেন্ডার/তামাদি পলিসি বাদ যাবে)।

## ছক-৩
## প্রশিক্ষণের তথ্যাদি

বিবেচ্য মাস/সনঃ অক্টোবর, ২০১৭

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | প্রশিক্ষণপ্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | সেপ্টেম্বর, ২০১৭ | | |
| | | | | |

ছক-৪

বীমাদাবী সংক্রান্ত তথ্যাবলি

বিবেচ্য মাস/সনঃ অক্টোবর, ২০১৭

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | বিগত মাস শেষে পেন্ডিং বীমা দাবীর সংখ্যা | বিবেচ্য মাসে উত্থাপিত বীমা দাবীর সংখ্যা | মোট প্রক্রিয়াধীন বীমা দাবীর সংখ্যা | নিষ্পত্তিকৃত বীমা দাবীর সংখ্যা | বিবেচ্য মাস শেষে পেন্ডিং সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ |

- ০৩-এ উল্লেখিত বিগত মাস বলতে আগস্ট, ২০১৭ এর পেন্ডিং বীমাদাবি বুঝাবে এবং ০৪-এ উল্লেখিত বিবেচ্য মাস বলতে সেপ্টেম্বর মাসে উত্থাপিত বীমাদাবি বুঝাবে।

ছক-৫

প্রিমিয়াম আয় ও সম্পদের পরিবৃদ্ধি

বিবেচ্য মাস/সনঃ অক্টোবর, ২০১৭

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | প্রিমিয়াম আয় (লক্ষ টাকায়) | সম্পদের পরিবৃদ্ধি (লক্ষ টাকায় | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | সেপ্টেম্বর, ২০১৭ | সেপ্টেম্বর, ২০১৭ | |
| | | | | |

বিঃদ্রঃ উপর্যুক্ত ছক মোতাবেক প্রতি মাসের তথ্য পরবর্তী মাসের ০৩ তারিখের মধ্যে কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।

**তানিয়া আফরিন**

জনসংযোগ কর্মকর্তা

স্মারক নং- ৫৩.০২.০০০০.০১৯.৬৭.০১০.১৭.১৭ তারিখ ঃ ১০ অক্টোবর ২০১৭

**বিষয় ঃ ML/TF প্রতিরোধকল্পে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে যথাযথ কার্যকর ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

ML/TF প্রতিরোধকল্পে বীমা কর্পোরেশন/ কোম্পানীসমূহে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে আপনার প্রতিষ্ঠানের দাপ্তরিক সকল কর্মকর্তা- কর্মচারী এবং মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা-কর্মচারী ও এজেন্টদের নিয়ে সভা/ সেমিনার/ প্রশিক্ষণের আয়োজন করার নির্দেশনা প্রদান করা হলো। সে মোতাবেক কোম্পানীসমূহ সভা/ সেমিনার/ প্রশিক্ষণের আয়োজন করবে এবং এ সংশ্লিষ্ট দলিলাদির অনুলিপি বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বরাবর দাখিল করবে। প্রসঙ্গত: বছর শেষে প্রতিটি কর্পোরেশন/ কোম্পানীর অনুষ্ঠিত সভা/ সেমিনার/ প্রশিক্ষণের বিষয়ে পর্যালোচনা করা হবে। এছাড়াও উল্লেখ্য ML/TF প্রতিরোধকল্পে অনুষ্ঠিতব্য সভা/সেমিনার/প্রশিক্ষণের বিষয়ে স্ব-স্ব কর্পোরেশন/ কোম্পানীর চাহিদা মোতাবেক বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

**কামরুল হক মারুফ**
পরিচালক

স্মারক নং- ৫৩.০২.০০০০.০১৯.৬৭.০১০.১৭.১৮ তারিখ ঃ ১০ অক্টোবর ২০১৭

**বিষয়ঃ AML/CTF বিষয়ক আইন ও সংশ্লিষ্ট বিধিবিধান পরিপালন প্রসঙ্গে।**

ML/TF রোধকল্পে বীমা কর্পোরেশন/ কোম্পানীসমূহে সচেতনতা বৃদ্ধিতে তথা কার্যকর ব্যবস্থা গ্রহণে প্রতিবছর আপনার প্রতিষ্ঠানের প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার (CAMLCO) অংশগ্রহণে (CAMLCO) সম্মেলন অনুষ্ঠিত হয়ে আসছে। Money Laundering Prevention Act 2012, Anti Terrorism Act 2009 এবং সংশ্লিষ্ট বিধিবিধান মোতাবেক আপনার প্রতিষ্ঠানে ML/TF রোধকল্পে কী কী করণীয় এ বিষয়ে একটি প্রতিবেদন আপনার প্রতিষ্ঠানের CAMLCO কর্তৃক প্রস্তুতপূর্বক তা আপনার প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ এবং সকল উর্ধ্বতন কর্মকর্তাগণকে অবহিতকরণের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান কর হলো। প্রসঙ্গতঃ উল্লেখ্য, প্রস্তুতকৃত প্রতিবেদন এবং সকলকে অবহিতকরণের গৃহীত ব্যবস্থা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (আইডিআরএ) এবং বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) বরাবর প্রেরণের জন্যও নির্দেশনা প্রদান করা হলো।

**কামরুল হক মারুফ**
পরিচালক

স্মারক নং- ৫৩.০২.০০০০.০১৯.৬৭.০১০.১৭.১৯ তারিখ ঃ ১০ অক্টোবর ২০১৭

**বিষয়ঃ CAMLCO সম্মেলন-২০১৭ এর বিষয়ে কোম্পানীর পরিচালনা পর্ষদকে অবহিতকরণ প্রসঙ্গ।**

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এবং বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট এর যৌথ উদ্যোগে গত ১৯-২০ আগস্ট, ২০১৭ তারিখে অনুষ্ঠিত "CAMLCO সম্মেলন-২০১৭" এ আপনার প্রতিষ্ঠানের প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) অংশগ্রহণ করেন। উক্ত সম্মেলনের বিস্তারিত কর্পোরেশন/ কোম্পানীর পরিচালনা পর্ষদের সকলকে অবহিতকরণের লক্ষ্যে একটি প্রতিবেদন প্রস্তুতপূর্বক তা স্ব-স্ব প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ বরাবর দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। প্রসঙ্গতঃ উল্লেখ্য, দাখিলকৃত প্রতিবেদনের একটি অনুলিপি বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (আইডিআরএ) এবং বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) বরাবর প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

**কামরুল হক মারুফ**
পরিচালক

সূত্র- বী:উ:নি:ক:/জিএডি/১০০৩(৫)/২০১১.০২ তারিখ ঃ ১০ অক্টোবর ২০১৭

**বিষয়ঃ বীমা শিল্পের দক্ষ মানব সম্পদ গড়ার লক্ষ্যে বীমা এজেন্টদেরকে প্রশিক্ষণ প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচেছ যে, বীমা ব্যবসা আহরণের নিমিত্তে এজেন্ট নিয়োগ করা হয়। উক্ত এজেন্টগণের জন্য প্রশিক্ষণের বিষয়টিকে প্রাধান্য দিয়ে কর্তৃপক্ষ হতে ০৭/১২/২০১৭ ইং তারিখে জিএডি সার্কুলার নং ১২/২০১৪ জারি করা হয়। উক্ত সার্কুলারে নিদের্শনা যথাযথঃ অনুসরণ করা প্রতিটি বীমা কোম্পানীর জন্য অবশ্য পালনীয়।

২। এ প্রসঙ্গে পুনরায় স্মরণ করিয়ে দেয়া হচেছ যে, বীমা এজেন্টদেরকে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ মানবসম্পদ তৈরীর জন্য বীমা কোম্পানীগুলোকে তার কোম্পানীতে নিয়োজিত এজেন্টদেরকে কর্তৃপক্ষ কর্তৃক Affiliated প্রতিষ্ঠান বা সরকারী প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে আবশ্যিকভাবে ৭২ ঘন্টা প্রশিক্ষণ শেষে প্রাপ্ত সনদ কর্তৃপক্ষ বরাবর দাখিল করতে হবে। উক্ত সার্কুলারের নির্দেশনা অনুযায়ী ৭২ ঘন্টা ট্রেনিং গ্রহণ ব্যতিত নিয়োজিত কোন এজেন্টের মাধ্যমে কোন কোম্পানী বীমা ব্যবসা সংগ্রহ করলে এবং তার প্রেক্ষিতে কমিশন প্রদান করা হয়েছে মর্মে প্রমাণিত হলে কর্তৃপক্ষ বীমা আইন অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহণ করবে।

**গকুল চাঁদ দাস**
সদস্য

স্মারক নং- ৫৩.০২.০০০০.০০৯.০৬.০১৯.১৭.৩৫ তারিখ ঃ ২৯ অক্টোবর ২০১৭

**বিষয়ঃ বীমা কোম্পানীতে বর্তমানে নিয়োজিত উপদেষ্টা/ পরামর্শকের তথ্য প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সকল বীমা কোম্পানীতে বর্তমানে নিয়োজিত উপদেষ্টা/ পরামর্শকের তথ্য নিম্নোক্ত ছক মোতাবেক আগামী ০৯/১১/২০১৭ তারিখের মধ্যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলোঃ

| ক্রঃ নং | নাম | উপদেষ্টা/পরামর্শক | বয়স | উপদেষ্টা/ পরামর্শক হিসেবে কোম্পানীতে যোগদানের তারিখ | চুক্তি ভিত্তিক হলে কত সময়ের চুক্তি | কোম্পানির সাথে পূর্বের সংশ্লিষ্টতা |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |

**খলিল আহমদ**
নির্বাহী পরিচালক (যুগ্মসচিব)

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০০৯.১৬.০১৮.১৭.৭০ তারিখ ঃ ০৬ ডিসেম্বর ২০১৭

**বিষয়ঃ বীমা কোম্পানীরসমুহের মুখ্য নির্বাহী কর্মকর্তা/ উপদেষ্টা পদে নিয়োগ বা পুনঃনিয়োগ, ভূমি/ দালান/ ফ্ল্যাট/ অফিস স্পেস ক্রয়/ উদ্যোক্তাশেয়ার হোল্ডারদের শেয়ার ক্রয় বিক্রয়/ শাখা কার্যালয় খোলার স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণ সংক্রান্ত**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানে যাচ্ছে যে, পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত 'চেক লিস্ট' মোতাবেক মুখ্য নির্বাহী কর্মকর্তা/ উপদেষ্টা নিয়োগ বা পুনঃনিয়োগ, ভূমি/ দালান/ ফ্ল্যাট/ অফিস স্পেস ক্রয়/ উদ্যোক্তা শেয়ার ক্রয় বিক্রয় এবং শাখা কার্যালয় খোলার প্রস্তাব প্রেরণ করতে হবে। সংযুক্ত 'চেক লিস্ট' পূরণ করে প্রয়োজনীয় দলিলাদিসহ স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ আবেদন কর্তৃপক্ষ কর্তৃক বিবেচনা করা হবে না।

২। এই আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে জারি করা হল।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক "চেক লিষ্ট" ০৩ (তিন) ফর্দ

**খলিল আহমদ**

নির্বাহী পরিচালক (যুগ্মসচিব)

## (১) বীমাকারীর মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ অনুমোদনের চেক লিষ্ট

| ক্রমিক নং | বিবরণ | মন্তব্য |
|---|---|---|
| ১ | প্রস্তাবিত মুখ্য নির্বাহী কর্মকর্তাকে বীমাকারীর প্রদত্ত অফার লেটার; | |
| ২ | প্রস্তাবিত মুখ্য নির্বাহী কর্মকর্তার ছবি সহ জীবনবৃত্তান্ত; | |
| ৩ | পরিচালনা পর্ষদ সভায় গৃহীত সিদ্ধান্তের সত্যায়িত কপি; | |
| ৪ | প্রস্তাবিত মুখ্য নির্বাহী কর্মকর্তার সাথে বীমাকারীর চুক্তিপত্র; | |
| ৫ | শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি; | |
| ৬ | যে শ্রেণির বীমার জন্য কোন ব্যক্তিকে মুখ্য নির্বাহী কর্মকর্তার জন্য প্রস্তাব করা হবে অনুরূপ শ্রেণির বীমা কোম্পানীতে ১৫ বৎসরের কাজের অভিজ্ঞতা। | |
| ৭ | মুখ্য নির্বাহী কর্মকর্তার অব্যবহিত পূর্ব পদে ৩ বৎসরের অভিজ্ঞতার স্বপক্ষে প্রমাণ; | |
| ৮ | বয়স (সীমা ৪০ থেকে ৬৭ বৎসর); | |
| ৯ | জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি; | |
| ১০ | মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ ও অপসারণ বিধিমালার প্রবিধি-৫ এ উল্লেখিত বিষয়ে প্রদত্ত হলফনামা; | |
| ১১ | কোন বীমা প্রতিষ্ঠানের পরিচালক বা উদ্যোক্তা নন এ মর্মে হলফনামা; | |
| ১২ | সিআইবি রিপোর্ট সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য (বাংলাদেশ ব্যাংক থেকে নির্ধারিত ইনকোয়ারী ফর্ম ১ অনুযায়ী); | |
| ১৩ | আয়কর সংক্রান্ত তথ্যের সত্যায়িত কপি; | |
| ১৪. | মুখ্য নির্বাহী কর্মকর্তা (নিয়োগ ও অপসারণ) প্রবিধানমালা-২০১২ এর ৩ এর ঘ ও ঙ ধারায় বর্ণিত সনদপত্র (যদি থাকে); এবং | |
| ১৫ | প্রস্তাবিত মুখ্য নির্বাহী কর্মকর্তা পূর্বে কোন বীমা কোম্পানিতে মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করলে বা চুক্তি সম্পন্ন করলে উক্ত বীমা কোম্পানির ছাড়পত্রের সত্যায়িত কপি। | |

## (২) বীমাকারীর উপদেষ্টা নিয়োগ অনুমোদনের চেক লিষ্ট

| ক্রমিক নং | বিবরণ | মন্তব্য |
|---|---|---|
| ১ | প্রস্তাবিত উপদেষ্টাকে বীমাকারী কর্তৃক প্রদত্ত অফার লেটার; | |
| ২ | প্রস্তাবিত উপদেষ্টার ছবি সহ জীবনবৃত্তান্ত; | |
| ৩ | পরিচালনা পর্ষদ সভায় গৃহীত সিদ্ধান্তের সত্যায়িত কপি; | |
| ৪ | প্রস্তাবিত উপদেষ্টার সাথে বীমাকারীর চুক্তিপত্র; | |
| ৫ | শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি; | |
| ৬ | একই বীমা শ্রেণীতে বীমা ও প্রশাসনিক কাজের অভিজ্ঞতার প্রমাণ; | |
| ৭ | নিম্ন বর্ণিত বিষয়ে হলফনামাঃ<br>(১) তিনি কোন বীমাকারীর উদ্যোক্তা/পরিচালক বা কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের উদ্যোক্তা/পরিচালক নন;<br>(২) তিনি কোন ঋন খেলাপী নন;<br>(৩) তিনি রাষ্ট্রীয় শৃঙ্খলা বিরোধী কোন কার্যকলাপে জড়িত নন;<br>(৪) তিনি দেশের কোন আদালতে কোন অপরাধের জন্য দন্ডিত নন;<br>(৫) তিনি বা তার পরিবারের সদস্যদের নামে বীমাকারীর কোন এজেন্ট লাইসেন্স নেই;<br>(৬) তিনি অন্য কোন বীমাকারীর সাথে কোনভাবেই সংশ্লিষ্ট নন। | |
| ৮ | সিআইবি রিপোর্ট সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য (বাংলাদেশ ব্যাংক থেকে নির্ধারিত ইনকোয়ারী ফর্ম ১ অনুযায়ী); | |
| ৯ | জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি; | |
| ১০ | আয়কর সংক্রান্ত তথ্যের সত্যায়িত কপি; এবং | |
| ১১ | প্রস্তাবিত উপদেষ্টা পূর্বে কোন বীমা কোম্পানীতে দায়িত্ব পালন করলে বা চুক্তি সম্পন্ন করলে উক্ত বীমা কোম্পানীর ছাড়পত্রের সত্যায়িত কপি। | |

## (৩) বীমাকারীর ভূমি/দালান ক্রয় বিক্রয়ের অনুমোদনের চেক লিষ্টঃ

| ক্রমিক নং | বিবরণ | মন্তব্য |
|---|---|---|
| ১ | ভূমি/দালানকোঠা বা স্থাবর সম্পত্তি ক্রয়ের উদ্দেশ্যসহ ভূমি/দালানকোঠা বা স্থাবর সম্পত্তি ক্রয়ের বিষয়ে পরিচালনা পর্ষদের সভার সিদ্ধান্তের কপি; | |
| ২ | জমি, ভবন বা ফ্লোর স্পেসের তফসিল (বিস্তারিত ঠিকানা); | |
| ৩ | জমি, ভবন বা ফ্লোর স্পেসের পরিমাণ এবং প্রস্তাবিত মূল্য (জমির ক্ষেত্রে প্রতি কাঠা/শতাংশ এবং ফ্লোর স্পেসের ক্ষেত্রে প্রতি বর্গফুট হিসেবে); | |

| | | |
|---|---|---|
| ৪ | সিএস/আরএস/এস এ খতিয়ান মোতাবেক মালিকানা ও নামজারীর বিবরণসহ প্রমাণ; | |
| ৫ | স্থানীয় সরকারের করসহ হালনাগাদ ভূমি উন্নয়নকর পরিশোধের প্রমাণ; | |
| ৬ | ভবন বা ফ্লোর স্পেসের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নকক্ষা; | |
| ৭ | প্রস্তাবিত ভূমি/ফ্লোর স্পেস/ভবন বা স্থাবর সম্পত্তির রেজিষ্ট্রেশন খরচ, ট্যাক্স এবং অন্যান্য খরচ সংক্রান্ত তথ্যাদি; | |
| ৮ | প্রস্তাবিত ভূমি/ফ্লোর স্পেস/ ভবন বা স্থাবর সম্পত্তির বিপরীতে কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে কোন বন্ধকী ঋন আছে কিনা সে সংক্রান্ত তথ্যাদি; | |
| ৯ | প্রস্তাবিত ভূমি/দালান কোঠা বা স্থাবর সম্পত্তি নিষ্কন্টক মর্মে সনদপ্রাপ্ত আইনজীবীর সনদপত্র; | |
| ১০ | ইতোপূর্বে কোম্পানী কর্তৃক ক্রয়কৃত ভূমি/ভবন বা স্থাবর সম্পত্তির তালিকা, অবস্থান ও ব্যবহারের বিবরণসহ এর ক্রয় মূল্য এবং আনুমানিক বাজার মূল্য; | |
| ১১ | বিক্রেতার সাথে কোম্পানীর কোন উদ্যোক্তা/পরিচালক এবং তাদের আত্মীয় স্বজনদের সম্পৃক্ততা আছে কিনা সে সর্ম্পকে মুখ্য নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র; | |
| ১২ | যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক বৈধ লাইসেন্সধারী ক্ষমতাপ্রাপ্ত ২টি জরিপ প্রতিষ্ঠান কর্তৃক ভূমি/দালানকোঠা বা স্থাবর সম্পত্তির পরিমাণ, বর্তমান বাজার মূল্য এবং অবস্থানের বিবরণ (নকশাসহ) উল্লেখপূর্বক দুটি (০২) নিরপেক্ষ জরিপ প্রতিবেদন; | |
| ১৩ | প্রস্তাবিত ভূমি, ভবন বা ফ্লোর স্পেস ক্রয়ের অর্থের উৎস; | |
| ১৪ | প্রস্তাবিত ভূমি, ভবন বা ফ্লোর স্পেস ক্রয়ের উদ্দেশ্য; | |
| ১৫ | বীমা গ্রাহকের দায়ের পরিমানঃ<br>(ক) বীমাকারীর অনিস্পন্ন বীমাদাবী (মৃত্যু দাবী, মেয়াদোর্ত্তীন দাবী এবং অন্যান্য দাবী) এর পরিমাণ;<br>(খ) লাইফ বীমাকারীর ক্ষেত্রে বীমাগ্রাহকের দায়ের পরিমাণ (পলিসি বোনাস সহ);<br>(গ) মোট বীমা গ্রাহকের দায় [(ক)+(খ)]; | |
| ১৬ | বীমাকারীর মোট বিনিয়োগরে হিসাব (খাতওয়ারী); | |
| ১৭ | বীমাকারীর বর্তমান লাইফ ফান্ড/রির্জাভ ফান্ড/বিনিয়োগযোগ্য অর্থের পরিমাণ; | |
| ১৮ | বীমাকারীর বিনিয়োগযোগ্য তহবিলের প্রাক্কলিত বিনিয়োগ আয়ের হিসাব | |

## (৪) বীমাকারীর উদ্যোক্তা শেয়ারহোল্ডারদের শেয়ার ক্রয় বিক্রয় অনুমোদনের চেক লিষ্ট

| ক্রমিক নং | বিবরণ | মন্তব্য |
|---|---|---|
| ১ | শেয়ার হস্তান্তরকারী কর্তৃক বিক্রয়/হস্তান্তরের প্রস্তাবের কপি; | |
| ২ | শেয়ার গ্রহণকারী কর্তৃক ক্রয়/হস্তান্তরের প্রস্তাবের কপি; | |
| ৩ | শেয়ার হস্তান্তরের বিষয়ে অন্যান্য উদ্যোক্তাদের অনাপত্তি পত্র; | |
| ৪ | শেয়ার ক্রয় বিক্রয়ের বিষয়ে পরিচালনা পর্ষদের সিদ্ধান্তের কপি; | |
| ৫ | উদ্যোক্তার শেয়ার হস্তান্তরের জন্য ফরম-১১৭ সহ শেয়ার সার্টিফিকেটের সত্যায়িত কপি; | |
| ৬ | উদ্যোক্তার ডিমেট শেয়ারেরর ক্ষেত্রে বিও হিসাবের হিসাব বিবরণী; | |
| ৭ | শেয়ার হস্তান্তরকারীর শেয়ার বিক্রয়/হস্তান্তরের কারণ; | |
| ৮ | শেয়ার হস্তান্তরকারীর এফিডেভিটের কপি; | |
| ৯ | শেয়ার গ্রহণকারীর সিআইবি রিপোর্ট সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য (বাংলাদেশ ব্যাংক থেকে নির্ধারিত ইনকোয়ারী ফর্ম-১ অনুযায়ী); | |
| ১০ | কোম্পানি কর্তৃক শেয়ার হস্তান্তরের সনদপত্র; | |
| ১১ | শেয়ার গ্রহনকারীর জীবনবৃত্তান্তসহ এক কপি ছবি; | |
| ১২ | শেয়ার গ্রহণকারীর হলফনামা; | |
| ১৩ | শেয়ার গ্রহণকারীর জাতীয় পরিচয়পত্রের কপি; | |
| ১৪ | শেয়ার গ্রহণকারীর হালনাগাদ আয়কর পরিশোধের সনদ পত্র এবং সম্পদ বিবরণী আইটি-১০বি এর কপি; | |
| ১৫ | শেয়ার গ্রহণকারীর আয়ের উৎস; | |
| ১৬ | শেয়ার গ্রহণকারীর অন্যান্য শেয়ারের বিবরণী (যদি থাকে) | |

[ নোটঃ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন প্রাপ্তির পর কোম্পানী আইন ১৯৯৪ ও বীমাকারীর সংঘবিধির বিধান এবং তালিকাভুক্ত কোম্পানীর ক্ষেত্রে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর সংশ্লিষ্ট আইন ও বিধিবিধান মোতাবেক শেয়ার হস্তান্তর করতে হবে। শেয়ার হস্তান্তরের পর বীমাকারী অবশ্যই কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। ]

## (৫) বীমাকারীর শাখা কার্যালয়ের অনুমোদনের চেক লিষ্ট

| ক্রমিক নং | বিবরণ | মন্তব্য |
|---|---|---|
| ১ | বীমাকারীর শাখা ও কার্যালয় স্থাপন (লাইসেন্স প্রাপ্তির আবেদন) প্রবিধানমালা ২০১২ এর প্রবিধি-৩ এ উল্লেখিত 'ফরম-ক' মোতাবেক আবেদন এবং উক্ত আবেদনে নিম্ন বর্ণিত তথ্যাদিঃ<br>(ক) পূর্বে স্থাপিত সকল শাখা ও কার্যালয় সংক্রান্ত তথ্যাদি;<br>(খ) পূর্বে স্থাপন করা হয়েছিল; কিন্তু পরবর্তীতে বন্ধ করা হয়েছে এ রুপ শাখা ও কার্যাদি সংক্রান্ত তথ্যাদি;<br>(গ) পূর্বে লাইসেন্স গ্রহণ করা হয়েছিল, কিন্তু স্থাপন করা হয়নি এ রুপ শাখা ও কার্যালয় সংক্রান্ত তথ্যাদি;<br>(ঘ) নতুন শাখা ও কার্যালয় স্থাপনের জন্য লাইসেন্স প্রাপ্তির আবেদন বা, ক্ষেত্রমত, আপীল বা না-মঞ্জুর সংক্রান্ত তথ্যাদি; | |
| ২ | প্রস্তাবিত শাখা ও কার্যালয়ের শাখা ব্যবস্থাপকের পূর্নাঙ্গ জীবনবৃত্তান্ত; | |
| ৩ | শাখা ব্যবস্থাপকের শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের কপি; | |
| ৪ | শাখা ব্যবস্থাপকের জাতীয় পরিচয়পত্রের কপি; | |
| ৫ | শাখা ও কার্যালয়ের অর্গানোগ্রাম ও কার্যপদ্ধতি; | |
| ৬ | শাখা কার্যালয় খোলার ক্ষেত্রে কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত নীতিমালা বা পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত; | |
| ৭ | প্রস্তাবিত শাখা কার্যালয়ের ভাড়া চুক্তি পত্রের কপি; | |
| ৮ | বীমাকারীর নিজস্ব ফ্লোর স্পেস বা ভবনে হলে সাফকাবালাসহ নামজারীর কপি; এবং | |
| ৯ | প্রস্তাবিত শাখা কার্যালয় খোলার জন্য নিম্ন বর্ণিত হারে ফি (উক্ত ফি এর উপর মূল্য সংযোজন কর আইন ১৯৯১ মোতাবেক ১৫% ভ্যাটসহ) পরিশোধের চেক/পে-অর্ডার<br>(ক) নন-লাইফ ইন্স্যুরেন্স এর ক্ষেত্রে ৫০,০০০/-<br>(খ) লাইফ ইন্স্যুরেন্স এর ক্ষেত্রে ঃ<br>(অ) বিভাগীয় সদরে ১০,০০০/-<br>(আ) জেলা সদরে ৫,০০০/- এবং<br>(ই) অন্যান্য ক্ষেত্রে ১,০০০/- টাকা | |

**খলিল আহমদ**
নির্বাহী পরিচালক (যুগ্মসচিব)
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০৭৪.০৪.০০৯.১৭.৩ তারিখ ঃ ১৫ জানুয়ারী ২০১৮

**বিষয়ঃ বিভিন্ন আদালতে ডিসেম্বর/ ২০১৭ পর্যন্ত নিষ্পত্তির অপেক্ষমান মামলার তথ্য প্রেরণ।**

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সূত্র ঃ ৫৩.০০.০০০০.২৩২.১৬.০০১.১৬.-৫৫৫ তারিখ ৩১/১২/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নিম্মোক্ত ছকে আপনার কোম্পানীর নিষ্পত্তির অপেক্ষমান মামলার ডিসেম্বর/২০১৭ পর্যন্ত বিবরণ (হার্ডকপি ও ই-মেইল সফট কপি) (aindept.idra@gmail.com) আগামী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

| নং | প্রতিষ্ঠানের নাম | রীট মামলা | | অর্থঋণ মামলা | | সার্টিফিকেট মামলা | | দেউলিয়া মামলা | | অন্যান্য মামলা | | সর্বমোট | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | জড়িত অর্থ | সংখ্যা | জড়িত অর্থ | সংখ্যা | জড়িত অর্থ | সংখ্যা | জড়িত অর্থ | সংখ্যা | জড়িত অর্থ | সংখ্যা | জড়িত অর্থ |
| ১ | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | |

**ড. মহাঃ বশিরুল আলম**
পরিচালক (যুগ্মসচিব)

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০১৯.২৯.০০৩.১৮.০৮ তারিখ ঃ ১৪ মার্চ ২০১৮

**বিষয়ঃ বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশনের উদ্যোগে আয়োজিত বাংলাদেশের বীমা শিল্পের বর্তমান অবস্থাঃ বিরাজমান সমস্যা ও সম্ভাব্য সমাধান শীর্ষক গোলটেবিল আলোচনা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৭ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ বাংলাদেশ ইন্স্যুরেন্স এসাসিয়েশনের সম্মেলন কক্ষে "বাংলাদেশের বীমা শিল্পের বর্তমান অবস্থা: বিরাজমান সমস্যা ও সম্ভাব্য সমাধান" শীর্ষক এক গোলটেবিল আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনার বিষয় ও সুপারিশসমূহ সদয় অবগতির জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হল।

**ড. মহাঃ বশিরুল আলম**
পরিচালক (যুগ্মসচিব)

**বিষয় ঃ বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশনের উদ্যোগে আয়োজিত বাংলাদেশের বীমা শিল্পের বর্তমান অবস্থাঃ বিরাজমান সমস্যা ও সম্ভাব্য সমাধান শীর্ষক গোলটেবিল আলোচনা ঃ**

গত ২৭ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ বাংলাদেশের বীমা শিল্পের বর্তমান অবস্থা : বিরজামান সমস্যা ও সম্ভাব্য সমাধান শীর্ষক এক গোলটেবিল আলোচনা বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইডিআরএ-এর চেয়ারম্যান জনাব মোঃ শফিকুর রহমান পাটোয়ারী এবং সভাপতিত্ব করেন এসোসিয়েশনের সভাপতি জনাব শেখ করিব হোসেন।

২। আলোচনাকালে বক্তাগণ জাতীয় বীমা নীতি-২০১৪ এ চিহ্নিত সমস্যাগুলো নিয়ে বক্তব্য প্রদান করেন। বক্তাগণ তাদের আলোচনায় বীমা খাতের বিভিন্ন সমস্যা চিহ্নিত করেন এবং সুপারিশ প্রদান করেন। নিম্নে আলোচিত বিষয় ও সুপারিশসমূহ বর্ণনা করা হল ঃ

(১) বাংলাদেশে বীমার পেনিট্রেশন ও ব্যবসা বৃদ্ধির জন্য Bancassurance চালু করতে হবে।

(২) অন লাইনে কীভাবে বীমা পরিকল্প বিক্রয় করা যায় তার একটি গাইড লাইন তৈরী করতে হবে।

(৩) স্কুল বীমা চালু করতে হবে।

(৪) বীমাকারী ব্যতীত অন্য কোন বেসরকারী প্রতিষ্ঠান যাতে বীমা ব্যবসা করতে না পারে তার উপযুক্ত ব্যবস্থা গ্রহণ।

(৫) গ্রুপ বীমার প্রসারে শ্রমিক কল্যাণ তহবিল যাতে কোন বিঘ্ন সৃষ্টি না করে এর ব্যবস্থা গ্রহণ।

(৬) কোম্পানীসমূহের মধ্যে সকল ধরনের অসুস্থ প্রতিযোগিতা বন্ধ করতে হবে।

(৭) বীমা শিল্পে মানব সম্পদের উন্নয়ন প্রয়োজন। এক্ষেত্রে অগ্রাধিকার উচ্চপদে নিয়োগ এবং পদোন্নতির যোগ্যতা ডিপ্লোমাধারীদের অগ্রাধিকার দিতে হবে।

(৮) অভিন্ন সাংগঠনিক কাঠামো এবং অভিন্ন সার্ভিস রুল প্রণয়ন করতে হবে।

(৯) সমন্বিত সফটওয়্যার চালুকরণ।

(১০) সলভেন্সি মার্জিন প্রবিধানমালা প্রণয়ন।

(১১) e-technology e-product এবং বীমা বিষয়ক apps চালুকরণ।

(১২) ফ্রান্স ও জার্মানির মত ক্রেডিট ইন্স্যুরেন্স চালুকরণ।

(১৩) বিদেশী কোম্পানিকে যৌথ উদ্যোগে ব্যবসা করার জন্য আমন্ত্রণ জানানো।

(১৪) স্বাস্থ্যবীমা চালুকরণ খুবই জরুরি হয়ে পড়েছে।

(১৫) ইসলামী বীমা ও তাকাফুল বীমাকে জনপ্রিয় করতে হবে এবং এর প্রচারণা চালিয়ে যেতে হবে।

(১৬) ইন্স্যুরেন্স একাডেমিতে ভাল নেতৃত্ব দরকার।

(১৭) পুণঃবীমা ব্যবসা বিয়য়ে একটি সেমিনার করা যেতে পারে।

(১৮) জেলা ও উপজেলার সমন্বয় সভায় বীমা শিল্পের প্রতিনিধিকে অংশগ্রহণের ব্যবস্থা করা যেতে পারে। জেলা ও উপজেলা পর্যায়ে বীমা দাবী পরিশোধ না হলে সমন্বয় সভায় আলোচনা হতে পারে।

(১৯) জাতীয় বীমা নীতি-২০১৪ এ ১৪টি গুরুত্বপূর্ণ বিষয় চিহ্নিত করে কাজ শুরু করা যেতে পারে।

(২০) বীমা আইনের ত্রুটিপূর্ণ ধারাসমূহ চিহ্নিতকরণ এবং সমাধানের উদ্যোগ গ্রহণ করা।

(২১) নন-লাইফ বীমার ক্ষেত্রে এজেন্ট এর নামে কমিশন ব্যবসার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ।

(২২) বীমা শিল্পে কোম্পানীর জন্য পুরস্কারের ব্যবস্থাগ্রহণ।

(২৩) সরকারি কর্মকর্তা কর্মচারীদের জন্য স্বাস্থ্যবীমার বিষয়ে কল্যাণ বোর্ড আইন সংশোধন করে আইন মন্ত্রণালয়ে ভেটিং এর জন্য পাঠিয়েছে। এ বিষয়ে এখনই হস্তক্ষেপ করা প্রয়োজন।

(২৪) সরকারি কর্মচারীর প্রদত্ত যৌথবীমা তহবিলের সাথে বীমা কোম্পানীকে সংশ্লিষ্ট করা।

(২৫) শ্রম আইন সংশোধন করে শ্রমিকদের বীমার আওতায় আনা হয়েছে কিন্তু শ্রম মন্ত্রণালয় এখন কল্যাণ ফান্ড ব্যবহার করে বীমার কার্যক্রম চালিয়ে যাচ্ছে, এর সমাধান প্রয়োজন (আইনের ৯৮ ধারায় বাধ্যতামূলক করা হয়েছে)

(২৬) আইডিআরএ মনিটরিং বাড়াতে হবে এবং দাবী পরিশোধ হচ্ছে কিনা দেখতে হবে।

(২৭) বীমা একাডেমিকে ইন্সটিটিউট করা।

(২৮) বিপিএটিসি এর বুনিয়াদি কোর্সের সিলেবাসে বীমাকে অন্তর্ভূক্তকরণ।

(২৯) বীমা দিবস চালুকরণ।

(৩০) পাবলিক Disclosure চালুকরণ।

(৩১) ট্যারিফ না মানার বিষয়ে গুরুত্ব দেয়া।

(৩২) অডিট হচ্ছে না এবং সরকারীভাবে অডিট বন্ধ রাখা হয়েছে।

(৩৩) পলিসিহোল্ডারদের শেয়ার/মুনাফা নেয়া হচ্ছে কিনা দেখার কেহ নেই।

(৩৪) অনেক কোম্পানী Re-Insurance করতে পারছে না এবং Claim দিতে পারছে না। এ বিষয়ে ব্যবস্থা নেয়া।

(৩৫) মুখ্য নির্বাহী কর্মকর্তাদের সৎ ও নিষ্ঠাবান হওয়া।

(৩৬) এজেন্ট প্রশিক্ষণে কোন লাভ হচ্ছে না শুধুই খরচ বৃদ্ধি পাচ্ছে এবং নতুন এজেন্ট হচ্ছে না বরং কমে যাচ্ছে।

(৩৭) সরকারি স্থাপনা ও বেসরকারী বাড়িঘরের কোন বীমা হচ্ছে না।

(৩৮) নতুন প্রোডাক্ট উদ্ভাবন করা । অনৈতিক প্রোডাক্ট বাছাই করে তা বন্ধ করার উদ্যোগ নেয়া।

(৩৯) বীমা আইন ২০১০ সংশোধনের জন্য একটি কমিটি গঠন করা যেতে পারে।

(৪০) এডভাইজারি কমিটি গঠন করা প্রয়োজন বিধি প্রণয়নের নিমিত্তে।

(৪১) তাকাফুল ইসলামী বীমার জন্য বিধি (Rule) করা।

(৪২) Policy holder fund & Share holder fund কে আলাদা করতে হবে।

(৪৩) IDRA থেকে বীমাবিষয়ক প্রচারণার উদ্যোগ নিতে হবে।

(৪৪) বাংলাদেশে অন্যান্য দেশের মত Investment Link Product থাকা দরকার।

(৪৫) বিধি প্রবিধান প্রণয়নে ধীর্ঘসূত্রীতা রয়েছে তা কমিয়ে আনতে হবে।

(৪৬) বীমানীতির কর্মপরিকল্পনার মেয়াদ বৃদ্ধির জন্য মন্ত্রণালয়ে অবহিত করা।

(৪৭) গোলটেবিলে আলোচিত বিষয়সমূহের ওপর সমাধানের পথ বের করার জন্য সভা আহবান করা।

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০১৭.১৬.০০৭.১৮.৭৬ তারিখ ঃ ১৮ মার্চ ২০১৮

**বিষয়ঃ বীমা কর্পোরেশন/ লাইফ ও নন-লাইফ বীমা প্রতিষ্ঠানের সকল বীমা চুক্তিপত্র দ্বিভাষিক (Bilingual) করণ এবং সর্বস্তরে বাংলা ভাষা প্রচলন সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কর্পোরেশন এবং লাইফ ও নন-লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী কর্তৃক প্রণীত বীমা চুক্তিপত্র শুধু ইংরেজি ভাষাতে হওয়ায় সাধারণ গ্রাহকের পক্ষে বীমা পলিসি খোলা এবং পরবর্তীতে দাবি সংক্রান্ত বিষয়ে বিবিধ সমস্যা পরিলক্ষিত হচ্ছে।

(২) আরও লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন বীমা কোম্পানী কর্তৃপক্ষ বরাবর ইংরেজি ভাষায় চিঠিপত্র প্রেরণ করে থাকেন।

(৩) এছাড়া বীমা জরিপকারী প্রতিষ্ঠানসমূহ ইংরেজি ভাষাতে জরিপ প্রতিবেদন প্রেরণ করে।

উপর্যুক্ত বিষয়সমূহের প্রতি দৃষ্টি আর্কষণপূর্বক জানানো যাচ্ছে যে, বাংলা ভাষা প্রচলন আইন, ১৯৮৭ মোতাবেক বিদেশের সাথে যোগাযোগ ব্যতীত সকল ক্ষেত্রে বাংলা ভাষা ব্যবহারে আইনী বাধ্যবাধকতা রয়েছে। সর্বস্তরে বাংলা ভাষা ব্যবহারের বিষয়ে মহামান্য হাইকোর্টের নির্দেশনাও রয়েছে।

**বাংলা ভাষা ব্যবহারে কর্তৃপক্ষের নিম্নোক্ত নির্দেশনাসমূহ অবশ্যপালনীয় ঃ**

(১) কর্পোরেশন এবং লাইফ ও নন-লাইফ বীমা প্রতিষ্ঠানের সকল ধরণের বীমা চুক্তিপত্র দ্বিভাষিক (Bilingual) অর্থাৎ আগামীতে সম্পাদিতব্য সকল চুক্তিপত্র বাংলা এবং ইংরেজি ভাষাতে সম্পাদনের ব্যবস্থা গ্রহণপূর্বক ১৮ এপ্রিল ২০১৮ তারিখের মধ্যে কর্তৃপক্ষকে অবগত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(২) কর্তৃপক্ষ এবং দেশের অভ্যন্তরে বিভিন্ন যোগাযোগের জন্য বিশেষত চিঠিপত্র আদান প্রদানের বাংলা ভাষা ব্যবহার করতে হবে। শুধুমাত্র বিদেশের সাথে যোগাযোগের জন্য ইংরেজি ভাষা ব্যবহার করতে হবে।

(৩) বীমা জরিপকারী প্রতিষ্ঠানসমূঝঝঝঝহকে বাংলা এবং ইংরেজি উভয় ভাষাতে জরিপ প্রতিবেদন প্রস্তুত করতে হবে।

**ড. মহাঃ বশিরুল আলম**
পরিচালক (যুগ্মসচিব)

সূত্র: ৫৩.০৩.০০০০.০১৭.৩৪২.০১৪.১৮.৯০ তারিখ ঃ ০৩ এপ্রিল ২০১৮ খ্রিঃ

**বিষয়ঃ গত ২৭.০২.২০১৮ তারিখে অনুষ্ঠিত ECNEC সভার সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।**

সূত্র ঃ ২০.০০.০০০.৪১১.১৪.০৬.১৮-১৬০, তারিখ ঃ ০১-০৪-২০১৮।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে গত ২৭-০২-২০১৮ তারিখে অনুষ্ঠিত ECNEC সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত ১৯.২ঃ
(খ) "বীমার কি কি সুবিধা রয়েছে সে বিষয়ে ব্যাপক সচেতনতা সৃষ্টি করতে হবে এবং বীমার টাকা তুলতে গিয়ে মানুষ যাতে হয়রানির শিকার না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে।"

২। এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রীর উক্ত নির্দেশনা মোতাবেক দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

**ড. মহাঃ বশিরুল আলম**
পরিচালক (যুগ্মাসচিব)

সূত্র: ২০.০০.০০০০.৪১১.১৪.০৬.১৮.-১৬০ তারিখ ঃ ০১-০৪-২০১৮ খ্রিঃ

**বিষয়ঃ গত ২৭-০২-২০১৮ তারিখে অনুষ্ঠিত একনেক সভার সিদ্ধান্ত অবহিতকরণ।**

সূত্রঃ একনেক সভার কার্যবিবরণী নং-২০.০০.০০০০.৪১২.০৬.০০৭.১৮-৩৪, তারিখঃ ১১-০৩-২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৭-০২-২০১৮ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় "বাংলাদেশের বীমা খাত উন্নয়ন" শীর্ষক প্রকল্পটি আলোচনাকালে অনুমোদন ছাড়াও নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত ঃ ১৯.২ ঃ
(ঘ) "বীমার কি কি সুবিধা রয়েছে সে বিষয়ে ব্যাপক সচেতনতা সৃষ্টি করতে হবে এবং বীমার টাকা তুলতে গিয়ে মানুষ যাতে হয়রানির শিকার না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে"

২। এমতাবস্থায়, একনেক সভার উপর্যুক্ত সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

**মোহাম্মদ কাউসার আলম**
সিনিয়র সহকারী প্রধান

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০৭২.৫৬.০১৮.১৮.৭০ তারিখ ঃ ১৫ এপ্রিল ২০১৮

**বিষয় ঃ সর্বস্তরে বাংলা ভাষা প্রচলন সংক্রান্ত।**

সূত্র ঃ (১) এনজিআইসি/এইচও/এমভি/ক্লেইম-১২৫/২০১৮-২৩১৬; তারিখঃ ২৭/০৩/২০১৮
(২) ডিজিআইসি/এইচও/ক্লেইমস/০৩/২০১৮-৩৮-১৪৯; তারিখঃ ২৯/০৩/২০১৮

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৮ মার্চ ২০১৮ তারিখে কর্তৃপক্ষ হতে বীমা কর্পোরেশন/লাইফ ও নন-লাইফ বীমা প্রতিষ্ঠানের সকল বীমা চুক্তিপত্র দ্বিভাষিককরণ এবং সর্বস্তরে বাংলা ভাষা ব্যবহার সংক্রান্ত পত্র প্রেরণ করা হয়। তদুপরি লক্ষ্য করা যাচ্ছে, কর্তৃপক্ষের নির্দেশনা অমান্য করে বিভিন্ন বীমা কোম্পানী হতে অত্র কর্তৃপক্ষে দাপ্তরিক পত্রাদি/প্রতিবেদন ইংরেজিতে প্রেরণ করা হচ্ছে। এমতাবস্থায় দাপ্তরিক যোগাযোগের ক্ষেত্রে চিঠিপত্র/প্রতিবেদন বাংলা ভাষায় প্রেরণ করার জন্য পুরনায় নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**ড. মহাঃ বশিরুল আলম**
পরিচালক (যুগ্মসচিব)

**বিষয়ঃ স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস থেকে উত্তরণ পরবর্তীতে বীমা শিল্পের করণীয়' শীর্ষক সেমিনারের কার্যবিবরণী এবং সুপারিশসমূহ।**

সভাপতি ঃ মোঃ শফিকুর রহমান পাটোয়ারী, চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

তরিখ ও সময় ঃ ২৫ মার্চ ২০১৮, রবিবার, বেলা- ০৩.০০ ঘটিকা

সভার স্থান ঃ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এর সভাকক্ষ-১

সেমিনারে উপস্থিতির স্বাক্ষরিত তালিকা সংযোজনী 'পরিশিষ্ট-ক' তে দেখানো হলো।

সেমিনারের শুরুতেই উপস্থিত সকলকে স্বাগত জানান কর্তৃপক্ষের চেয়ারম্যান এবং সেমিনারের সভাপতি জনাব মোঃ শফিকুর রহমান পাটোয়ারি। এসময় তিনি জানান যে, ২০২১-২০২৪ সালের মধ্যে আমরা বিভিন্ন পর্যায় অতিক্রম করে উন্নয়নশীল দেশ থেকে স্বল্পোন্নত দেশে পদার্পন করবো। সরকারের এই অগ্রযাত্রায় অর্থনৈতিক স্থিতিশীলতা সমুন্নত রাখা এবং এর ধারাবাহিকতা বজায় রাখতে বীমা শিল্পের করণীয় বিষয়ে আজকের এ সেমিনার আয়োজন করা হয়েছে। সেমিনারের মূল বক্তা কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক (যুগ্মসচিব) জনাব খলিল আহমদকে তার উপস্থাপনার জন্য আমন্ত্রণ জানান।

নির্বাহী পরিচালক জনাব খলিল আহমদ আলোচ্য বিষয়ের ওপর একটি Power Point Presentation করেন। তিনি বাংলাদেশকে LDC থেকে উত্তরণের ফলে কী কী অসুবিধায় পড়তে হবে সে বিষয়ে প্রথমে আলোকপাত করেন এবং পরবর্তীতে বীমা শিল্পের কী করণীয় সে বিষয়ে বক্তব্য উপস্থাপন করেন। তিনি বলেন, জাতিসংঘের দেয়া মাথাপিছু আয় (GNI), মানবসম্পদ সূচক (HDI) এবং অর্থনৈতিক ঝুঁকি সূচক (EUI) এর নির্ধারিত মাত্রা উত্তরণ করতে পারায় বাংলাদেশকে উন্নয়নশীল দেশ হিসেবে স্বীকৃতি দেয়া হয়েছে। বাংলাদেশ ১৯৭৫ সনে LDC-এর তালিকাভুক্ত হয়। বর্তমানে ৪৭টি দেশ LDC-এর তালিকাভুক্ত আছে।

LDC এর তালিকা থেকে উত্তরণের ফলে বাংলাদেশকে আন্তর্জাতিক বাণিজ্যের ক্ষেত্রে কিছু কিছু সুবিধা বঞ্চিত হতে হবে, বৈদেশিক সাহায্যের মাত্রা কমে যাবে, প্রযুক্তিগত কিছু সুবিধা থেকে বাংলাদেশকে বঞ্চিত হতে হবে। এমনকি পরিবেশ দূষণের ফলে বাংলাদেশের যে ক্ষতি হচ্ছে সেই ক্ষতিপূরণ প্রদানের হারও কমে যাবে। সার্বিক পরিস্থিতি মোকাবেলা করার জন্য বাংলাদেশের বীমা শিল্পের করণীয় সম্পর্কে তিনি আলোচনা করেন।

**সেমিনারে আলোচ্য বিষয়ের সংক্ষিপ্তসার নিম্নরূপঃ**

**বীমা শিল্পের করণীয়সমূহঃ**

* আস্থার সংকট দূর করতে হবে;
* দাবি নিষ্পত্তির হার বাড়াতে হবে;
* বীমা শিল্পে লক্ষ্যমাত্রাভিত্তিক সংস্কার কার্যক্রম বাস্তবায়ন;
* বীমা পেনিট্রেশন, বীমার ঘনত্ব, প্রিমিয়াম আয় বিষয়ে সময়ভিত্তিক লক্ষ্যমাত্রা নির্ধারণ ও অর্জনের সহায়ক গাইডলাইন জারি;
* জীবন বীমার প্রিমিয়াম পর্যালোচনা করে প্রিমিয়াম নির্ধারণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
* বহির্বিশ্বে বীমা সেবা সম্প্রসারণ এবং বিদেশে প্রবাসীসহ বিভিন্ন ক্ষেত্রে বীমা সেবা প্রদানের মাধ্যমে বৈদেশিক মুদ্রা আয়ের পথ সুগম করা;
* বিদেশে দেশীয় বীমাকোম্পানীর শাখা বা এজেন্সি খোলার উদ্যোগ গ্রহণ;
* স্বতন্ত্র পুনঃবীমা প্রতিষ্ঠান সৃষ্টির মাধ্যমে দেশীয় পুনঃবীমা বাজার সম্প্রসারণ এবং পুনঃবীমা প্রিমিয়ামের বহিঃপ্রবাহ হ্রাস;
* মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক বীমার উপকারিতার বিষয় সম্পর্কে জনসচেনেতা বৃদ্ধি করা;
* বীমার সুফল সম্পর্কে গণসচেতনেতা বৃদ্ধির লক্ষ্যে এবং বীমা শিল্পের উন্নয়নের জন্য "জাতীয় বীমা দিবস" পালন;
* বীমা প্রতিষ্ঠানসমূহকে উৎসাহিত করার জন্য বিভিন্ন বিষয়ে (যেমনঃ ট্যাক্স, ভ্যাট, গ্রাহক সেবা, পেশাদারিত্ব ইত্যাদি বিষয় বিবেচনাপূর্বক) Best Practice Award চালু করা;
* বীমা আইন, ২০১০ ও বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০-এর আওতায় সকল বিধি-প্রবিধি প্রণয়ন;
* বীমা আইনের সাথে সাংঘর্ষিক আইনসমূহ পর্যালোচনা করে সংশোধন প্রস্তাব প্রেরণ;
* সরকারি সম্পদের বীমাকরণ, আইনগত বাধ্যবাধকতা আরোপ এবং বীমা আইনে প্রয়োজনীয় সংশোধনের ব্যবস্থা;

* শ্রমনীতি ও আইনের মাধ্যমে প্রবাসী কর্মীসহ সকল শ্রমিকের বীমা নিশ্চিতকরণ;

* বাণিজ্যিক প্রতিষ্ঠানে গ্রুপ বীমা প্রাতিষ্ঠানিকীকরণ এবং দেশে বিভিন্ন প্রতিষ্ঠান নিবন্ধনের সময় গ্রুপ বীমা প্রচলনের বাধ্যবাধকতা আনয়নের পর্যায়ক্রমিক আইনি ও বিধিগত প্রচেষ্টা গ্রহণ;

* বীমার সার্বজনীন আইনি বিস্তৃতি তথা প্রতিটি মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট আইনের কোন ধারায় বীমার বিষয়ে বলা আছে এবং কোন ধারায় বীমাকে বাধ্যতামূলক করার বিষয়টি সংযোজন করা যেতে পারে তার ব্যবস্থা গ্রহণ;

* সাধারণ বীমা কর্পোরেশন ও জীবন বীমা কর্পোরেশনকে বাণিজ্যিকভিত্তিতে পরিচালনা করা এবং বীমা কর্পোরেশন আইন, ১৯৭৩ সংশোধন;

* বিধিমালা প্রণয়ন করা ও বিনিয়োগে অনিয়ম দূর করা এবং বিধি বাস্তবায়নে যথাযথ মনিটরিং করা;

* নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান, সমবায় প্রতিষ্ঠানসহ দেশে যত ধরনের আর্থিক প্রতিষ্ঠান বিভিন্ন নামে ডিপোজিট গ্রহণ করে থাকে তাদের ডিপোজিটের বীমা করার জন্য প্রয়োজনীয় আইনানুগ কাঠামো প্রস্তুত করা;

* বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষকে শক্তিশালীকরণ, নিয়ন্ত্রণকারী সংস্থার পেশাদারিত্ব, পেশাগত বিশেষ যোগ্যতার জন্য বিশেষ ভাতা প্রবর্তন, নিয়োগ পরবর্তীতে দেশে-বিদেশে পর্যাপ্ত প্রশিক্ষণ;

* বীমা শিল্পের মানব সম্পদের উন্নয়ন; বাংলাদেশ ইন্স্যুরেন্স অ্যাকাডেমিকে একটি শক্তিশালী স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে রূপান্তর; বাংলাদেশ ইন্স্যুরেন্স অ্যাকাডেমি কর্তৃক দেশীয় উচ্চমানের বিশ্ববিদ্যালয় বা বিদেশী চার্টার্ড ইন্স্যুরেন্স ইনস্টিটিউট বা বিশ্ববিদ্যালয় এর সাথে যৌথ ব্যবস্থাপনায় অ্যাকচ্যুয়ারিয়াল সায়েন্সসহ বীমা পেশায় বিভিন্ন ডিগ্রী অর্জনের সহায়তাকরণ;

* বীমা শিল্পে পেশাদারিত্ব সৃষ্টির লক্ষ্যে বীমা পেশাজীবীদের সমন্বয়ে বাংলাদেশের চাটার্ড ইন্স্যুরেন্স ইনস্টিটিউট প্রতিষ্ঠা;

* সকল বীমাকারীর জন্য একইরূপ সাংগঠনিক কাঠামোর মডেল তৈরী;

* বীমা প্রতিষ্ঠানগুলোতে একইরূপ চাকরি বিধিমালার মাধ্যমে সুস্পষ্ট কর্মপরিধি সৃষ্টি ও দক্ষ ব্যবস্থাপনা গড়ে তোলা;

* বীমা শিল্পে 'কর্পোরেট গভর্ন্যান্স' চালুর জন্য গাইডলাইন জারি;

* ব্রোকার/ ফাইনান্সিয়াল এসোসিয়েট/ সার্ভেয়ার/ অ্যাডজাস্টারদের দক্ষতা বৃদ্ধি লাইসেন্স প্রদানের ক্ষেত্রে সর্বনিম্ন যোগ্যতা, অভিজ্ঞতা, প্রশিক্ষণের মানদন্ডের ভিত্তিতে লাইসেন্স প্রদানের ব্যবস্থা এবং উপযুক্ত বিধি-প্রবিধি প্রণয়ন ও বাস্তবায়ন;

* বীমা পলিসি বহুমুখীকরণ। (ক) অর্থনৈতিকভাবে উন্নত ও অনুন্নত সকল শ্রেণীর জনগোষ্ঠীর জন্য পেশা বা ব্যবসায়ভিত্তিক পণ্য (Product) বহুমুখীকরণ; প্রতিটি বীমা প্রতিষ্ঠানে গবেষণা সেল স্থাপন;
*অজনপ্রিয় ও অপ্রচলিত জীবন বীমা স্কিম চিহ্নিত এবং বাতিলের নীতিমালা তৈরী ও বাস্তবায়ন;
* ইসলামী বীমা কার্যক্রম পরিচালনার জন্য শরীয়াহ্ভিত্তিক নিয়মতান্ত্রিক ব্যবস্থাপনা নিশ্চিত করা; তাকাফুল হজ্জ ও ওমরাহ বীমা স্কিম চালুর উদ্যোগ গ্রহণ;
* দরিদ্র্য শ্রেণীর জন্য কল্যাণমূক বীমা পলিসি তৈরিতে উৎসাহ প্রদান করা এবং দারিদ্র বিমোচন কর্মসূচীর আওতায় গোষ্ঠী ক্ষুদ্র বীমার ব্যবহার;
* রেলওয়েতে ভ্রমণকারী যাত্রীদের জন্য বীমা সুবিধা চালুকরণ;
* নারীর স্বাস্থ্য ও জীবনকেন্দ্রিক স্বল্প প্রিমিয়ামভিত্তিক বীমা প্রোডাক্ট উদ্ভাবন;
* বেসরকারি সেক্টরে জীবন বীমা কোম্পানী কর্তৃক স্বাধীন (Independent) অ্যানুইয়িটি ও পেনশন স্কিম চালু করার ব্যবস্থা করা;
* জাতীয়ভাবে সামাজিক বীমা কর্মসূচী চালু করা; বার্ধক্য ভাতা বীমা ব্যবস্থার অধীনে নিয়ে আসা;
* বেসরকারি খাতে কর্মরত মালিক ও কর্মচারীদের অংশগ্রহণে বেকারত্ব বীমা প্রবর্তন; এবং
* স্বাস্থ্য বীমা, কৃষি বীমা, ক্যাটেল বীমা, যানবাহন বীমা, রেলওয়ে বীমার প্রচলন করা;
* জাতীয় বীমা নীতি, ২০১৪ এর কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা;
* দ্রুত বীমা দাবি নিষ্পত্তিকরণ;

**উপস্থাপনা শেষে উপস্থিত কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তাগণ নিম্নোক্ত সুপারিশসমূহ তুলে ধরেনঃ**

* আস্থার সংকট দূর করা এবং বীমার প্রতি আত্মবিশ্বাস বাড়াতে হবে;
* Bancasurance চালু করা;
* কর্তৃপক্ষ এবং বীমা কোম্পানীসমূহের মধ্যে Integrated Software বাস্তবায়ন এবং এর মাধ্যমে বীমা কোম্পানীসমূহের কার্যক্রম তত্ত্বাবধান;
* বীমার পেনিট্রেশন বাড়াতে হবে;
* বীমা কোম্পানীসমূহের অনৈতিক ব্যবসাসমূহ বন্ধ করা;
* দেশে বিদ্যমান বীমা পলিসিসমূহ খুব বেশি Traditional, এজন্য নতুন এবং আকর্ষণীয় বীমা পলিসি বীমা কোম্পানীসমূহকে বাজারে নিয়ে আসতে হবে;
* বীমা পলিসি বিক্রির জন্য ডিজিটাল চ্যানেল ব্যবহার করতে হবে।
* বীমা পলিসি বিক্রির জন্য শুধুমাত্র এজেন্ট নির্ভর না হয়ে বহুমুখী চ্যানেল এর মাধ্যমে বীমা পলিসি বিক্রি করতে হবে;

* দেশে একচুয়ারি এর সংখ্যা বাড়াতে উদ্যোগ গ্রহণ;
* বর্তমানে দেশে জীবন ও সম্পদের যে পরিমাণ বীমার আওতাভুক্ত হওয়া প্রয়োজন তা হচ্ছে না, এর জন্য প্রাথমিক পর্যায় হতে বীমা শিক্ষা প্রয়োজন;
* বীমা বিষয়ে উন্মুক্ত সেমিনার আয়োজন;
* NGO কর্মীদের বীমা ব্যবসা বন্ধ করতে হবে;
* সামাজিক এবং ক্ষুদ্র বীমার আওতা বাড়াতে হবে;
* বীমায় নারী কর্মীর সংখ্যা বেশি থাকলেও সিদ্ধান্ত গ্রহণ পর্যায়ে এখনও নারীরা পিছিয়ে আছে, সেখানে কাজ করার সুযোগ সৃষ্টি করতে হবে;
* বীমা কোম্পানীসমূহের নিজস্ব জনবলের দক্ষতা বৃদ্ধিতে আরও যত্নবান হতে হবে;
* বীমা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ এবং ব্যবস্থাপনা পর্ষদের সমন্বয়ে বীমা প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম পরিচালনা করা;
* কর্তৃপক্ষের অনুমতিক্রমে যেমন বীমা প্রতিষ্ঠানের নতুন শাখা খোলা হয় তেমন কর্তৃপক্ষের অনুমোদনক্রমেই শাখা বন্ধ করতে হবে;
* বীমা দাবি নিষ্পত্তির জন্য বীমা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদকে আরও আন্তরিক হতে হবে;
* প্রথম বর্ষ প্রিমিয়াম আয় বাড়াতে হবে;
* পলিসি যাতে ঝরে না যায় সেজন্য বীমা গ্রাহকের সাথে যোগাযোগ বাড়াতে হবে;

কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক (যুগ্মসচিব) ড. শেখ মহঃ রেজাউল ইসলাম বলেন যে, কর্তৃপক্ষের বর্তমান চেয়ারম্যান এবং সদস্যগণ বীমা শিল্পকে আরও শক্তিশালী পর্যায়ে নিয়ে যাওয়ার জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। এখানে আপনাদের সহযোগিতা আমাদের জন্য একান্তভাবে কাম্য।

কর্তৃপক্ষের সদস্য জনাব বোরহান উদ্দিন আহমেদ জানান যে, বীমা শিল্পে যতক্ষণ দক্ষ জনবল সৃষ্টি না হবে ততক্ষণ পর্যন্ত বীমা শিল্প সনাতন পদ্ধতিতেই চলবে। উদাহরণ হিসেবে তিনি উল্লেখ করেন যে, কম্বোডিয়া বীমার অগ্রযাত্রায় এখন মাইলফলক সৃষ্টি করেছে। এই দেশটি বীমার প্রসারে প্রধানত দুইটি বিষয়ের দিকে দৃষ্টি দিয়েছে যথাঃ HRD (Human Resource Development) এবং HRM (Human Resource Management). সুতরাং আমাদের বীমা শিক্ষার প্রতি বিশেষ নজর দিতে হবে। কর্তৃপক্ষের সদস্য জনাব গকুল চাঁদ দাস জানান যে, 'স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস থেকে উত্তরণ পরবর্তীতে বীমা শিল্পের করণীয়' শীর্ষক সেমিনারে বীমা শিল্পের করণীয়সমূহ এবং আপনাদের সুপারিশসমূহ কার্যবিবরণীতে উল্লেখপূর্বক সরকার এবং আপনাদের অবগত করা হবে এবং এ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

পরিশেষে কর্তৃপক্ষের চেয়ারম্যান জনাব মোঃ শফিকুর রহমান পাটোয়ারী বলেন যে, স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস থেকে উত্তরণ বিষয়ে মাননীয় অর্থমন্ত্রী বলেছেন মর্যাদার জন্য কষ্ট করতে হবে। আমাদের অর্জিত মর্যাদা সমুন্নত রাখতে দেশের প্রতিটি সেক্টরের ন্যায় বীমা সেক্টরের নিজস্ব অবদান বাড়াতে সকলের সম্মিলিতভাবে কাজ করতে হবে।

এসময় তিনি গত ২৭ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ অনুষ্ঠিত একনেক সভার সিদ্ধান্ত মোতাবেক মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্য তুলে ধরেন, বীমার কি কি সুবিধা রয়েছে সে বিষয়ে ব্যাপক সচেতনতা সৃষ্টি করতে হবে এবং বীমার টাকা তুলতে গিয়ে মানুষ যাতে হয়রানির শিকার না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। তিনি বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী বীমার প্রচারের জন্য জোর দিতে হবে এবং দ্রুততার সাথে বীমা দাবি নিষ্পত্তি করতে হবে।

উপর্যুক্ত সিদ্ধান্তসমূহ সকলের সম্মিলিত উদ্যোগে বাস্তবায়নে আশ্বাস দিয়ে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শফিকুর রহমান পাটোয়ারী

**চেয়ারম্যান**
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
ও সভার সভাপতি

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০১৭.১৬.০০০.১৮.১২০ তারিখ ঃ ৮ মে ২০১৮

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০১৯.০৬.০১০.১৮.৩৫ তারিখ ঃ ০২ আগস্ট, ২০১৮

**বিষয় ঃ লাইফ বীমা কোম্পানীর পরিচালনা পর্ষদ গঠন প্রসঙ্গে।**

সূত্রঃ ১ম ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বীমাকারী কর্তৃক প্রদত্ত ২০১৮ সালের প্রথম কোয়ার্টারের পরিসংখ্যান থেকে দেখা যায় যে, বীমা আইন, ২০১০ এর ৭৬ ধারার বিধান মোতাবেক পরিচালকের সংখ্যা সর্বোচ্চ ২০ জনের মধ্যে ১২ জন উদ্যেক্তা পরিচালক ও ৬ জন উদ্যেক্তা পরিচালক ও ৬ জন জনগণের অংশের শেয়ার গ্রহীতা পরিচালক এবং ২ জন নিরপেক্ষ পরিচালক নিয়ে বীমা কোম্পানীর পরিচালনা পর্ষদ গঠন করার বাধ্যবাধকতা থাকলেও অধিকাংশ কোম্পানী করেনি, যা অত্র আইনের লংঘন।

এমতাবস্থায় বীমা আইন, ২০১০ এর ৭৬ ধারার বিধান মোতাবেক লাইফ বীমা কোম্পানীর পরিচালনা পর্ষদ গঠন করে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে কর্তৃপক্ষকে অবহিত করার জন্য অনুরোধ করা হল।

**(খলিল আহমদ)**
নির্বাহী পরিচালক (যগ্ম সচিব)

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০৭১.২৭.০২৩.১৮.২০৮ তারিখ ঃ ০১ নভেম্বর, ২০১৮

**বিষয়ঃ বীমা শিল্পে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীর নিয়োগ ও অব্যাহতি প্রসঙ্গে।**

সূত্রঃ কর্তৃপক্ষের স্মারক নং- বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩(৩)/২০১১-২১৬;
তারিখঃ ০৬/০২/২০১৪.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, বীমা শিল্পে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীর নিয়োগ ও অব্যাহতির বিষয়ে শৃঙ্খলা আনয়নের লক্ষ্যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক গত ০৬/০২/২০১৪ তারিখে কর্তৃপক্ষের স্মারক নং-বীঃউঃনিঃকঃ/জিএডি/১০০৩(৩)/ ২০১১-২১৬ এর মাধ্যমে সার্কুলার জারী করা হয় এবং তা সকল বীমা কোম্পানী বরাবর প্রেরণ করা হয়। কিন্তু ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত উক্ত সার্কুলারের নির্দেশ অমান্য করে কোন কোন বীমা কোম্পানী তাদের নিয়োগ প্রক্রিয়া অদ্যবধি চালিয়ে যাচ্ছে। যা কোন ক্রমেই গ্রহণযোগ্য নয়। এতে বীমা শিল্পের সার্বিক কর্মকান্ড স্বাভাবিকভাবে বিঘ্নিত হচ্ছে। এততাবস্থায়, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের জারীকৃত উক্ত সার্কুলারটি যথাযথভাবে অনুসরণ করার জন্য পুনরায় নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

**ফারুক আহম্মেদ**
পরিচালক (যুগ্মসচিব)

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০৩৬.১৬.০০১.১৭.০৬ তারিখ ঃ ১৯ ডিসেম্বর ২০১৮

**বিষয়ঃ জীবন বীমা কোম্পানী/ কর্পোরেশনের ৩১ শে ডিসেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত বীমা ব্যবসায় হিসাব সমাপণ করে নির্ধারিত ছক (Form A, B I C) মোতাবেক কর্তৃপক্ষের নিকট তথ্যাদি দাখিল প্রসঙ্গে।**

জীবন বীমা কোম্পানীসমূহ এবং কর্পোরেশনের ৩১শে ডিসেম্বর, ২০১৭ তারিখ পর্যন্ত ব্যবসার হিসাব সমাপণ করে সংযুক্ত ছক (বীমা ব্যবসার সমাপনী প্রতিবেদন, পত্রের সাথে সংযুক্ত (Form A, B I C) অনুযায়ী উপাত্ত দ্বারা প্রতিবেদন তৈরী করে আগামী ০৮ জানুয়ারি, ২০১৮ তারিখের মধ্যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বরাবর মুখ্য নির্বাহী কর্মকর্তা ও সিএফও কর্তৃক সত্যায়িত করে ৪ (চার) সেট নথি দাখিল করার জন্য বীমা আইন, ২০১০ এর ৪৯ ধারার ক্ষমতাবলে নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে। উক্ত নির্ধারিত তারিখে প্রতিবেদন দাখিল ব্যর্থ হলে বীমা আইন অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২। তাছাড়া ২০১৭ সালে প্রদর্শিত ১ম বর্ষ ব্যবসার বিপরীতে ব্যাংক জমা অবশ্যই ১ লা জানুয়ারী ২০১৮ তারিখের মধ্যে হতে হবে এবং ১লা জানুয়ারি ২০১৮ তারিখের পর প্রদর্শিত ব্যাংক জমা ২০১৮ সালের ব্যবসা হিসেবে গণ্য হবে। এছাড়া প্রথম বর্ষ প্রিমিয়াম আয়ের বিপরীতে কালেকশন ইন হ্যান্ড/ ক্যাশ ইন ট্রানজিট/ কালেকশন কন্ট্রোল এ্যাকাউন্ট/ ব্রাঞ্চ কন্ট্রোল এ্যাকাউন্ট শিরোনামে কোন অর্থ প্রদর্শন করা যাবে না। উপরন্তু ব্যবসায় সমাপনী বিবররণীতে আউটস্ট্যান্ডিং প্রিমিয়াম শিরোনামে (নাবায়ন প্রিমিয়ামের বিপরীতে প্রদর্শন করা হয়) প্রদর্শিত অর্থের যে অংশ উক্ত বিবরণী দাখিলের পর হতে ৩১ জানুয়ারী, ২০১৮ তারিখের মধ্যে আদায় হবে তা উল্লেখপূর্বক বিস্তারিত বিবরণী আগামী ৫ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখের মধ্যে কর্তৃপক্ষ বরাবর দাখিল করতে হবে।

**কামরুল হক মারুফ**
পরিচালক (উপসচিব)

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০৭১.২৭.০১৫.১৮.০২ তারিখ ঃ ০১ জানুয়ারী ২০১৯

**বিষয়ঃ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ঠিকানাসহ প্রয়োজনীয় তথ্যাদি সম্বলিত বিলবোর্ড প্রতিটি উপজেলা কার্যালয়ের সামনে এবং মহাসড়কের দৃশ্যমান জায়গায় স্থাপনের নির্দেশনা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বীমা সম্পর্কে প্রচার বাড়ানো এবং বীমা সেবা সহজীকরণের নিমিত্ত গ্রাহক যেন সহজে বীমা সংক্রান্ত বিভিন্ন তথ্য জানতে এবং প্রয়োজনে যোগাযোগ/অভিযোগ করতে পারে সে জন্য বীমা কোম্পানীসমূহের সহযোগিতায় বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ঠিকানাসহ প্রয়োজনীয় তথ্যাদি সম্বলিত বিলবোর্ড প্রতিটি জেলা/ উপজেলার জনবহুল স্থানে দৃশ্যমান জায়গায় স্থাপনের জন্য কর্তৃপক্ষ সিদ্ধান্ত গ্রহণ করেছে।

০২। এমতাবস্থায়, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ঠিকানাসহ প্রয়োজনীয় তথ্যাদি সম্বলিত বিলবোর্ড (সাইজঃ ১০ফুট x ৫ফুট) কোন জেলা/ উপজেলার জনবহুল স্থানে দৃশ্যমান জায়গায় স্থাপন করতে ইচ্ছুক উক্ত বিষয়ে কোম্পানীর সিদ্ধান্ত আগামী ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষকে অবগত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

**ড. মহাঃ বশিরুল আলম**
পরিচালক (যুগ্মসচিব)

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০১৭.৩৯.০৮৭.১৮.৩৩১ তারিখ ঃ ০২ জানুয়ারী ২০১৯

**বিষয়ঃ আসন্ন বীমা মেলা-২০১৮ উপলক্ষে কোম্পানীর জনপ্রিয় বীমা পরিকল্প (Product) বিষয়ে একটি Video Clip নির্মাণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ও সকল কোম্পানী/ কর্পোরেশনের যৌথ উদ্যোগে আগামী ফেব্রুয়ারী মাসের সম্ভাব্য ১ম সপ্তাহে চট্টগ্রামে অনুষ্ঠিত হবে জাতীয় বীমা মেলা-২০১৮। এ উপলক্ষে জনসাধারণের মাঝে বীমা সম্পর্কে উৎসাহ ও সচেতনতা বৃদ্ধির প্রয়াসে মেলা প্রাঙ্গনে সচিত্র Video প্রদর্শন করা হবে। ইতোমধ্যে আপনাদের কোম্পানী যেসকল বীমা পরিকল্প (Product) বাজারজাত করছে নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণপূর্বক তার একটি Video Clip তৈরী করে আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বরাবর দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলঃ

১) কোম্পানী কর্তৃক বাজারজাতকৃত সবচেয়ে জনপ্রিয় পরিকল্প এর উপর নির্মিত হতে হবে।

২। পরিকল্পটির জনপ্রিয়তার কারণগুলোর বর্ণনা থাকতে হবে।

৩) জনপ্রিয় পরিকল্পে যেসকল সুবিধাদি প্রদান করা হয়ে থাকে সেসকল সুবিধাদির বর্ণনা থাকতে হবে।

৪) Video Clip নির্মাণ কোনক্রমেই ২ (দুই) মিনিটের অধিক সময় হবে না।

**আবুল কাশেম মোহাম্মদ ফজুলল হক**
পরিচালক (উপসচিব)

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০১৯.০৬.০১০.১৮.০১ তারিখ ঃ ০২ জানুয়ারী ২০১৯

**বিষয়ঃ প্রিমিয়াম সংগ্রহ সংক্রান্ত।**

সূত্রঃ ২য় ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরনি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৮ সালে লাইফ ইন্স্যুরেন্স খাতে ১ম কোয়ার্টারে ১৭৩৩ কোটি এবং ২য় কোয়ার্টারে ২০৬০.৫১ কোটি টাকা প্রিমিয়াম অর্থাৎ ৩০ জুন ২০১৮ পর্যন্ত মোট ৩৭৯৩.৫১ কোটি টাকা প্রিমিয়াম সংগৃহীত হয়েছে, যা ২০১৭ সালের তুলনায় ৪৬.১৮% অর্জিত হয়েছে। আবার প্রিমিয়ামের পরিমাণ ১ম কোয়ার্টারের তুলনায় ২য় কোয়ার্টারে ১৮.৯০% বৃদ্ধি পেয়েছে। অপরদিকে নন-লাইফ ইন্স্যুরেন্স খাতে ১ম কোয়ার্টারে ৯২৭ কোটি টাকা এবং ২য় কোয়ার্টারে ৮৭৩.৪৬ কোটি টাকা প্রিমিয়াম অর্থাৎ ৩০ জুন ২০১৮ পর্যন্ত মোট ১৮০০.৪৬ কোটি টাকা প্রিমিয়াম সংগৃহীত হয়েছে। আবার ১ম কোয়ার্টারের প্রিমিয়ামের তুলনায় ২য় কোয়ার্টারে ৫.৭৮% হ্রাস পেয়েছে। তুলন-ামুলকভাবে বিশ্লেষণ করলে গ্রস প্রিমিয়াম সংগ্রহের পরিমাণ সন্তোষজনক নয়।

জাতীয় বীমা নীতি-২০১৪ এ বর্ণিত রয়েছে যে ২০২১ সালের মধ্যে জিডিপিতে বীমার পেনিট্রেশন ৪% অর্জন করতে হবে। লাইফ বীমাকারীকে বর্তমান পরিকল্পের বাজার চাহিদা মূল্যায়নপূর্বক নতুন পরিকল্পের মাধ্যমে বিক্রয় বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে অনুরোধ করা হল।

এ প্রেক্ষাপটে প্রিমিয়াম বৃদ্ধির জন্য প্রয়োজনীয় বাস্তবসম্মত কি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তা জানানোর জন্য সকল বীমাকারীকে অনুরোধ করা হল।

**খলিল আহমদ**
নির্বাহী পরিচালক (যুগ্মসচিব)

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০১৯.০৬.০১০.১৮.০৬ তারিখ ঃ ০২ জানুয়ারী ২০১৯

**বিষয়ঃ লাইফ ও নন-লাইফ বীমা কোম্পানীর পরিচালনা পর্ষদ গঠন প্রসঙ্গে।**

সূত্রঃ ২য় ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বীমাকারী কর্তৃক প্রদত্ত ২০১৮ সালের প্রথম ও দ্বিতীয় কোয়ার্টারের পরিসংখ্যান থেকে দেখা যায় যে, বীমা আইন, ২০১০ এর ৭৬ ধারার বিধান মোতাবেক পরিচালকের সংখ্যা সর্বোচ্চ ২০ জনের মধ্যে ১২জন উদ্যোক্তা পরিচালক ও ৬ জন জনগণের অংশের শেয়ারগ্রহীতা পরিচালক এবং ২ জন নিরপেক্ষ পরিচালক নিয়ে বীমা কোম্পানীর পরিচালনা পর্ষদ গঠন করার বাধ্যবাধকতা থাকলেও অধিকাংশ কোম্পানী তা করেনি, যা বীমা আইনের লঙ্ঘন।

এমতাবস্থায় বীমা আইন, ২০১০ এর ৭৬ ধারার বিধান মোতাবেক লাইফ ও নন-লাইফ বীমা কোম্পানীর পরিচালনা পর্ষদ গঠন করে Registrar of Joint Stock Companies and Firms (RJSC) কর্তৃক প্রত্যায়িত হালনাগাদ Particulars of Directors (FORM XII) এর কপি কর্তৃপক্ষের নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হল।

**খলিল আহমদ**
নির্বাহী পরিচালক (যুগ্মসচিব)

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০১৯.০৬.০১০.১৮.০২ তারিখ ঃ ০২ জানুয়ারী ২০১৯

**বিষয়ঃ লাইফ ও নন-লাইফ ইন্স্যুরেন্স বীমাকারীর ওয়েবসাইটে অনিস্পন্ন বীমা দাবির তথ্য প্রদর্শন সংক্রান্ত।**

সূত্রঃ ২য় ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় বীমা নীতিমালা-২০১৪ এ উল্লেখ রয়েছে যে বীমা সংক্রান্ত তথ্যাদি Public disclosure এর আওতায় নিতে হবে। বাংলাদেশে বীমা দাবি পরিশোধে বীমাকারীদের আন্তরিকতার অভাব থাকায় এবং বীমা আইন, ২০১০ যথাযথ পরিপালন না করার প্রবণতা থাকায় এ শিল্পের প্রতি মানুষের এখনও আস্থার সংকট রয়েছে। বীমা শিল্পের উন্নয়নের জন্য বীমাকারীদের ঐকান্তিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

এ প্রেক্ষাপটে, আগামী ১৫ (পনের) দিনের মধ্যে প্রতিটি বীমাকারী তাদের ওয়েবসাইটে নিম্নোক্ত 'ছক' মোতাবেক অনিস্পন্ন বীমা দাবির প্রতিবেদন প্রতি সপ্তাহের রবিবারে সর্বশেষ হালনাগাদ তথ্য প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবে।

| ক্রমিক নং | পলিসি নম্বর | পলিসি গ্রহণের তারিখ | বীমা দাবি উত্থাপনের তারিখ | দাবির পরিমান | দাবি উত্থাপনের তারিখ হতে অনিস্পন্নের দিনের হিসেব | অনিস্পন্নের কারণ |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

**খলিল আহমদ**
নির্বাহী পরিচালক (যুগ্মসচিব)

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০১৭.১৬.০৭৯.১৮.০৪ তারিখ ঃ ২৪ জানুয়ারী ২০১৯

**বিষয়ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ে Master of Insurance and Risk Management (MIRM) বিষয়ে বীমাকারীর কর্মকর্তাদের ভর্তি প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের পরামর্শ ক্রমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যাংকিং এবং ইন্স্যুরেন্স বিভাগে দেশের লাইফ ও নন-লাইফ বীমা শিল্পে দক্ষ জনশক্তি তৈরীর জন্য Master of Insurance and Risk Management (MIRM) প্রোগ্রাম চালু করা হয়েছে। উক্ত প্রোগ্রামের মাধ্যমে MIRM ডিগ্রী অর্জনকারী কর্মকর্তাগণ দেশের বীমা শিল্পের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে প্রত্যাশা করা যায়। বর্তমানে বীমা শিল্পে উচ্চ শিক্ষিত এবং দক্ষ কর্মকর্তা না থাকায় এ শিল্পের বিকাশ ঘটানো যাচ্ছে না। এ শিল্পের দ্রুত বিকাশের জন্য বীমা বিষয়ক ডিগ্রীধারী কর্মকর্তাদের অবদানের কোন বিকল্প নেই। বীমা শিল্পের উন্নয়নের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় বীমা বিষয়ক বিভাগ চালু করেছে এবং উচ্চতর ডিগ্রী প্রদান করছে।

২। উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে জানানো হয় যে, বর্তমানে MIRM প্রোগ্রমে পরবর্তী সেমিস্টারে ভর্তির প্রক্রিয়া চলমান রয়েছে এবং ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করে দ্রুত ক্লাশ শুরু করা হবে। নিম্নের ঠিকানায় বিস্তারিত তথ্য জানা যাবে।

৩। এমতাবস্থায়, দেশের লাইফ এবং নন-লাইফ বীমা খাতের উন্নয়নে দক্ষ জনশক্তি তৈরীর লক্ষ্যে প্রতিটি বীমাকারী প্রতিষ্ঠানের কর্মকর্তাকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের অধীনে Master of Insurance and Risk Management (MIRM) প্রোগ্রামের প্রতিটি সেমিস্টারে ভর্তির কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

Department of Banking and Insurance, University of Dhaka
Mobiel: +88-01731217020, +88 01766287318
Website: www.fbs-du.com/binweb/

**মোঃ শফিকুর রহমান পাটোয়ারী**
চেয়ারম্যান

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০০৬.৬৯.০৩৬.১৯.১১২ তারিখ ঃ ২৮ জানুয়ারী ২০১৯

**বিষয়ঃ SMS এর মাধ্যমে Notification প্রেরণের নিমিত্তে Unified Messaging Platform (UMP) বাস্তবায়নে বীমা কোম্পানীর করণীয় সম্পর্কে নির্দেশনাবলী।**

বাংলাদেশের প্রেক্ষাপটে বীমা শিল্প অত্যন্ত সম্ভাবনাময় একটি খাত। এ শিল্প রক্ষণাবেক্ষণ, উন্নয়ন, নিয়ন্ত্রণ ও বীমা গ্রাহকগণের স্বার্থ সংরক্ষণের নিমিত্তে অর্থাৎ জাতীয় বীমা নীতি-২০১৪ বাস্তবায়নের লক্ষ্যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বীমা শিল্প উন্নয়নে প্রধান প্রতিবন্ধকতা হিসেবে "স্বচ্ছতা ও আস্থার অভাব" দূরীকরণ অত্যন্ত জরুরি এবং ধাপে ধাপে সর্বস্তরে অটোমেশন বা ডিজিটালাইজেশন সরকারের অন্যতম লক্ষ্য।

সে লক্ষ্যে সম্প্রতি বীমা গ্রাহককে আরও উন্নত সেবা প্রদান, বীমা ব্যবস্থাপনায় স্বচ্ছতা আনয়ন, এজেন্ট কর্তৃক প্রিমিয়াম আহরণে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে বীমা কোম্পানীর আর্থিক অবস্থা সুদৃঢ় করা সর্বোপরি এ শিল্পকে আরও আধুনিকায়ন ও ডিজিটালাইশনের অংশ হিসেবে স্বচ্ছতা ও আস্থা প্রতিষ্ঠা করতে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ SMS এর মাধ্যমে Notification প্রেরণ করার উদ্যোগ গ্রহণ করেছে। বিষয়টির গুরুত্ব অনুধাবন করে প্রত্যেক পলিসির বিপরীতে SMS প্রদান সংক্রান্ত চলমান ব্যয় বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বীমা কোম্পানীসমূহ থেকে আদায়ের বিষয়ে গত ১১/১২/২০১৮ ও ১২/১২/২০১৮ তারিখে বীমা কোম্পানী/ কর্পোরেশনসমূহের মুখ্য নির্বাহী কর্মকর্তাগণের সাথে আলোচনান্তে চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

উক্ত UMP এরে মাধ্যমে প্রত্যেক বীমা গ্রাহককে লেনদেনের SMS প্রদানের মাধ্যমে Notification প্রদান করা হবে। UMP বাস্তবায়নের মাধ্যমে স্বচ্ছতা ও আস্থা অনেকাংশেই প্রতিষ্ঠিত হবে যা দ্বারা বীমা কোম্পানী/ কর্পোরেশনসমূহ সরাসরি উপকৃত হবে। কেন্দ্রীয়ভাবে উক্ত UMP বাস্তবায়নের কারণে বীমা কোম্পানী/ কর্পোরেশনসমূহকে পৃথকভাবে যন্ত্রপাতি স্থাপনের জন্য কোনরূপ খরচ নির্বাহ করতে হবে না বরং বীমা গ্রাহকগণের সাথে যোগাযোগ বাবদ ব্যবস্থাপনা ব্যয় অনেকাংশেই হ্রাস পাবে। উক্ত UMP বাস্তবায়নের ফলে লাইফ বীমাকারীদের তামাদি পলিসির হার উল্লেখযোগ্য হারে হ্রাস পাবে যা বীমা শিল্পের প্রতি সাধারণের আস্থা ব্যাপকভাবে বৃদ্ধি পাবে। ফলশ্রুতিতে বীমা কোম্পানীসমূহের ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জন সহজতর হবে। এ বিষয়ে UMP বাস্তবায়নের নিমিত্তে DOER Services Limited (DOER) এর অনুকূলে কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং যথারীতি UMP বাস্তবায়ন, পরিচালন ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত চুক্তি সম্পাদন করা হয়েছে। এ প্লাটফরমটির মাধ্যমে বীমা গ্রাহকগণকে প্রত্যেক পলিসির বিপরীতে Notification SMS প্রদান করা হবে।

## UMP বাস্তবায়ন ও পরিচালনের ক্ষেত্রে বীমা কোম্পানী/ কর্পোরেশনসমূহের প্রতি নির্দেশনাবলী ঃ

১। প্রত্যেক বীমা কোম্পানী UMP Portal এর মাধ্যমে পলিসি এবং পলিসিহোল্ডার সংক্রান্ত তথ্যাদি (Data) নির্ধারিত ফরম্যাট অনুযায়ী Upload প্রদান নিশ্চিত করবে। ফরম 'ক' ও 'খ' তে এতদসংক্রান্ত data file এর format প্রদান করা হলো।

২। অধিকতর গ্রাহক সেবা এবং বীমা কোম্পানীর উন্নততর কার্যক্রম পরিচালনার নিমিত্তে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ফরম 'ক' ও 'খ' এর পরিবর্তন ও পরিমার্জন করতে পারবে এবং প্রত্যেক বীমা কোম্পানী/ কর্পোরেশন সর্বশেষ ফরম অনুযায়ী তথ্য (data) প্রদান করবে।

৩। বীমা কোম্পানী/ কর্পোরেশনসমূহ বীমা গ্রাহক ও বীমা সংক্রান্ত তামাদি (Lapsed) এবং চালু পলিসির সকল তথ্য প্রদানের নিমিত্তে সকল কার্যক্রম গ্রহণ করবে এবং প্রতিদিন নিয়মিত উল্লেখিত তথ্য প্রদান নিশ্চিত করবে।

৪। UMP Portal এ নির্ধারিত ফরম্যাটে এবং বীমা গ্রাহকের Policy data file এ বীমা গ্রাহকের সঠিক মোবাইল নম্বর ও পলিসি নম্বর বাধ্যতামূলকভাবে প্রদান করবে। বীমাকারী মোবাইল নম্বর ও পলিসি নম্বর এর সঠিকতা নিশ্চিত করবে।

৫। বীমা কোম্পানী/ কর্পোরেশনসমুহ প্রত্যেক বীমা গ্রাহকের সঠিক (Verified) ই-মেইল অ্যাড্রেস (যদি থাকে) প্রদান করবে।

৬। বীমা কোম্পানী/ কর্পোরেশনসমূহ প্রত্যেকটি প্রিমিয়াম আহরণ সংক্রান্ত সকল তথ্য নির্ধারিত data file এর ফরম্যাটে প্রতিদিন upload প্রদান করবে।

৭। UMP তে তথ্য প্রদান ও পরিচালনের জন্য প্রত্যেক বীমা কোম্পানী/ কর্পোরেশন কমপক্ষে ০২ জন তথ্য প্রযুক্তির ব্যবহারিক জ্ঞান সম্পন্ন কর্মকর্তা নিয়োজিত করবে।

৮। প্রত্যেক বীমা কোম্পানী/ কর্পোরেশন এর উক্ত ০২ জন কর্মকর্তা UMP সম্পর্কিত প্রশিক্ষণ গ্রহণ করবে। এক্ষেত্রে কর্মকর্তা মনোনয়ন ফরম পূরণ করত: বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ সমীপে আগামী ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে দাখিল করবে। উল্লেখ্য, উক্ত প্রশিক্ষণের জন্য কোনরূপ ফি গ্রহণ করা হবে না।

৯। বীমা কোম্পানী/ কর্পোরেশনসমূহ প্রতিটি পলিসির বিপরীতে ত্রৈমাসিক ভিত্তিক (প্রতি ০৩ মাসে) ০৮ টাকা হারে প্রথম মাসের ০১ তারিখের মধ্যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এর জ্ঞাতসারে (with intimation to IDRA) DOER Services Limited (DOER) বরাবর পে-অর্ডার অথবা একাউন্ট পে চেক এর মাধ্যমে পরিশোধ করবে।

১০। UMP এর মাধ্যমে প্রদেয় সকল সেবা সম্পর্কে বীমা কোম্পানী/ কর্পোরেশনসমূহ বীমা গ্রাহককে নোটিশবোর্ড, পোস্টার, বিলবোর্ড, ওয়েবসাইট বা অন্য কোন চ্যানেলের মাধ্যমে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কার্যাক্রম গ্রহণ করবে।

১১। বীমা কোম্পানী/ কর্পোরেশনসমূহের উল্লেখিত নির্দেশনাবলী অনুসরণ ও পরিপালনে অবহেলা ও ব্যর্থতা পরিলক্ষিত হলে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বীমা আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করবে।

১২। Data file এর format, data upload সংক্রান্ত যে কোন তথ্য জানতে নিম্নোক্ত মোবাইল নম্বরে যোগাযোগ করুন-
মো: মকুল আরফান ডিটো,
মোবাইল ঃ +৮৮ ০১৮৪৪০৭৪০৩৩

এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ
(১) ফর্ম ক;
(২) ফর্ম খ;
(৩) Training Request Form

**খলিল আহমদ**
নির্বাহী পরিচালক (যুগ্মসচিব)

| Photo (Passport size) Attested by DM/ MD |
|---|

## TRAINING (USER CREATION) REQUEST FORM FOR UMP

Name of Project : Unified Messaging Platform (UMP)

| | | | |
|---|---|---|---|
| Name of Company | : | | |
| Name of User | : | | |
| Father's Name | : | | |
| Designation | : | | Department: |
| Sign-up Date | : | | Employee ID No: (Optional) |
| National ID No. | : | | Date of Birth: |
| Mobile No. | : | 1. | 2. |
| Email | : | | |

| | | |
|---|---|---|
| USER RIGHT: (Put √ Mark) | View ☐ | Print ☐ |
| | Modification ☐ | |

**DECLARATION:**

I hereby declare that I have never been assigned a User Credential (User-name, Password, Biometric etc.) by IDRA to login to the Unified Messaging Platform. I will periodically change my password and will always keep my password confidential. I agree to never allow any other person to login to Unified Messaging Platform with my user credentials. I also agree not to login with user credentials assigned to other individuals by IDRA. I agree to take responsibilities if any fraudulent incidence is indentified due to my mishandling of my user credentials; I have already signed a declaration form in this regard.

DMD/MD
(Signature with seal & Date)

User
(Signature with seal & Date)

| | | | |
|---|---|---|---|
| Attached Document (Put √ Mark) | ☐ National ID | ☐ Passport | ☐ Driving License |
| | ☐ Office ID | ☐ Business Card | ☐ Others |

*Please enclose the photocopy of your documents with this form.

UMP

Form-Kha-Premium Collection

File format: csv (Comma delimited value)

| Policy Number | Amount Received | Received Date | Agent ID | Collecting Branch | Servicing Branch |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| Column Name | Date Type | |
|---|---|---|
| Policy Number | Text | Unique |
| Amount Received | Number | |
| Received Date | Date | |
| Agent ID | Text | |
| Collecting Branch | Text | |
| Servicing Branch | Text | |

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০১৭.১৬.০০৩.১৯.১৩১ তারিখ ঃ ১৬ মে ২০১৯

**বিষয়ঃ বীমা শিল্পের গতিশীলতা বৃদ্ধি ও এ শিল্পের নেতিবাচক ভাবমূর্তি দূরীকরণের লক্ষ্যে বীমা বিষয়ক আন্তর্জাতিকভাবে স্বীকৃত পেশাগত ACII ডিগ্রী মূল্যায়ন সংক্রান্ত ।**

সূত্রঃ বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমির স্মারক নং-বাইএ/প্রশা/৩০/২০১৯/৭৪১; তারিখঃ ১৬/০৪/২০১৯

০১. উপর্যুক্ত বিষয় এবং সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বীমা শিল্পে দক্ষ পেশাজীবী গড়ে তোলার লক্ষ্যে ACII ডিগ্রি খুবই গুরুত্বপূর্ণ, যা আন্তর্জাতিকভাবে স্বীকৃত একটি পেশাগত ডিগ্রি এবং বীমা ব্যবস্থাপনার উপর পূর্নাঙ্গ জ্ঞান আহরণের জন্য উক্ত ডিগ্রির কোন বিকল্প নেই। Chartered Insurance Institute এর ACII কোর্সের পরীক্ষা পূর্বে ব্রিটিশ কাউন্সিল, ঢাকাতে অনুষ্ঠিত হলেও বর্তমানে কোর্সটির পরীক্ষাসহ সকল কার্যক্রম বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমিতে হচ্ছে।

০২. উল্লেখ্য/বীমা শিল্পে দক্ষ জনশক্তি তৈরিতে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক ACII ডিগ্রিধারীদের জন্য মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসেবে একটি বীমা প্রতিষ্ঠানে নিয়োগের জন্য তিন বছরের অভিজ্ঞতা শিথিল করা হয়েছে। এছাড়াও একাডেমি কর্তৃক ACII ডিগ্রিধারীদের  জন্য বিশেষ প্রণোদনার প্রস্তাব দেওয়া হয়েছে, যা পরিপালন করা হলে বীমা শিল্পে দক্ষ জনবলকে সম্পৃক্ত করা সম্ভব হবে।

০৩. এমতাবস্থায়, বাংলদেশ ইনসিওরেন্স একাডেমির মাধ্যমে পরিচালিত বীমা বিষয়ক ACII কোর্সটিতে প্রতিবছরে আপনার প্রতিষ্ঠানে কর্মরত কমপক্ষে একজনকে মনোনীত করে এই ডিগ্রি অর্জনের ব্যয়ভার বহন গ্রহণের সুপারিশ করা হলো। একই সাথে আপনার কোম্পানীতে ইতোমধ্যে যারা ACII ডিগ্রিধারী রয়েছেন তাদের জন্য বিশেষ প্রণোদনা প্রদানের বিষয়টি বিবেচনায় নেওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**আবুল কাশেম মোহাম্মদ ফজলুল হক**
পরিচালক (উপসচিব)

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০১৭.২৩.০০২.১৯.১৩৫ তারিখ ঃ ১৯ মে ২০১৯

**বিষয়ঃ বাংলাদেশ বীমা শিল্পকে জনপ্রিয় করার উদ্দেশ্যে নতুন উদ্ভাবনী পরিকল্প প্রচলন।**

উপর্যুক্ত বিষয়ে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশের অধিকাংশ জনসাধারণ এখনও বীমা সেবার আওতায় আসেনি। জাতীয় বীমা নীতি-২০১৪ এ বাংলাদেশের সকল জনসাধারণকে বীমা সেবার আওতায় নিয়ে আসার একটি রূপকল্প নির্ধারণ করা হয়েছে। প্রচলিত বীমা পরিকল্পসমূহের সুযোগ সুবিধা বা প্রচারের অভাব এবং এ শিল্পের প্রতি জনসাধারণের আস্থার অভাব থাকায় শিল্পটি বিকাশ হচ্ছে না। এ কারণেই উদ্ভাবনী পরিকল্প ছাড়া এ শিল্পের বিকাশ ঘটানো সম্ভব নয়। বিভিন্ন দেশের জনপ্রিয় বীমা পরিকল্পসমূহ পরীক্ষা নিরীক্ষা করে বাংলাদেশের জন্য প্রযোজ্য উদ্ভাবনী পরিকল্প প্রণয়ন করা আবশ্যক। একমাত্র উদ্ভাবনী বীমা পরিকল্পই পারবে জান ও মালের ঝুঁকি প্রশমন করতে।

উল্লেখ্য, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বীমা পরিবারের একজন সদস্য ছিলেন। ২০২০ সালে জাতির পিতার জন্মশতবার্ষিকী পালন করা হবে। এ জন্মশতবার্ষিকী উপলক্ষে উদ্ভাবনী বীমা পরিকল্পসমূহ তৈরি করে জনগণের জান ও মালের ঝুঁকি প্রশমনের নিমিত্ত প্রণয়ন করার উদ্যোগ গ্রহণ করা হবে।

এমতাবস্থায়, জাতীয় বীমা নীতির রূপকল্প বাস্তবায়নে জনগণের জান ও মালের ঝুঁকি প্রশমনের নিমিত্ত উদ্ভাবনী বীমা পরিকল্প তৈরি করে আগামী ১৫ দিনের মধ্যে কর্তৃপক্ষের নিকট দাখিল করার জন্য সকল লাইফ ও নন-লাইফ বীমাকারীকে অনুরোধ করা হল।

**খলিল আহমদ**
নির্বাহী পরিচালক (প্রশাসন)

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০১৭.১৬.০৭৯.১৮.১৭৬ তারিখ ঃ ১৫ জুলাই ২০১৯

**বিষয়ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ে Master of Insurance and Risk Management (MIRM) বিষয়ে বীমাকারীর কর্মকর্তাদের ভর্তি প্রসঙ্গে।**

সূত্র: কর্তৃপক্ষের স্মারক নং-৫৩.০৩.০০০০.০১৭.১৬.০৭৯.১৮.০৪; তারিখ: ২৪ জানুয়ারী ২০১৯

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের পরামর্শক্রমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যাংকিং এবং ইন্স্যুরেন্স বিভাগে দেশের লাইফ ও নন-লাইফ বীমা শিল্পে দক্ষ জনশক্তি তৈরীর জন্য Master of Insurance and Risk Management (MIRM) প্রোগ্রাম চালু করা হয়েছে। উক্ত প্রোগ্রামের মাধ্যমে MIRM ডিগ্রী অর্জনকারী কর্মকর্তাগণ দেশের বীমা শিল্পের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে প্রত্যাশা করা যায়। বর্তমানে বীমা শিল্পে উচ্চ শিক্ষিত এবং দক্ষ কর্মকর্তা না থাকায় এ শিল্পের বিকাশ ঘটানো যাচ্ছে না। এ শিল্পের দ্রুত বিকাশের জন্য বীমা বিষয়ক ডিগ্রীধারী কর্মকর্তাদের অবদানের কোন বিকল্প নেই। বীমা শিল্পের উন্নয়নের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় বীমা বিষয়ক বিভাগ চালু করেছে এবং উচ্চতর ডিগ্রী প্রদান করছে। সূত্রে বর্ণিত পত্রের মধ্যমে প্রতিটি বীমাকারী প্রতিষ্ঠানের কর্মকর্তাকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগে MIRM প্রোগ্রামে ভর্তির অনুরোধ জানানো হয়েছিল।

২. উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে জানানো হয় যে, বর্তমানে MIRM প্রোগ্রামে পরবর্তী সেমিস্টারে ভর্তির প্রক্রিয়া চলমান রয়েছে এবং ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করে দ্রুত ক্লাশ শুরু করা হবে। নিম্নের ঠিকানায় বিস্তারিত তথ্য জানা যাবে।

৩. এমতাবস্থায়, দেশের লাইফ এবং নন-লাইফ বীমা খাতের উন্নয়নে দক্ষ জনশক্তি তৈরীর লক্ষ্যে প্রতিটি বীমাকারী প্রতিষ্ঠানের কর্মকর্তাকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের অধীনে Master of Insurance and Risk Management (MIRM) প্রোগ্রামের প্রতিটি সেমিস্টারে ভর্তির কার্যক্রম গ্রহণ করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

৪. আগামী ২৫ জুলাই ২০১৯ তারিখের মধ্যে আপনার কোম্পানীর কতজন উক্ত প্রোগ্রামে ভর্তি হয়েছে তা নিম্নোক্ত ছকে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো। এখনও যে সকল কোম্পানী তাদের কর্মকর্তাদের ভর্তি করেনি তাদেরকে অবিলম্বে ভর্তির ব্যবস্থা করে কর্তৃপক্ষকে আগামী ১৪ আগস্ট ২০১৯ তারিখের মধ্যে অবগত করার জন্য অনুরোধ করা হলো।

| কোম্পানীর নাম | কর্মকর্তাদের নাম, পদবী ও মোবাইল নম্বর | কোর্সে ভর্তির তারিখ |
|---|---|---|
| | | |

**মোঃ শফিকুর রহমান পাটোয়ারী**
চেয়ারম্যান

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০৭১.২৭.০২১.১৯.১২৪ তারিখ ঃ ১৮ আগস্ট ২০১৯

**বিষয় ঃ বীমা কোম্পানীসমূহের পলিসি পত্র/ কভার নোটে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ঠিকানা সম্বলিত সীল সংযুক্তকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বীমা সম্পর্কে প্রচার বাড়ানো এবং বীমা সেবা সহজীকরণের নিমিত্ত গ্রাহক যেন সহজে বীমা সংক্রান্ত বিভিন্ন তথ্য জানতে পারে এবং বীমা বিষয়ক অভিযোগ দাখিলের জন্য বীমা কোম্পানীসমূহের পলিসি পত্র/ কভার নোটে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ঠিকানা সম্বলিত সীল লাগানোর বিষয়ে কর্তৃপক্ষের ২২তম সমন্বয় সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০২। এমতাবস্থায়, বীমা বিষয়ক অভিযোগ দাখিলের জন্য বীমা কোম্পানিসমুহের পলিসি পত্র/কভার নোটে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ঠিকানা সম্বলিত সীল লাগানোর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে গৃহীত পদক্ষেপ (পলিসি পত্র/ কভার নোটের নমুনাসহ) আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কর্তৃপক্ষকে অবগত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।
বিষয়টি অতীব জরুরী

**মোঃ ছিদ্দিকুর রহমান**
পরিচালক (যুগ্মসচিব)

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০১৭.১০.০০১.১৯.১৯৯ তারিখ ঃ ২০ আগস্ট ২০১৯

**বিষয় ঃ বীমাকারীর কার্যালয়ে কলসেন্টার স্থাপন প্রসঙ্গে।**

সূত্রঃ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের স্মারক নং-৫৩.০৩.০০০০.০৭৫.২২.০১৪.১৮.১৮২; তারিখঃ ১৮ জুলাই ২০১৯

উপর্যুক্ত বিষয় এবং স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক গত ১৮ জুলাই ২০১৯ তারিখ ৫৩.০৩.০০০০.০৭৫.২২.০১৪.১৮.১৮২ স্মারকমূলে জারীকৃত সার্কুলার নং জিএডি-২/২০১৯ এর মাধ্যমে স্ব-স্ব বীমা প্রতিষ্ঠানে একটি হটলাইন নম্বর সংগ্রহপূর্বক কলসেন্টার স্থাপন করার নির্দেশনা প্রদান করা হয়েছিল। কল সেন্টার স্থাপনে কিছু প্রতিবন্ধকতা সৃষ্টি হওয়ায় সার্কুলার নং জিএডি-২/২০১৯ এর আলোকে বীমা প্রতিষ্ঠানের স্ব-স্ব কার্যালয়ে কল সেন্টার স্থাপনে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলোঃ

(ক) স্ব-স্ব বীমা প্রতিষ্ঠানে কল সেন্টার স্থাপনে হটলাইন নম্বরটি যে কোন অপারে-টরের নম্বর হতে পারে এবং এই নম্বরটি শুধুমাত্র উক্ত বীমা প্রতিষ্ঠানের হটলাাইন নম্বর ব্যতিত অন্য কোন কাজে ব্যবহৃত হবে না।

(খ) কল সেন্টারের জন্য স্ব স্ব বীমা প্রতিষ্ঠান প্রযোজ্য ক্ষেত্রে এক বা একাধিক অভিজ্ঞতা সম্পন্ন লোকবল নিয়োগ করতে পারবে কিংবা বীমা প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ লোকবল এ দায়িত্বে পৃথকভাবে নিয়োজিত থাকবে।

(গ) স্ব স্ব বীমা প্রতিষ্ঠান কর্তৃক তার দপ্তরের হটলাইন নম্বরটি সংবাদপত্রে গণবিজ্ঞপ্তি আকারে প্রকাশ করবে।

(ঘ) কল সেন্টারে আগত কলের বিবরণী সংক্ষিপ্তাকারে লিপিবদ্ধ রাখতে হবে এবং গৃহীত ব্যবস্থা মাসিকভিত্তিতে প্রতিবেদনের মাধ্যমে কর্তৃপক্ষ কে অবহিত করতে হবে।

উপরোক্ত উদ্যোগ গ্রহণ করতঃ আগামী ১৫ সেপ্টেম্বর, ২০১৯ তারিখের মধ্যে অত্র কর্তৃপক্ষকে প্রমাণসহ অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

**কামরুল হক মারূফ**
পরিচালক (প্রশাসন)

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০১৭.০৬.০০২.১৯.২০৬ তারিখ ঃ ২৭ আগস্ট ২০১৯

**বিষয় ঃ দেশের বহুতল ভবনসমূহ বীমার আওতায় আনয়ন প্রসঙ্গে।**

দেশের রাজধানী ঢাকাসহ বিভিন্ন মহানগরীতে ব্যাপক উন্নয়ন কর্মকান্ডের ফলে ক্রমান্বয়ে বহুতল ভবনের সংখ্যাধিক্য পরিলক্ষিত হচ্ছে। এর ফলে বিভিন্ন ঝুঁকির আশংকাও বৃদ্ধি পাচ্ছে। এছাড়া কিছু কিছু ভবনে বৈদ্যুতিক শর্ট সার্কিট হতে অগ্নিকান্ডের ফলে ব্যাপক সম্পদহানির ঘটনাও জানা যাচ্ছে। ভূমিকম্প ও অগ্নিকান্ডের কারণে সম্পদ ও প্রাণহানীর আশঙ্কা সকল সময়েই বিদ্যমান থাকে। উল্লেখ্য, ভূতাত্ত্বিক কারণে রাজধানী ঢাকাসহ বাংলাদেশের বিশাল এলাকা ভূমিকম্পের জন্য ঝুঁকিপ্রবণ এলাকা হিসেবে পরিগণিত হয়। বড় ধরণের ভূমিকম্প হলে বিশাল অর্থনৈতিক ক্ষতি হবে। এ ধরনের পরিস্থিতি মোকাবিলায় ইন্স্যুরেন্স একটি বিকল্প হতে পারে। ইন্স্যুরেন্স ও রিইন্স্যুরেন্সের মাধ্যমে দেশী ও বিদেশী বীমাকারীর পক্ষে আর্থিক ক্ষতিপূরণ দেওয়া সম্ভব হবে।

এ অবস্থার পরিপ্রেক্ষিতে মাননীয় অর্থমন্ত্রী অগ্নিকান্ড, ভূমিকম্পসহ বিবিধ ঝুঁকি এবং ব্যক্তি প্রতিষ্ঠানের আর্থিক ক্ষতি হ্রাসের লক্ষ্যে সকল সরকারি ও বেসরকারি বহুতল বিশিষ্ট ভবনসমূহ বীমার আওতায় আনয়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেছেন। এতে দেশের বহুতল ভবনসমূহের মালিকগণ অগ্নিকান্ড ও ভূমিকম্পসহ বড় ধরনের দুর্যোগ/ দুর্ঘটনায় অর্থনৈতিকভাবে উপকৃত হবেন। পাশাপাশি দুর্ঘটনা পরবর্তী ক্ষতিগ্রস্ত ব্যক্তি ও সম্পদ বীমার আওতায় থাকার কারণে সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানে আর্থিক নিরাপত্তা নিশ্চিত হবে।

এমতাবস্থায়, অর্থনীতির উপর বিরূপ পরিস্থিতি মোকাবেলার নিমিত্ত দেশব্যাপী সরকাররি -বেসরকারি বহুতলবিশিষ্ট ভবনসমূহের বীমা করার ক্ষেত্রে নিম্নোক্ত পদক্ষেপসমূহ গ্রহণ করা যেতে পারে:

(ক) সকল লাইফ ও নন-লাইফ বীমা প্রতিষ্ঠানের নিজস্ব অফিস ভবন বা ভাড়াকৃত ভবনটির বীমা করা;

(খ) দেশব্যাপী সকল লাইফ ও নন-লাইফ বীমা প্রতিষ্ঠানের শাখা অফিসসমূহ যেখানে রয়েছে সেই ভবনটির বীমা করা;

(গ) সকল লাইফ ও নন-লাইফ বীমা প্রতিষ্ঠানের নতুন শাখা কার্যালয়ের ভাড়া চুক্তি করার পূর্বে সেই ভবনটি বীমা করা না থাকলে ভবনটির বীমা করণের ব্যবস্থা করা বা বীমা করা না থাকলে ভাড়া চুক্তি না করা;

(ঘ) এছাড়া সরকারি ও বেসরকারি বহুতল বিশিষ্ট ভবনসমূহ এবং ছোট-বড় শিল্প কলকারখানা বীমার আওতায় আনয়নের জন্য নন-লাইফ বীমা প্রতিষ্ঠান কর্তৃক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা;

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**গকুল চাঁদ দাস**
সদস্য (প্রশাসন)

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০১৭.১৬.০০৩.১৯.২৩৭ তারিখ ঃ ০১ অক্টোবর ২০১৯

**বিষয়ঃ বীমা শিল্পের গতিশীলতা বৃদ্ধি ও এ শিল্পের নেতিবাচক ভাবমূর্তি দূরীকরণের লক্ষ্যে বীমা বিষয়ক পেশাগত ডিপ্লোমার মূল্যায়ন প্রসঙ্গে।**

সূত্রঃ বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমির স্মারক নং-বাইএ/প্রশা/৩০/২০১৭/৪৫৩; তারিখঃ ১১/০৮/২০১৮

(২) আর্থিক প্রতিষ্ঠান বিভাগের স্মারক নং-৫৩.০০.০০০০.৪১১.৯৯.০০৭.১৮-৬১; তারিখঃ ১১/০৮/২০১৮

(৩) কর্তৃপক্ষের স্মারক নং-৫৩.০৩.০০০০.০১৬.০৬.০০২.১৯.১৬; তারিখঃ ২১/০৮/২০১৯

উপর্যুক্ত বিষয় এবং সূত্রক্ত স্মারকসমূহের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি এর "পোস্ট গ্রাজুয়েশন ডিপ্লোমা" কোর্সে মানবসম্পদ ব্যবস্থাপনা, বিপণন ব্যবস্থাপনা, বীমার মৌলিক বিষয়সমূহ যথাঃ অগ্নি, নৌ, মটর, সম্পদ, ইঞ্জিনিয়ারিং, জীবন বীমা, অবলিখন, দাবি, পুনঃবীমাসহ বীমার বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় অন্তর্ভুক্ত রয়েছে। যা বীমা শিল্পে দক্ষ পেশাজীবী গড়ে তুলবে এবং বীমা কোম্পানীসমূহ কর্তৃক ডিপ্লোমাধারীদের বিশেষ প্রণোদনা প্রদান করলে এ পেশায় নিয়োজিতদের মধ্যে বীমা বিষয়ে জ্ঞান অর্জনে আগ্রহ এবং চাহিদা বৃদ্ধি পাবে।

০২। এমতাবস্থায়, আপনার বীমা প্রতিষ্ঠানের কর্মরত যে সকল কর্মকর্তা বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি হতে পোস্ট গ্রাজুয়েশন ডিপ্লোমাধারী তাদের অতিরিক্ত ইনক্রিমেন্ট প্রদান এবং পদোন্নতির ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একইসঙ্গে এই সংক্রান্ত আপনার প্রতিষ্ঠানের গৃহীত ব্যবস্থা এবং তার প্রতিপালন প্রতিবেদন আগামী ৩১ অক্টোবর ২০১৯ তারিখের মধ্যে কর্তৃপক্ষ বরাবর প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।

**কামরুল হক মারূফ**
পরিচালক (প্রশাসন)

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০১৯.৪২.০০৬.১৮.৬৪ তারিখ ঃ ১০ অক্টোবর ২০১৯

**বিষয় ঃ বীমাকারীর সকল কর্মকর্তা-কর্মচারী এবং এজেন্টদের পেনশন বীমা ও গ্রুপ বীমার আওতাভুক্তকরণের নির্দেশনা।**

বাংলাদেশে বীমা ব্যবসা সংগ্রহের একমাত্র চ্যানেল হিসেবে এজেন্ট, ইউনিট ম্যানেজার এবং ব্রাঞ্চ ম্যানেজার কাজ করে থাকে। এই এজেন্ট এর মধ্যে অধিকাংশই প্রণোদনার অভাবসহ বিভিন্ন কারণে ঝরে পড়ে। ঝরে পড়ার হার অত্যধিক হওয়ার কারণে লাইফ বীমাখাতে তামাদি পলিসির সংখ্যা অস্বাভাবিক হারে বৃদ্ধি পাচ্ছে। প্রতিটি লাইফ বীমাকারীর জন্য তামাদি পলিসির সংখ্যা কমিয়ে আনা একটি বড় ধরনের চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। বাংলাদেশের বীমা শিল্পের উন্নয়নের জন্য এই বীমা শিল্পে তাদের ধরে রাখতে অবিলম্বে প্রত্যেকের জন্য পেনশন বীমা এবং গ্রুপ বীমা বাধ্যতামূলক করলে একটি ইতিবাচক ফলাফল পাওয়া যেতে পারে। এছাড়া বীমাকারীর সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীর পেনশন বীমা এবং গ্রুপ বীমা বাধ্যতামূলক করতে হবে। এ বিষয়ে প্রতিটি বীমাকারীকে তাদের জনবলের মনোবল বৃদ্ধি এবং এজেন্টের ঝরে পড়ার হার কমাতে সহযোগিতার হাত বাড়াতে হবে।

এ প্রেক্ষাপটে, আগামী ৩০ অক্টোবর ২০১৯ তারিখের মধ্যে সকল লাইফ বীমাকারীকে তাদের প্রতিষ্ঠানের এজেন্টসহ সকল কর্মকর্তা/কর্মচারীকে পেনশন বীমা এবং গ্রুপ বীমার আওতাভুক্ত করার নির্দেশনা প্রদান করা হলো। বীমাকারী তাদের জনবলের গ্রুপ বীমা এবং পেনশন বীমায় আওতাভুক্ত করে তথ্য নিম্নলিখিত ছকে পূরণপূর্বক আগামী ১৫ নভেম্বর ২০১৯ তারিখের মধ্যে সফট কপি (ই-মেইল: idra.pr.bd@gmail.com ও ikhtiar.h.khan@gmail.com) এবং হার্ডকপি কর্তৃপক্ষে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

ছক

বীমাকারী প্রতিষ্ঠানের নাম:

| ক্র: নং: | জনবলের ধরণ এবং সংখ্যা | পেনশন বীমাভুক্তির সংখ্যা | পেনশন বীমা ভুক্তি শতকরা হার | গ্রুপ বীমাভুক্তি সংখ্যা | গ্রুপ বীমাভুক্তির শতকরা হার |
|---|---|---|---|---|---|
| ১. | এজেন্ট | | | | |
| ২. | ইউনিট ম্যানেজার | | | | |
| ৩. | ব্রাঞ্চ ম্যানেজার | | | | |
| ৪. | প্রধান কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারী | | | | |
| ৫. | শাখা কার্যালয় কর্মরত কর্মকর্তা-কর্মচারী | | | | |
| ৬. | সার্ভিস সেলের জনবল | | | | |

**খলিল আহমদ**
নির্বাহী পরিচালক (যুগ্মসচিব)

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০১৯.৪২.০০৬.১৮.৬৬ তারিখ ঃ ১০ অক্টোবর ২০১৯

**বিষয়ঃ বীমাকারীর চেয়ারম্যান, পরিচালক, পরামর্শক, প্রধান কার্যালয় এবং শাখা কার্যালয়ের সকল কর্মকর্তার তালিকা স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণের নির্দেশনা।**

বীমা শিল্পে বীমাকারীর স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে এ শিল্পে নিয়োজিত জনবলের একটি স্বচ্ছ তালিকা (ছবিসহ) বীমাকারীর স্ব স্ব ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে। উল্লেখ্য, কর্তৃপক্ষের নিকট হতে নির্দেশনার পরিপ্রেক্ষিতে বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের তালিকা বীমাকারী কর্তৃপক্ষে প্রেরণ করেছিল।

এ প্রেক্ষাপটে, আগামী ৩০ অক্টোবর ২০১৯ তারিখের মধ্যে সকল বীমাকারীকে প্রতিষ্ঠানের সকল কর্মকর্তার তালিকা নিম্ন ছক মোতাবেক তাদের নিজস্ব ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

ছক

বীমাকারী প্রতিষ্ঠানের নাম:

| ক্রমিক নম্বর | চেয়ারম্যান/পরিচালক/উপদেষ্টা/পরামর্শক/কর্মকর্তার নাম (ছবিসহ) | পদবি | প্রধান কার্যালয়/শাখা কার্যালয় | দায়িত্বপ্রাপ্ত শাখা/বিভাগ | মোবাইল নম্বর | ই-মেইল ঠিকানা |
|---|---|---|---|---|---|---|
| ১. | | | | | | |
| ২. | | | | | | |
| ৩. | | | | | | |
| ৪. | | | | | | |
| ৫. | | | | | | |
| ৬. | | | | | | |

**খলিল আহমদ**
নির্বাহী পরিচালক (যুগ্মসচিব)

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০১৯.৪২.০০৬.১৮.৬৫ তারিখ ঃ ১০ অক্টোবর ২০১৯

**বিষয়ঃ বীমাকারীর এজেন্টদের হালনাগাদ তথ্য ওয়েবসাইটে আপলোডকরণ বিষয়ে নির্দেশনা।**

বীমা শিল্পে বীমাকারীর স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে এ শিল্পে নিয়োজিত এজেন্টদের একটি স্বচ্ছ তালিকা বীমাকারীর ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে। উল্লেখ্য, কর্তৃপক্ষের হতে গত ২৮ মে ২০১৯ তারিখের নির্দেশনা মোতাবেক বীমাকারীসমূহ তাদের এজেন্টের তালিকা কর্তৃপক্ষের বরাবর প্রেরণ করেছে। নিম্নলিখিত ছক মোতাবেক ৩০ অক্টোবর ২০১৯ তারিখের মধ্যে বীমাকারীর স্ব স্ব ওয়েবসাইটে হালনাগাদ তথ্য আপলোড করার নির্দেশনা দেয়া হলো। এজেন্টদের ছবি এবং তাদের লাইসেন্সের স্ক্যান কপি ওয়েবসাইটে আপলোড করতে হবে।